

উপক্রমণিকা

মহান দেশনায়ক সুভাষচন্দ্র বসুর নামাঙ্কিত এই মুক্ত বিশ্ববিদ্যালয়ের উন্মুক্ত শিক্ষাঙ্গনে আপনাকে স্বাগত। সম্প্রতি এই প্রতিষ্ঠান দেশের সর্বপ্রথম রাজ্য সরকারি মুক্ত বিশ্ববিদ্যালয় হিসেবে ন্যাক (NAAC) মূল্যায়নে 'এ'-গ্রেড প্রাপ্ত হয়েছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন প্রকাশিত নির্দেশনামায় স্নাতক শিক্ষাক্রমকে পাঁচটি পৃথক প্রকরণে বিন্যস্ত করার কথা বলা হয়েছে। এগুলি হল—'কোর কোর্স', 'ডিসিপ্লিন স্পেসিফিক ইলেকটিভ', 'জেনেরিক ইলেকটিভ' এবং 'স্কিল'/ 'এবিলিটি এনহ্যান্সমেন্ট কোর্স'। ক্রেডিট পদ্ধতির উপর ভিত্তি করে বিন্যস্ত এই পাঠক্রম শিক্ষার্থীর সামনে নির্বাচনাত্মক পাঠক্রমে পাঠ গ্রহণের সুবিধে এনে দেবে। এরই সঙ্গে যুক্ত হয়েছে যান্মাষিক মূল্যায়ন ব্যবস্থা এবং ক্রেডিট ট্রান্সফারের সুবিধা। শিক্ষার্থী-কেন্দ্রিক এই ব্যবস্থা মূলত গ্রেড-ভিত্তিক যা অবিচ্ছিন্ন আন্তরীণ মূল্যায়নের মধ্য দিয়ে সার্বিক মূল্যায়নের দিকে এগোবে এবং শিক্ষার্থীকে বিষয় নির্বাচনের ক্ষেত্রে যথোপযুক্ত সুবিধা দেবে। শিক্ষাক্রমের প্রসারিত পরিসরে বিবিধ বিষয় চয়নের সক্ষমতা শিক্ষার্থীকে দেশের অন্যান্য উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের আন্তঃব্যবস্থায় অর্জিত ক্রেডিট স্থানান্তরে সাহায্য করবে। শিক্ষার্থীর অভিযোজন ও পরিগ্রহণ ক্ষমতা অনুযায়ী পাঠক্রমের বিন্যাসই এই নতুন শিক্ষাক্রমের লক্ষ্য।

UGC (Open and Distance Learning Programmes and Online Programmes) Regulations, 2020 অনুযায়ী সকল উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের স্নাতক পাঠক্রমে এই সি.বি.সি.এস. পাঠক্রম পদ্ধতি কার্যকরী করা বাধ্যতামূলক—উচ্চশিক্ষার পরিসরে এই নতুন শিক্ষাক্রম এক বৈকল্পিক পরিবর্তনের সূচনা করেছে। আগামী ২০২১-২২ শিক্ষাবর্ষ থেকে স্নাতক স্তরে নির্বাচনভিত্তিক এই পাঠক্রম কার্যকরী করা হবে, এই মর্মে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় সিদ্ধান্ত গ্রহণ করেছে। বর্তমান পাঠক্রমগুলি উচ্চশিক্ষা ক্ষেত্রের নির্ণায়ক কৃত্যকের যথাবিহিত প্রস্তাবনা ও নির্দেশাবলী অনুসারে রচিত ও বিন্যস্ত হয়েছে। বিশেষ গুরুত্বারোপ করা হয়েছে সেইসব দিকগুলির প্রতি যা ইউ.জি.সি. কর্তৃক চিহ্নিত ও নির্দেশিত।

মুক্ত বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে স্ব-শিক্ষা পাঠ-উপকরণ শিক্ষার্থী-সহায়ক পরিষেবার একটি গুরুত্বপূর্ণ অংশ। সি.বি.সি.এস. পাঠক্রমের এই পাঠ-উপকরণ মূলত বাংলা ও ইংরেজিতে লিখিত হয়েছে। শিক্ষার্থীদের সুবিধের কথা মাথায় রেখে আমরা ইংরেজি পাঠ-উপকরণের বাংলা অনুবাদের কাজেও এগিয়েছে। বিশ্ববিদ্যালয়ের আন্তরীণ শিক্ষকরাই মূলত পাঠ-উপকরণ প্রস্তুতির ক্ষেত্রে অগ্রণী ভূমিকা নিয়েছেন—যদিও পূর্বের পরম্পরা অনুযায়ী অন্যান্য বিদ্যায়তনিক উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে সংযুক্ত অভিজ্ঞ ও বিশেষজ্ঞ শিক্ষকদের সাহায্য আমরা অকুণ্ঠিত প্রহণ করেছি। তাঁদের এই সাহায্য পাঠ-উপকরণের মানোন্নয়নে সহায়ক হবে বলেই আমার বিশ্বাস। এই নির্ভরযোগ্য ও মূল্যবান বিদ্যায়তনিক সাহায্যের জন্য আমি তাঁদের আন্তরিক অভিনন্দন জানাই। এই পাঠ-উপকরণ মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষণ পদ্ধতি ও প্রকরণে নিঃসন্দেহে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। একথা বলা বাহুল্য যে, এ বিষয়ে উন্মুক্ত শিক্ষাঙ্গনের পঠন প্রক্রিয়ায় সংযুক্ত সকল শিক্ষকের সদর্থক ও গঠনমূলক মতামত আমাদের আরও সমৃদ্ধ করবে।

মুক্ত বিশ্ববিদ্যালয়ের পাঠ-উপকরণ প্রস্তুতির এই বিদ্যায়তনিক উদ্যোগের সর্বাঙ্গীণ সাফল্য কামনা করি। মুক্তশিক্ষাক্রমে উৎকর্ষের প্রশ্নে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।

অধ্যাপক (ড.) শুব শঙ্কর সরকার
উপাচার্য

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়
Under Graduate Degree Programme
Choice Based Credit System (CBCS)
(নির্বাচন ভিত্তিক মূল্যমান ব্যবস্থা)
বিষয় : সাম্মানিক বাণিজ্য
Subject : B.Com(Hons.)/HCO
পাঠক্রম : আর্থিক হিসাবনিকাশ-২ (Financial Accounting-II)
Course Code : CC-CO-05

প্রথম মুদ্রণ : জুন, 2022

First Print : June, 2022

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের দূরশিক্ষা ব্যুরোর বিধি অনুযায়ী মুদ্রিত।
Printed in accordance with the regulations of the Distance Education
Bureau of the University Grants Commission.

পরিচিতি
নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়

Under Graduate Degree Programme
Choice Based Credit System (CBCS)

(নির্বাচন ভিত্তিক মূল্যমান ব্যবস্থা)

বিষয় : সাম্মানিক বাণিজ্য

Subject : B.Com(Hons.)/HCO

পাঠক্রম : আর্থিক হিসাবনিকাশ-২ (Financial Accounting-II)

Course Code : CC-CO-05

: বিষয় সমিতি :

সদস্যবৃন্দ

ড. অনির্বাণ ঘোষ

*Professor of Commerce
NSOU (Chairperson)*

ড. সজল কুমার মাইতি

*Professor of Commerce (PG Dept.)
Hooghly Mohsin College*

ড. চিত্তরঞ্জন সরকার

*Professor of Commerce
Netaji Subhas Open University*

সি.এ. শুভায়ন বসু

*Associate Professor of Commerce
Ananda Mohan College*

ড. উত্তম কুমার দত্ত

*Professor of Commerce
Netaji Subhas Open University*

ড. আশিষ কুমার সানা

*Professor of Commerce
University of Calcutta*

শ্রী তপন কুমার চৌধুরী

*Associate Professor of Commerce
Netaji Subhas Open University*

শ্রী সুদর্শন রায়

*Assistant Professor of Commerce
Netaji Subhas Open University*

: রচনা :

একক 1 : ড. অনির্বাণ ঘোষ

*Professor of Commerce
NSOU*

একক 2-8 : ড. সুজিত রায়

*Associate Professor of Commerce
Goenka College of Commerce
& Business Administration*

: সম্পাদনা :

একক 1-5 : উত্তম কুমার দত্ত

*Professor of Commerce
NSOU*

একক 6-8 : ড. অনির্বাণ ঘোষ

*Professor of Commerce
NSOU (Chairperson)*

: বিন্যাস সম্পাদনা :

শ্রী সুদর্শন রায়

NSOU

প্রজ্ঞাপন

এই পাঠ-সংকলনের সমুদয় স্বত্ব নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের দ্বারা সংরক্ষিত। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের লিখিত অনুমতি ছাড়া এর কোনও অংশের পুনর্মুদ্রণ বা কোনোভাবে উদ্ধৃতি সম্পূর্ণ নিষিদ্ধ।

কিশোর সেনগুপ্ত

নিবন্ধক



নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়
নির্বাচনভিত্তিক মূল্যমান ব্যবস্থা
(Choice Based Credit System)
HCO
আর্থিক হিসাবনিকাশ-II
(Financial Accounting-II)
Course Code : CC-CO-05

পর্যায় 1

একক 1	<input type="checkbox"/> অসম্পূর্ণ খাতা থেকে হিসাবনিকাশকরণ	৫-25
একক 2	<input type="checkbox"/> মজুত পণ্যের ক্ষতির জন্য বীমা দাবি	26-38
একক 3	<input type="checkbox"/> অংশীদারী ব্যবসায়ের হিসাব-I	39-83
একক 4	<input type="checkbox"/> অংশীদারী ব্যবসায়ের হিসাব-II	84-139

পর্যায় 2

একক 5	<input type="checkbox"/> অন্তর্দেশীয় শাখা সংক্রান্ত হিসাব	140-182
একক 6	<input type="checkbox"/> বিভাগ সংক্রান্ত হিসাবরক্ষণ	183-193
একক 7	<input type="checkbox"/> ভাড়া ক্রয় ও কিস্তিবন্দী পদ্ধতি	194-237
একক 8	<input type="checkbox"/> লগ্নির হিসাব	238-252

একক 1 □ অসম্পূর্ণ খাতা থেকে হিসাবনিকাশকরণ (Accounting for Incomplete Records)

গঠন

- 1.0 উদ্দেশ্য
- 1.1 প্রস্তাবনা
- 1.2 একহারা দাখিল পদ্ধতির সংজ্ঞা
 - 1.2.1 একহারা দাখিলা পদ্ধতির বৈশিষ্ট্য
 - 1.2.2 এক তরফা দাখিলা পদ্ধতির ব্যবহার
 - 1.2.3 একহারা দাখিলার সুবিধা ও অসুবিধা
- 1.3 দুই তরফা ও এক তরফা দাখিলা পদ্ধতির পার্থক্য
- 1.4 এক তরফা দাখিলা পদ্ধতিতে লাভ-ক্ষতি নির্ণয়
 - 1.4.1 আর্থিক অবস্থার বিবরণী
 - 1.4.2 লাভ-ক্ষতির হিসাব
 - 1.4.3 উদাহরণ
- 1.5 একহারা দাখিলা পদ্ধতিকে দুই তরফা দাখিলা পদ্ধতিতে রূপান্তরকরণ
 - 1.5.1 উদাহরণ
- 1.6 সারাংশ
- 1.7 অনুশীলনী

1.0 উদ্দেশ্য

এই এককটি পড়ার পর আপনি যে বিষয়গুলি জানতে পারবেন তা হল :-

- ★ একহারা দাখিলা পদ্ধতির সংজ্ঞা ও সাধারণ বৈশিষ্ট্য।
- ★ একহারা দাখিলা পদ্ধতির ব্যবহারিক ক্ষেত্র।
- ★ একহারা দাখিল পদ্ধতির সুবিধা ও অসুবিধা।
- ★ দুই তরফা ও এক তরফা দাখিলা পদ্ধতির পার্থক্য।
- ★ এক তরফা দাখিলা পদ্ধতিতে লাভ-ক্ষতি নির্ণয়।
- ★ একহারা দাখিলা পদ্ধতি দুই তরফা দাখিলা পদ্ধতিতে রূপান্তরকরণ।

1.1 প্রস্তাবনা

ছোট ছোট ব্যবসায় প্রতিষ্ঠানের হিসাব খুব জটিল নয়। তাদের বৈজ্ঞানিক পদ্ধতিতে হিসাবনিকাশ না করলেও চলে। এই সমস্ত ব্যবসায় প্রতিষ্ঠান নিজের সুবিধা অনুযায়ী হিসাব রাখে। দুই তরফা দাখিলা (Double entry system) পদ্ধতি এক্ষেত্রে অনুসরণ করা হয় না। সাধারণত এই ধরনের ব্যবসায় ক্ষেত্রে একহারা বা একতরফা দাখিলা পদ্ধতি অনুসরণ করা হয়। একহারা দাখিলা পদ্ধতি (Single entry system)-তে কখনো কখনো লেনদেনের জন্য মাত্র একটি দাখিলা লিপিবদ্ধ করা হলেও কোন কোন ক্ষেত্রে দুটি দাখিলাও লিপিবদ্ধ করা হয়। এই পদ্ধতিতে হিসাব রাখার কোন নির্দিষ্ট নীতি না থাকলেও ব্যক্তিক হিসাবগুলি (Personal Account) রাখা হয়ে থাকে। যেহেতু একহারা দাখিলা পদ্ধতি কোন নিয়মনীতি মেনে করা হয় না, এই পদ্ধতিকে অসম্পূর্ণ খাতা থেকে হিসাবনিকাশকরণ বলে।

1.2 একহারা দাখিলা পদ্ধতির সংজ্ঞা

দুই তরফা দাখিলা পদ্ধতি (Double Entry System) বর্তমানে স্বীকৃত ও বিজ্ঞানসম্মত বলে বিবেচিত হলেও বহু ক্ষুদ্র প্রতিষ্ঠান আজও এই পদ্ধতিতে লেনদেন লিপিবদ্ধ করে না। কোন লেনদেন সংঘটিত হলে লেনদেন সংশ্লিষ্ট উভয় হিসাবখাতা লিপিবদ্ধ না করে, অসম্পূর্ণ হিসাব রাখা হয়। হিসাবরক্ষণের এই প্রণালীকে এক তরফা বা একহারা দাখিলা পদ্ধতি বলে।

একহারা দাখিলা পদ্ধতি কোন সুনির্দিষ্ট নিয়ম মেনে চলে না। এই পদ্ধতিতে কোন কোন লেনদেন দুই তরফা পদ্ধতির মত উভয় দিকেই লিপিবদ্ধ করা হয়, কোথাও বা একটি দিকে লিপিবদ্ধ করা হয়। আবার কোন কোন ক্ষেত্রে মোটেই লিপিবদ্ধ করা হয় না। এজন্য অনেকে এক তরফা দাখিলা পদ্ধতিতে অসম্পূর্ণ খাতাপত্র থেকে হিসাবনিকাশ (Accounting from Incomplete Records) বলে।

যে পদ্ধতি দুই তরফা দাখিলা পদ্ধতি সম্পূর্ণভাবে মেনে চলে না, তাকে এক তরফা দাখিলা পদ্ধতি বলে।

‘Single Entry is that which is not Double Entry’. ‘Single Entry is no particular method, rather it is the absence of any particular method.’

“এক তরফা দাখিলা পদ্ধতি নামে যে পদ্ধতিটি রয়েছে, তা বস্তুত এক তরফা দাখিলা, দুই তরফা দাখিলা ও অলিখিত হিসাব পদ্ধতির সংমিশ্রণ”

“Sintle Entry is nothing but a mixture of Double Entry, Single Entry and No Entry”

1.2.1 একহারা দাখিলা পদ্ধতির সাধারণ বৈশিষ্ট্য

যে সকল প্রতিষ্ঠান একহারা দাখিলা পদ্ধতিতে হিসাব রাখে, সেগুলি নিজ নিজ সুবিধা অনুসারে এই পদ্ধতি প্রয়োগ করে। ফলে বিভিন্ন ক্ষেত্রে এক তরফা দাখিলা পদ্ধতির বিভিন্নতা দেখা যায়। তবুও একহারা দাখিলা পদ্ধতির কতগুলি সাধারণ বৈশিষ্ট্য লক্ষণীয়।

(i) একহারা দাখিলা পদ্ধতিতে হিসাবরক্ষণের প্রায় অধিকাংশ ক্ষেত্রেই কেবলমাত্র Personal Accounts রাখা হয়। সম্পত্তি ও অন্যান্য আয়-ব্যয়ের হিসাবগুলি উপেক্ষা করা হয়।

(ii) এই পদ্ধতিতে সাধারণত ক্যাশবই (Cash Book) রাখা হয় এবং ওখানেই ব্যবসায়ের এবং অনেক সময় মালিকের ব্যক্তিগত লেনদেনগুলি লেখা হয়।

(iii) প্রারম্ভিক মূলধনের (Opening Capital) সঙ্গে সমাপ্তিক মূলধনের (Closing Capital)-এর তুলনা করে এই পদ্ধতিতে লাভ-লোকসান নির্ণয় করা হয়।

(iv) একহারা দাখিলা পদ্ধতি সাধারণতঃ একমালিকী ও অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রেই দেখা যায়, কিন্তু কোম্পানীর ক্ষেত্রে দুই তরফা দাখিল পদ্ধতিতে হিসাবরক্ষণ আইনত বাধ্যতামূলক।

1.2.2 এক তরফা দাখিলা পদ্ধতির ব্যবহার

সাধারণত নিম্নলিখিত ক্ষেত্রে এই পদ্ধতি ব্যবহার করা হয় :—

১. অতি ক্ষুদ্র প্রতিষ্ঠান — যেমন দোকান।
২. ছোট একমালিকী ও অংশীদারী প্রতিষ্ঠান।
৩. যে সকল প্রতিষ্ঠান বা ব্যবসায় আয়কর, বিক্রয়কর বাধ্যতামূলক নয়।
৪. যে প্রতিষ্ঠানে হিসাবরক্ষায় হিসাবশাস্ত্রের জ্ঞান না থাকা কর্মী কাজ করেন বা মালিক নিজেই হিসাবরক্ষা করেন।
৫. যে ব্যবসা প্রধানতঃ নগদভিত্তিক লেনদেন করে।

1.2.3 একহারা দাখিলার সুবিধা ও অসুবিধা

সুবিধা (Advantages) :

- ১। দুই তরফা দাখিলা পদ্ধতিতে হিসাব রাখতে গেলে যে বিশেষ জ্ঞানের প্রয়োজন, তা একহারা দাখিলা পদ্ধতিতে না থাকলেও চলে, সহজ ও সরল বলে সাধারণ জ্ঞানসম্পন্ন ব্যক্তির পক্ষে হিসাব রাখা সম্ভব।
- ২। একহারা দাখিলা পদ্ধতিতে হিসাবরক্ষণ কম ব্যয় সাপেক্ষ।
- ৩। এই পদ্ধতিতে হিসাব বইতে অল্পসংখ্যক হিসাব রাখলেই কাজ চলতে পারে, কারণ সম্পত্তি সংক্রান্ত ও সব আয়-ব্যয়ের হিসাব রাখার প্রয়োজন হয় না।
- ৪। যে ক্ষেত্রে মালিক নিজেই হিসাবপত্র রাখেন, সেক্ষেত্রে ব্যবসায়িক গোপনীয়তা রাখা সম্ভব।

অসুবিধা (Disadvantages) :

- ১। এই পদ্ধতিতে লেনদেনগুলির সম্পূর্ণ হিসাব রাখা হয় না। সুতরাং, হিসাবের বই থেকে সম্পূর্ণ তথ্য পাওয়া যায় না। এই পদ্ধতি বিজ্ঞানসম্মত নয়।
- ২। দুই তরফা দাখিলা পদ্ধতির মত প্রতিটি লেনদেন দুই দিকে লিপিবদ্ধ করা হয় না। সুতরাং এই পদ্ধতিতে রেওয়ামিল (Trial Balance) প্রস্তুত করা যায় না। ফলে হিসাবে কোন ভুল-ত্রুটি থাকলে তা যাচাই করা সম্ভব নয়।
- ৩। আয় ও ব্যয় সংক্রান্ত হিসাবগুলি রাখা হয় না বলে বছরের শেষে Profit & Loss A/c বা Income & Expenditure A/c প্রস্তুত করে লাভ-লোকসানের সঠিক অঙ্ক নিরূপণ করা সম্ভব নয়।
- ৪। সম্পত্তি সমূহের হিসাবগুলি রাখা হয় না বলে বছরের শেষে উদ্বর্তপত্র (Balance Sheet) প্রস্তুত করা সম্ভব নয়। তবে একহারা দাখিলা পদ্ধতিতে বছরের শেষে উদ্বর্তপত্রের অনুরূপ একটি আর্থিক অবস্থার বিবরণী (Statement of Affairs) প্রস্তুত করা হয়। কিন্তু কিন্তু পূর্ণাঙ্গ হিসাব পদ্ধতি থেকে সংগৃহীত তথ্যের উপর ভিত্তি করে রচিত নয় বলে সম্পত্তি ও দায়গুলি সঠিক অবস্থা প্রকাশ করে না।

৫। আয় ও ব্যয় সংক্রান্ত কোন হিসাব রাখা হয় না বলে কোন বছরের আয়-ব্যয়ের অঙ্কের সঙ্গে পূর্ববর্তী বছরের অঙ্কের কোন তুলনামূলক বিচার করা যায় না।

৬। যেহেতু এই পদ্ধতি বিজ্ঞানসম্মত নয়, তাই কর্মচারীদের পক্ষে হিসাবের কারচুপি বা জালজুয়াচুরি করা খুবই সহজ।

৭। এই পদ্ধতিতে রক্ষিত হিসাবপত্র ব্যাঙ্ক, আয়কর ও আদালতের গ্রহণযোগ্য নাও হতে পারে।

1.3 দুই তরফা ও এক তরফা দাখিলা পদ্ধতির পার্থক্য

দুই তরফা দাখিলা পদ্ধতি (Double Entry System)	এক তরফা দাখিলা পদ্ধতি (Single Entry System)
১। এই পদ্ধতিতে প্রতিটি লেনদেন উভয়দিকে সম্পূর্ণভাবে, অর্থাৎ প্রতিটি লেনদেন Debit ও Credit করা হয়।	১। এই পদ্ধতিতে প্রতিটি লেনদেন উভয়দিকে লেখা হয় না।
২। ব্যক্তিক, নামিক ও অন্যান্য সম্পত্তি-সম্পর্কীয় হিসাবের পূর্ণ বিবরণ রাখা হয়, ফলে অনেক গুরুত্বপূর্ণ তথ্য পাওয়া যায়।	২। এই পদ্ধতিতে শুধুমাত্র নগদ ও ব্যক্তিক হিসাব রাখা হয়। ফলে গুরুত্বপূর্ণ তথ্য পাওয়া যায় না।
৩। রেওয়ামিল প্রস্তুত করে হিসাবের শুদ্ধতা বিচার করা যায়।	৩। প্রতিটি লেনদেন উভয়দিকে লেখা হয় না বলে রেওয়ামিল প্রস্তুত করা সম্ভব নয়।
৪। লাভ-ক্ষতির হিসাব (Profit & Loss Account) প্রস্তুত করে লাভ-লোকসানের অঙ্ক নিরূপণ করা হয়।	৪। এই পদ্ধতিতে কোন হিসাবকালের প্রারম্ভিক মূলধন লও সমাপ্তিক মূলধন তুলনা করে একটি বিবরণীর মাধ্যমে লাভ-ক্ষতির হিসাব করা হয়।
৫। এ-পদ্ধতিতে হিসাব রাখলে বিভিন্ন হিসাবের তুলনামূলক বিচার সম্ভব।	৫। এ-পদ্ধতিতে হিসাব রাখলে বিভিন্ন হিসাবের তুলনামূলক বিচার সম্ভব নয়।
৬। এই পদ্ধতি বিজ্ঞান নীতির উপর প্রতিষ্ঠিত।	৬। এই পদ্ধতি বিজ্ঞান নীতির উপর প্রতিষ্ঠিত নয়।
৭। হিসাবরক্ষণে প্রয়োজনীয় জ্ঞানসম্পন্ন হিসাবরক্ষকের প্রয়োজন।	৭। সাধারণ জ্ঞানসম্পন্ন ব্যক্তিও হিসাবরক্ষণের কাজ করতে পারেন।
৮। এই পদ্ধতিতে হিসাব রাখলে ভুল ও জালিয়াতির সম্ভাবনা কম থাকে।	৮। কোন সুনির্দিষ্ট নীতির উপর ভিত্তি করে হিসাব রাখা হয় না বলে ভুল ও জালিয়াতির সম্ভাবনা থাকে।
৯। হিসাবরক্ষণের জন্য অনেক হিসাব বই লাগে, ফলে হিসাবরক্ষণ জটিল ও ব্যয়সাধ্য।	৯। হিসাবরক্ষণের জটিলতা ও ব্যয় তুলনামূলকভাবে কম।
১০। হিসাবরক্ষণে বহু কর্মচারীর প্রয়োজন হয়, ফলে হিসাবের গোপনীয়তা অনেক সময় রক্ষা করা সম্ভব নয়।	১০। হিসাবরক্ষণে অল্পসংখ্যক বা নামমাত্র কর্মচারীর প্রয়োজন হয়, ফলে হিসাবের গোপনীয়তা রক্ষা করা সম্ভব।
১১। উদ্বর্তপত্রের (Balance Sheet) মাধ্যমে আর্থিক অবস্থা নির্ণয় করা হয়।	১১। উদ্বর্তপত্রের (Balance Sheet) অনুরূপ একটি আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়।

1.4 এক তরফা দাখিলা পদ্ধতিতে লাভ-ক্ষতি নির্ণয়

এক তরফা দাখিলা পদ্ধতিতে আয়-ব্যয়ের হিসাব (Nominal Accounts), যেমন—ক্রয় (Purchase), বিক্রয় (Sales) ইত্যাদি সম্পূর্ণভাবে রাখা হয় না। ফলে দুই তরফা দাখিলা পদ্ধতির মত Trading and Profit & Loss Account-এর মাধ্যমে লাভ-ক্ষতি নিরূপণ করা যায় না। তবুও ছোট ব্যবসা প্রতিষ্ঠান একটি পরোক্ষ উপায়ে নিজেদের লাভ-লোকসানের হিসাব নিরূপণ করে। এই উদ্দেশ্যে দুটি বিবরণী (Statement) প্রস্তুত করতে হয় :

- ১। আর্থিক অবস্থার বিবরণী (Statement of Affairs)।
- ২। লাভ-লোকসানের বিবরণী (Statement of Profit or Loss)।

1.4.1 আর্থিক অবস্থার বিবরণী (Statement of Affairs)

বিশুদ্ধ এক তরফা দাখিলা পদ্ধতিতে রক্ষিত হিসাবপত্র থেকে প্রতি হিসাববছরের শেষে ব্যবসা প্রতিষ্ঠানের সম্পত্তি ও দায়ের একটি হিসাব পাওয়া যায়। খরিদারের (Sundry Debtors) নিকট কত টাকা পাওনা, বিভিন্ন পাওনাদারের (Sundry Creditors) নিকট মোট দেনা, হস্তস্থ নগদ (Cash in hand), ব্যাঙ্ক জমা টাকা (Cash at Bank) ইত্যাদির হিসাব বই থেকে পাওয়া যায়।

এছাড়া, অন্যান্য সম্পত্তি ও দায়, যেমন—বাড়ী (Building), যন্ত্রপাতি (Machinery), আসবাবপত্র (Furniture), মজুত পণ্য (Stock), প্রাপ্য ছুটি (Bill Receivable), প্রদেয় ছুটি (Bill Payable), ঋণ (Loan) প্রভৃতির অঙ্কগুলি নির্ধারণ করা হয়। মনে রাখা দরকার, অনেক সময় স্মরণশক্তির সাহায্যে, কিছুটা অনুমানের ভিত্তিতে বা অন্য কোন ইন্ডিয়গ্রাহ্য উপায়ে সম্পত্তি ও দায়ের মূল্যায়ন করা হয়। কোন নির্দিষ্ট দিনে (সাধারণত বছরের শেষ দিনে) সমস্ত সম্পত্তি ও দায়গুলিকে নিয়ে একটি বিবরণী প্রস্তুত করা হয়। এই বিবরণীকে আর্থিক অবস্থার বিবরণী (Statement of Affairs) বলে।

আর্থিক অবস্থার বিবরণী থেকে সমস্ত সম্পত্তির মূল্য (Value of total Assets) থেকে বাহ্যিক দায় (External Liabilities) বাদ দিলে মূলধন (Capital) জানা যায়।

$$\text{মূলধন (Capital)} = \text{মোট সম্পত্তি} - \text{বাহ্যিক দায়।}$$

1.4.2 লাভ-ক্ষতির হিসাব (Statement of Profit or Loss)

কোন ব্যবসা প্রতিষ্ঠানের কোন হিসাবকালে যে লাভ বা লোকসান হয়েছে, তা নিরূপণ করার জন্য এই লাভ-ক্ষতির হিসাব প্রস্তুত করা হয়।

আর্থিক অবস্থার বিবরণী থেকে আমরা ব্যবসায় নিয়োজিত মূলধন জানতে পারি। এক তরফা দাখিলা পদ্ধতিতে মূলধন পরিবর্তন তত্ত্বের (Change in Capital System) সাহায্যে লাভ-ক্ষতি নিরূপণ করা হয়।

সাধারণ বৃদ্ধিতে বোঝা যায়, লাভ হলে মূলধন বৃদ্ধি পায় এবং ক্ষতি হলে মূলধন কমে যায়।

লাভ = অস্তিম মূলধন — প্রারম্ভিক মূলধন।

ক্ষতি = প্রারম্ভিক মূলধন — অস্তিম মূলধন।

যেমন, রাম ১০,০০০ টাকা মূলধন নিয়ে ব্যবসা শুরু করল। হিসাবকালের শেষে তার মূলধন হল ১১,০০০ টাকা। অতএব, লাভ হল ১,০০০ টাকা।

তবে, নির্ণয় করবার সময় ব্যবসায়ী তার ব্যবসাতে হিসাব-বছরের মধ্যে কোন অতিরিক্ত মূলধন (Further Capital) বিনিয়োগ করতে পারেন। আবার ব্যক্তিগত প্রয়োজনে মূলধন বা প্রত্যাশিত মুনাফা থেকে অর্থ উত্তোলন (Drawings) করতে পারেন। সুতরাং, লাভ-ক্ষতি নিরূপণে এই অতিরিক্ত মূলধন ও অর্থ-উত্তোলনের সমন্বয় সাধন করতে হবে।

লাভ-ক্ষতির হিসাব নিম্নলিখিত পদ্ধতিতে করা হয় :

সমাপ্তিক মূলধন (Closing Capital)	xxx
+ অর্থ উত্তোলন (Drawings)	xxx
	<hr/>
	xxx
(-) অতিরিক্ত মূলধন বিনিয়োগ (Further Capital)	xxx
	<hr/>
(-) প্রারম্ভিক মূলধন (Opening Capital)	xxx
লাভ (+), ক্ষতি (-)	xxx
	<hr/>

এছাড়াও, লাভ-ক্ষতি নির্ধারণে সম্পত্তির অবচয়, অনাদেয় বাকী, মূলধনের উপর সুদ ইত্যাদি বিষয়ের সমন্বয় সাধন (Adjustment) করতে হয়।

প্রারম্ভিক মূলধন নিরূপণ করার জন্য হিসাব কালের প্রথমদিনের আর্থিক অবস্থার বিবরণী (Opening Statement of Affairs) ও সমাপ্তিক মূলধন নিরূপণ করতে হিসাবকালের শেষদিনের আর্থিক অবস্থার বিবরণী (Closing Statement of Affairs) প্রস্তুত করতে হয়।

Statement of Profit or Loss for the period.....

Closing Capital		xxx
Add. Drawings (Cash/Goods)		xx
		<hr/>
		xxx
Less. (a) Opening Capital	xxx	
(b) Further Capital	xx	xx
	<hr/>	<hr/>
Profit before adjustment		xxx
Less. Adjustments :		
(a) Depreciation	xx	
(b) Provision for Bad Debt	xx	xx
	<hr/>	<hr/>
Net Profit		xxx
		<hr/>

নিম্নলিখিত নমুনা (Format)-এ লাভ-ক্ষতির হিসাব প্রস্তুত করা হয়।

Statement of Profit or Loss			
Dr.	For the year ended		Cr.
Particulars	Rs.	Particulars	Rs.
Opening Capital	xxx	Closing Capital	xxx
Further Capital	xxx	Drawing	xxx
Interest on Capital	xxx	Interest on Drawings	xxx
Depreciation on Fixed Assets	xxx	Net Loss	xxx
Reserve for Bad debt	xxx		
Net Profit	xxx		
	xxx		xxx

লাভ-ক্ষতি নির্ণয় করবার পর চূড়ান্ত আর্থিক অবস্থা প্রকাশ করার জন্য অন্তিম সমস্ত সম্পত্তি, দায়, মূলধন লাভ-ক্ষতির হিসাবে যে হিসাবগুলি দেখানো হ'ল, তাদের সমন্বয় সাধন করে, হিসাবকালের শেষে দুই তরফা দাখিলা পদ্ধতির উদ্বর্তপত্রের অনুরূপ আরেকটি আর্থিক বিবরণী প্রস্তুত করতে হয়। ইহাকে চূড়ান্ত আর্থিক অবস্থার বিবরণী (Final Statement of Affairs) বলে। এই বিবরণী উদ্বর্তপত্রেরই নামান্তর বলে এটি উদ্বর্তপত্র হিসাবেও অনেকে ব্যবহার করে থাকেন।

1.4.3 উদাহরণ

অশোক এক তরফা দাখিলা পদ্ধতিতে হিসাব রাখেন। তার সম্পত্তি ও দায়গুলি নিম্নরূপ ছিল :

	on 1.4.20 Rs.	on 31.3.21 Rs.
বাড়ী (Building)	70,000	70,000
যন্ত্রপাতি (Plant & Machinery)	60,000	80,000
আসবাবপত্র (Furniture)	30,000	30,000
মজুত পণ্য (Stock)	20,000	35,000
নগদ অর্থ (Cash in Hand)	12,000	18,000
দেনাদার (Sundry Debtors)	20,000	25,000
পাওনাদার (Sundry Creditors)	25,000	20,000

অশোক সারা বছরে 10,000 টাকা ব্যক্তিগত প্রয়োজনে উত্তোলন ও 5,000 টাকা অতিরিক্ত মূলধন বিনিয়োগ করেছিল। প্রারম্ভিক মূলধনের উপর 5% সুদ প্রাপ্য ও উত্তোলনের উপর বার্ষিক 6% সুদ ধার্য করা হয়। অন্তিম স্থায়ী সম্পত্তির (Closing Fixed Assets) উপর 10% হারে অবচয় ধার্য করা হয়। Sundry Debtors-এর উপর 2% হারে সংস্থান রাখা হয়।

31.3.21 তারিখে সমাপ্ত বছরের লাভ-ক্ষতি নির্ধারণ করণ এবং ঐ তারিখে ব্যবসায়ের চূড়ান্ত আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করণ :

সমাধান :

A. Statement of Affairs as at 1.4.20

Liabilities	Rs.	Assets	Rs.
Capital (Balancing figure)	1,87,000	Building	70,000
Sundry Creditors	25,000	Plant & Machinery	60,000
		Furniture	30,000
		Stock	20,000
		Sundry Debtors	20,000
		Cash in hand	12,000
	2,12,000		2,12,000

B. Statement of Affairs as at 31.3.21

Liabilities	Rs.	Assets	Rs.
Capital (Balancing figure)	2,38,000	Building	70,000
Sundry Creditors	20,000	Plant & Machinery	80,000
		Furniture	30,000
		Stock	35,000
		Sundry Debtors	25,000
		Cash in hand	18,000
	2,58,000		2,58,000

C. Statement of Profit & Loss
Dr. for the year ended 31st March '21 Cr.

Particulars	Rs.	Particulars	Rs.
To, Opening Capital	1,87,000	By, Closing Capital	2,38,000
To, Further Capital	5,000	By, Drawings	10,000
To, Interest on Opening Capital (5% of 1,87,000)	9,350	By, Interest on Drawings (10,000 × 6%) × 1/2	300
To, Depreciation @ 10%			
on Buildng 7,000			
on Plant 8,000			
on Furniture 3,000	18,000		
To, Reserve for Bad debt (@ 2% on Rs. 20,000)	400		
To, Net Profit	28,550		
	2,48,300		2,48,300

Final Statement of Affairs
as on 31st March '21

Liabilities	Rs.	Assets	Rs.
Opening Capital 1,87,000		Building 70,000	
Add. Further Capital 5,000		Less : Depreciation 7,000	63,000
Interest on Capital 9,350		Plant & Machinery 80,000	
Profit 28,550		Less : Depreciation 8,000	72,000
	2,29,900		
Less : Drawing 10,000		Furniture 30,000	
	2,19,900	Less : Depreciation 3,000	27,000
Less : Interest on Drawing 300		stock	35,000
	2,19,600	Debtors 25,000	
Sundry Creditors 20,000		Less : Reserve for Bad debt 400	24,600
		Cash in hand	18,000
	2,39,600		2,39,600

Note : কোন তারিখ উল্লেখ না থাকায় Drawings-এর উপর সুদ ৬ মাসের জন্য ধরা হয়েছে। যেহেতু যন্ত্রপাতির প্রারম্ভিক মূল্য 60,000 টাকা এবং অন্তিম মূল্য 80,000 টাকা, 20,000 টাকার নতুন যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে। কিন্তু প্রশ্নের নির্দেশে বলা আছে অন্তিম স্থায়ী সম্পত্তির উপর অবচয় ধার্য করতে হবে।

উদাহরণ :

রাম ও শ্যাম একটি অংশীদারী ব্যবসায়ের অংশীদার (Partners)। তারা লাভ ও লোকসান 3 : 2 অনুপাতে ভাগ করে। 1.4.20 তারিখে তাদের মূলধনের অনুপাত ছিল 3 : 1। তারা এক তরফা দাখিলা পদ্ধতিতে হিসাব রাখে। ব্যবসায়ের সম্পত্তি ও দায় নিম্নরূপ :

	1.4.20	31.3.21
	Rs.	Rs.
Plant & Machinery	80,000	1,00,000
Furniture	35,000	45,000
Stock	50,000	75,000
Sundry Debtors	60,000	90,000
Cash at Bank	15,000	24,000

রাম ও শ্যাম ব্যবসা থেকে যথাক্রমে 12,000 টাকা ও 8,000 টাকা উত্তোলন করল।

অন্যান্য তথ্য :

১। মূলধনের উপর বার্ষিক 5% হারে সুদ দেওয়া হয়।

২। যন্ত্রপাতির (Plant & Machinery) উপর বার্ষিক 10% হারে ও আসবাবপত্রের (Furniture) উপর বার্ষিক 6% হারে অবচয় ধার্য করা হয়।

৩। Sundry Debtors-এর উপর 2½% হারে সংস্থান রাখা হয়।

31.3.21 তারিখে সমাপ্ত বছরের লাভ-ক্ষতি নিরূপণ করুন এবং ঐ দিনের চূড়ান্ত আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করুন।

সমাধান :

**Statement of Affairs
as at 1.4.20**

Liabilities	Rs.	Assets	Rs.
Capital (Balancing figure)		Plant & Machinery	80,000
Ram $\frac{3}{4} \times 1,70,000 = 1,27,500$		Furniture	35,000
Shyam $\frac{1}{4} \times 1,70,000 = 42,500$	1,70,000	Stock	50,000
Sundry Creditors	70,000	Sundry Debtors	60,000
		Cash at hand	15,000
	2,40,000		2,40,000

**Statement of Affairs
as at 31.3.21**

Liabilities	Rs.	Assets	Rs.
Capital (Balancing figure)	2,74,000	Plant & Machinery	1,00,000
Sundry Creditors	60,000	Furniture	45,000
		Stock	75,000
		Sundry Debtors	90,000
		Cash at hand	24,000
	3,34,000		3,34,000

**Statement of Profit or Loss
for the year ended 31st March, '21**

Dr.

Particulars	Rs.	Particulars	Rs.
To, Opening Capital	1,70,000	By, Closing Capital	2,74,000
To, Interest on Partner's Capital		Drawings :	
Ram 6,325		Ram 12,000	
Shyam 2,175	8,500	Shyam 8,000	20,000
To, Depreciation :			
on Furniture 2,400			
on Plant 9,000	11,400		
To, Provision for Bad Debts :			
2½% on Rs. 90,000	2,250		
To, Share of Profit			
Ram $\frac{3}{5}$ 61,110			
Shyam $\frac{2}{5}$ 40,740	1,01,850		
	2,94,000		2,94,000

মন্তব্য :- মনে করা হ'ল, আসবাবপত্র ও যন্ত্রপাতি চলতি বছরের মধ্যকালে ক্রয় করা হয়েছিল।

Depraciation on Furniture :

	Rs.
On Rs. 35,000 @ 6% for 1 year	2,100
+ on Rs. 10,000 @ 6% for 1/2 year	300
	<u>2,400</u>

Deprication on Plant :

on Rs. 80,000 @ 10% for 1 year	8,000
on Rs. 20,000 @ 10% for 1/2 year	1,000
	<u>9,000</u>

**Final Statement of Affairs
as at 31st March, '21**

Liabilities	Rs.	Assets	Rs.
Capital—			
Ram		Plant & Machinery	1,00,000
Opening Capital	1,27,500	Less : Depreciation	9,000
Add : Int. on Capital	6,355	Furniture	45,000
Share of Profit	61,100	Less : Depreciation	2,400
	<u>1,94,955</u>		42,600
Less : Drawings	12,000	Stock	75,000
Shyam		Sundry Debtors	90,000
Opening Capital	42,500	Less Prov. for Bad Debt	2,250
Add : Int. On Capital	2,125		87,750
Share of Profit	40,740	Cash at Bank	24,000
	<u>85,365</u>		
Less : Drawings	8,000		
Sundry Creditors	60,000		
	<u>3,20,350</u>		<u>3,20,350</u>

1.5 একহারা দাখিলা পদ্ধতিকে দুই তরফা দাখিলা পদ্ধতিতে রূপান্তরকরণ (Conversion of Single Entry System to Double Entry System)

একহারা দাখিলা পদ্ধতিতে রক্ষিত হিসাবপত্রকে পরিবর্তন করে দুই তরফা দাখিলা পদ্ধতিতে রূপান্তর করা যায়। ইহা কার্যকরী করতে হলে নিম্নলিখিত ব্যবস্থাগুলি গ্রহণ করা প্রয়োজন।

১। প্রারম্ভিক আর্থিক অবস্থার বিবরণী বা উদ্বর্তপত্র প্রস্তুত করে হিসাবকালের প্রারম্ভে মূলধন কত ছিল, তা নিরূপণ করা হয়।

২। নগদান বই প্রস্তুত করতে হয়। নগদান বই ভালো করে বিচার করে প্রারম্ভিক অর্থ ও সমাপ্তিক অর্থ কত জানা যায়। এছাড়া নগদ ক্রয়/নগদ বিক্রয়/মূলধন নিয়োগ ইত্যাদির পরিমাণ নগদান বইতে অজানা সংখ্যা (Missing figure) হিসাবে জানা যায়।

৩। ব্যক্তিক হিসাবগুলি বিশ্লেষণ করে, ধারে বিক্রয় (Credit Sales) ধারে ক্রয় (Credit Purchase) প্রাপ্ত বাট্টা (Discount Receivable) প্রভৃতির অঙ্ক নিরূপণ করা হয়।

৪। Sundry Debtors Account, Sundry Creditors Account থেকে যথাক্রমে ধারে বিক্রয়, ধারে ক্রয় কত হ'ল তা নিরূপণ করা হয়।

এইভাবে অসম্পূর্ণ নথিপত্র (Incomplete Records) থেকে প্রয়োজনীয় তথ্য সংগৃহীত করে দুই তরফা দাখিলা পদ্ধতির মত Trading and Profit & Loss Account ও Balance Sheet প্রস্তুত করা হয়।

1.5.1 উদাহরণ

শ্যামল এক তরফা দাখিলা পদ্ধতিতে তার হিসাব রক্ষণ করে। তার 1.4.20 তারিখে ও 31.3.21 তারিখে সম্পত্তি ও দায়ের পরিমাণ নিম্নে দেওয়া হ'ল :

Particulars	on 1.4.20 Rs.	on 31.3.21 Rs.
যন্ত্রপাতি (Plant)	20,000	30,000
আসবাবপত্র (Furniture)	2,000	2,000
দেনাদার (Sundry Debtors)	22,000	25,000
পাওনাদার (Sundry Creditors)	15,000	16,000
প্রাপ্য ছপ্তি (Bills Receivable)	9,000	13,000
প্রদেয় ছপ্তি (Bills Payable)	8,000	10,000
মজুত পণ্য (Stock)	20,000	15,000

তার ব্যবসায়ের নগদ লেনদেন (Cash transactions) গুলি নিম্নের নগদান বইতে লিপিবদ্ধ করা হয়েছে :

Dr.	Cash Book		Cr.
	Rs.		Rs.
To Balance b/d	10,000	By Cash Purchase	15,000
To Cash Sales	40,000	By Wages	20,000
To Collection from Debtors	60,000	By Payment to Creditors	28,000
To Further Capital	10,000	By Bills Payable (Paid)	14,000
To Bills Receivable (Collected)	20,000	By Salaries	8,000
		By General Expenses	4,000
		By Drawings	15,000
		By Plant	10,000
		By Balance c/d	26,000
	1,40,000		1,40,000

অতিরিক্ত তথ্য :

১। প্রারম্ভিক মূলধনের উপর 5% হারে সুদ ধার্য করতে হবে। এবং নিয়োজিত মূলধনের উপর 2½% হারে সুদ ধার্য করতে হবে।

২। যন্ত্রপাতির (Plant) উপর 10% হারে ও আসবাবপত্রের (Furniture) উপর 6% হারে অবচয় (Depreciation) ধার্য করতে হবে।

৩। 5% হারে কু-ঋণের জন্য সংস্থান (Reserve for Bad Debt) দেনাদারের উপরও 2½% হারে সংস্থান প্রাপ্য ছাড়ের (Bill Receivable) উপর ধার্য করতে হবে।

31.4.21 তারিখে সমাপ্ত হিসাবকালের Trading and Profit & Loss Account ও ঐ দিনের উদ্বর্তপত্র (Balance Sheet) প্রস্তুত করুন।

সমাধান :

Balance Sheet as on 1.4.20

Liabilities	Rs.	Assets	Rs.
Capital (Balancing Figure)	60,000	Plant	20,000
Sundry Creditors	15,000	Furniture	2,000
Bills Payable	8,000	Bills Receivable	9,000
		Sundry Debtors	22,000
		Stock	20,000
		Cash	10,000
	83,000		83,000

Dr.		Sundry Debtors A/c		Cr.	
Particulars	Rs.	Particulars	Rs.		
To Balance b/d	22,000	By Cash	60,000		
To Credit Sales	87,000	By Bill Receivable	24,000		
(Balancing Figure)		By Balance c/d	25,000		
	1,09,000				1,09,000

Dr.		Bill Receivable A/c		Cr.	
Particulars	Rs.	Particulars	Rs.		
To Balance b/d	9,000	By Cash	20,000		
To Sundry Debtors—Bill drawn	24,000	By Balance c/d	13,000		
(Balancing figure)					
	33,000				33,000

Dr.		Sundry Creditors A/c		Cr.	
Particulars	Rs.	Particulars	Rs.		
To Bill Payable	16,000	By Balance b/d	15,000		
To Cash	28,000	By Purchases	45,000		
To Balance c/d	16,000	(Balancing fig)			
	60,000				60,000

Dr.		Bill Payable A/c		Cr.	
Particulars	Rs.	Particulars	Rs.		
To Cash	14,000	By Balance b/d	8,000		
To Balance c/d	10,000	By Sundry Creditors	16,000		
		(Balance fig)			
	24,000				24,000

**Trading and Profit and Loss Account
for the year ended 31st March '21**

Dr.		Cr.	
Particulars	Rs.	Particulars	Rs.
To Opening Stock	20,000	By Sales :	
To Purchase :		Cash	40,000
Cash	15,000	Credit	87,000
Credit	45,000	By Closing Stock	15,000
To Wages	20,000		
To Gross Profit—transferred	42,000		
	1,42,000		1,42,000
To Salaries	8,000	By Gross Profit	42,000
To General Expenses	4,000		
To Interest on Capital	3,250		
To Reserve for Bad Debt	1,250		
To Reserve for B/R	325		
To Depreciation			
on Plant	2,500		
on Furniture	120		
To Net Profit	22,555		
	42,000		42,000

**Balance Sheet
as at 31st March '21**

Liabilities		Assets	
	Rs.		Rs.
Capital	60,000	Plant	30,000
Add : Further Capital	10,000	Less : Depreciation	2,500
Net Profit	22,555	Furniture	2,000
Interest on Capital	3,250	Less : Depreciation	120
	95,805	Bills Receivable	13,000
Less : Drawings	15,000	Less : Reserve	325
Bills Payable	10,000		12,675
Sundry Creditors	16,000	Stock	15,000
		Subdry Debtors	25,000
		Less : Reserve for	1,250
		Bad Debt	23,750
		Cash	26,000
	1,06,805		1,06,805

1.6 সারাংশ

এই এককটি পাঠ করে আমরা অসম্পূর্ণ খাতা থেকে কিভাবে হিসাবনিকাশ করতে হয় সে সম্পর্কে এক সুস্পষ্ট ধারণা লাভ করতে সক্ষম হলাম।

1.7 অনুশীলনী

(ক) তত্ত্বগত প্রশ্নাবলী (Theoretical Questions)

1. একহারা দাখিলা পদ্ধতি বলতে কি বোঝায়? এই পদ্ধতির ত্রুটি বা অসুবিধাগুলি কি কি?
2. একহারা দাখিলা পদ্ধতি ও দুই তরফা দাখিলা পদ্ধতির পার্থক্য বর্ণনা করুন।
3. কোন কোন ক্ষেত্রে এক তরফা দাখিলা পদ্ধতিতে হিসাব রক্ষণ হয় তা আলোচনা করুন।
4. বিশুদ্ধ এক তরফা দাখিলা পদ্ধতিতে কিভাবে চূড়ান্ত হিসাবসমূহ প্রস্তুত করা হয়, তা আলোচনা করুন।
5. আর্থিক অবস্থার বিবরণী ও উদ্বর্তপত্রের মধ্যে পার্থক্যগুলি কি?
6. একহারা দাখিলা পদ্ধতিতে কিভাবে দুই তরফা দাখিলা পদ্ধতিতে রূপান্তর করা যায় তা সংক্ষেপে আলোচনা করুন।

(খ) বিষয়ভিত্তিক প্রশ্নাবলী (Objective Type Questions)

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন : সত্য / মিথ্যা

1. এক তরফা দাখিলা পদ্ধতিতে কখনোই লেনদেন একদিকে লিপিবদ্ধ করা হয় না।
2. এক তরফা দাখিলা পদ্ধতিতে অনেক প্রতিষ্ঠান হিসাব নিকাশ করে।
3. এক তরফা দাখিলা পদ্ধতি প্রকৃতপক্ষে হিসাব রক্ষণের কোন পদ্ধতিই নয়।
4. এক তরফা দাখিলা পদ্ধতিতে লাভ-লোকসান সঠিকভাবে নির্ণয় করা সম্ভব।

(গ) ব্যবহারিক প্রশ্নাবলী (Practical Questions)

1. নিম্নলিখিত আর্থিক অবস্থার বিবরণীটি (Statement of Affairs) হল তমাল, বিমল ও সমীরের ব্যবসার।

Statement Assairs as at 31st January '20

Liabilities	Rs.	Assets	Rs.
Capital :		Plant & Machinery	12,000
Tamal	18,000	Sundry Debtors	18,000
Bimal	12,000	Stock	9,700
Sundry Creditors	9,000	Cash	500
Bills Payable	3,200	Capital : Samir	2,000
	142,200		42,200

2020 সালে তমাল ও বিমল যথাক্রমে মাসে 600 টাকা ও 500 টাকা উত্তোলন (Withdraw) করেছে।

31.12.20 তারিখে তাদের সম্পত্তি ও দায়গুলি হ'ল :

যন্ত্রপাতি (Plant) Rs. 12,000, দেনাদার (Sundry Debtors) Rs. 11,600, পাওনাদার (Sundry Creditors) Rs. 6,000, প্রদেয় ছত্তি (Bill Payable) R. 1,180, নগদ অর্থ (Cash) Rs. 1,1,380, মজুদ পণ্য (Stock) Rs. 10,200।

অতিরিক্ত তথ্য :

i) যন্ত্রপাতির উপর 5% হারে অবচয় ধার্য করা হয়।

ii) অংশীদারগণ 5% হারে মূলধনের উপর সুদ পায় ও যে অংশীদারের মূলধনের ডেবিট জের (balance) থাকে, তাকে 5% হারে সুদ দিতে হবে।

iii) তমাল, বিমল ও সমীর 5 : 3 : 2 অনুপাতে লাভ-লোকসান ভাগ করে।

৩১শে ডিসেম্বর '২০ তারিখে সমাপ্ত হিসাবকালের লাভ-লোকসানের হিসাব করুন ও ঐ তারিখের চূড়ান্ত আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করুন।

উত্তর :—মোট লাভ Rs. 12,600।

2. নিম্নবর্ণিত তথ্যের সাহায্যে 31.12.20 তারিখে সমাপ্ত হিসাবকালের Trading and Profit & Loss Account এবং উক্ত তারিখের উদ্বর্তপত্র প্রস্তুত করুন :

ব্যবসায়ের সম্পত্তি ও দায়গুলি হল :

Particulars	on 1.1.20	on 31.12.20
	Rs.	Rs.
মোট স্থায়ী সম্পত্তি (Fixed Assets)	15,770	12,400
মজুদ পণ্য (Stock)	8,040	11,120
নগদ অর্থ ও ব্যাঙ্কে জমা অর্থ (Cash in hand & Cash at Bank)	6,960	8,080
বয়েকা খরচ ((Outstanding Exp.)	600	330
পাওনাদার (Sundry Creditors)	15,770	12,400
দেনাদার (Sundry Debtors)	?	17,870
সারা বছরের লেনদেন :		
নগদপ্রাপ্তি ও বাট্টাপ্রদান দেনাদারদের (Cash Received and discount allowed)		64,000

Particulars	on 1.1.20	on 31.12.20
	Rs.	Rs.
বিক্রীত পণ্য ফেরত (Return from Debtors)		1,450
কু-ঋণ (Bad Debt)		420
বিক্রয় নগদ ও ধারে (Sale—Cash & Credit)		71,810
পাওনাদারের নিকট থেকে বাট্রাপ্রাপ্তি (Discount received from Creditors)		700
ক্রয় করা পণ্য ফেরত (Return to Creditors)		400
মূলধন নিয়োগ ও ব্যাঙ্কে জমা (Capital introduced & paid into Bank)		8,500
পাওনাদারদের কাছ থেকে অর্থপ্রাপ্তি ও ব্যাঙ্কে জমা (Received from Debtors and deposited to Bank)		62,500
নগদে ক্রয় (Cash Purchase)		1,030
নগদে খরচ (Expenses paid by Cash)		9,570
ব্যাঙ্ক থেকে ব্যক্তিগত কারণে উত্তোলন (Drawing's for personal use from Bank)		430
চেকে যন্ত্রপাতি ক্রয় (Purchase of Machinery by Cheque)		3,180
নগদ অর্থ ব্যাঙ্কে জমা (Cash Payments into Bank)		5,000
নগদ অর্থ ব্যাঙ্ক থেকে উত্তোলন (Withdrawn from Bank)		9,240
পাওনাদারদের চেকে অর্থ প্রদান (Payment to Creditors by Cheque)		60,270
বছরের শেষে নগদ অর্থ (Cash at hand at end)		1,200

উত্তর : Gross Profit Rs. 14,810– Net Profit Rs. 1,540, Total of Balance Sheet Rs. 49,110, Opening Cash in hand Rs. 2,960, Cash at Bank Rs. 4,000, Cash Sales (নগদ বিক্রয়) Rs. 4,600।

একক 2 □ মজুত পণ্যের ক্ষতির জন্য বীমা দাবি (Insurance Claim for Loss of Stock)

গঠন

2.0 উদ্দেশ্য

2.1 প্রস্তাবনা

2.2 বীমা দাবির প্রকৃতি

2.3 অগ্নিকাণ্ডের সময় মজুত পণ্যের মূল্য নির্ধারণ

2.4 মোট মুনাফার বা গ্রস মুনাফার শতকরা হার

2.5 ক্রয়মূল্য অপেক্ষা কম মূল্যে বা বেশি মূল্যে অস্তিত্ব সম্ভাব্যের মূল্যায়ন

2.6 অস্বাভাবিক পণ্য

2.7 প্রকৃত ক্ষতিপূরণ দাবি

2.8 সারাংশ

2.9 অনুশীলনী

2.0 উদ্দেশ্য

এই এককটি পড়ে আমরা জানতে পারব যে কোনো কারণে কারবারের সম্পত্তির কোন ক্ষতি হলে কীভাবে বীমা কোম্পানীর কাছে ক্ষতি পূরণের জন্য আবেদন করতে হয় এবং কতটা ক্ষতিপূরণ পাওয়া যায় সে সম্পর্কে।

2.1 প্রস্তাবনা

কারবারের প্রয়োজনে পণ্য মজুত করতেই হয়। পণ্য মজুত করলেই অগ্নিকাণ্ড, চুরি, বন্যা বা অন্যান্য ক্ষতির সম্ভাবনা থাকে। বীমার মাধ্যমে এই ক্ষতি কমানো সম্ভব হয়। কারবারী অনেক সময় তার মজুদাগারে পণ্যের আর্থিক ক্ষতিপূরণের জন্য বীমা কোম্পানীর কাছে বীমাপত্র ক্রয় করে। বীমা কোম্পানীগুলি বীমা মাশুলের (Premium) বিনিময়ে কারবারীকে দুর্ঘটনাজনিত কোন কারণে কোন সম্পত্তি বা মজুত পণ্যের ক্ষতি হলে কারবারীকে ক্ষতিপূরণ দিয়ে থাকে। বীমার জন্য ক্ষতিপূরণের অঙ্ক নির্ধারণ করা ব্যবসায়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়।

2.2 বীমা দাবির প্রকৃতি

বীমা একটি ক্ষতিপূরণের চুক্তি। অগ্নিকাণ্ড, চুরি, ধর্মঘট বা অন্য কোন কারণে কারবারের সম্পত্তির কোনও ক্ষতি হলে বীমার সাহায্যে এই ক্ষতিপূরণ করা যায়। এর জন্য কারবারীরকে বীমা কোম্পানীর কাছ থেকে বীমাপত্র (Insurance Policy) গ্রহণ করতে হয় এবং নিয়মিত বীমা প্রিমিয়াম বা মাশুল প্রদান করতে হয়। বীমা কোম্পানি উক্ত মাশুল প্রদানের বিনিময়ে দুর্ঘটনাজনিত কোনও কারণে কারবারের সম্পত্তির কোনও ক্ষতি হলে কারবারীকে ক্ষতিপূরণ প্রদান করে। বীমা কোম্পানী কারবারীকে যে ক্ষতিপূরণ করবে তার অঙ্ক কখনই বীমাপত্রের মূল্য অথবা প্রকৃত ক্ষতির পরিমাণ এদের মধ্যে সর্বনিম্ন পরিমাণের বেশি হবে না।

বীমার বিষয়বস্তু নানাবিধ হতে পারে। এদের মধ্যে (1) সম্পত্তি ও মজুত পণ্যের লোকসান সংক্রান্ত বীমা এবং (2) মুনাফার লোকসান সংক্রান্ত বীমা কারবারীদের মধ্যে বহুল প্রচলিত। এই এককে অগ্নিকাণ্ডের জন্য মজুত পণ্যের লোকসান সংক্রান্ত বীমা এবং ক্ষতির পরিমাণ নির্ধারণ পদ্ধতি আলোচনা করা হয়েছে।

2.3 অগ্নিকাণ্ডের সময় মজুত পণ্যের মূল্য নির্ধারণ

মজুত পণ্যের বীমা ক্ষেত্রে বীমা কোম্পানীর নিকট ক্ষতিপূরণের দাবি পেশ করবার পূর্বে সর্বপ্রথম মজুত পণ্যের মূল্য নির্ধারণ করতে হবে। প্রতিষ্ঠানের স্থায়ী সম্পত্তির ক্ষেত্রে এই মূল্য নির্ধারণ সহজেই করা যায়। এই সমস্ত স্থায়ী সম্পত্তির সংখ্যা এবং পরিমাণ অল্প বলে এবং এদের জন্য হিসাবের বইতে যথাযথ হিসাবরক্ষণ করা হয় বলে ক্ষতিগ্রস্ত সম্পত্তির মূল্য নির্ধারণ করতে কোনও বিশেষ অসুবিধা হয় না। কিন্তু অধিকাংশ ক্ষেত্রেই মজুত পণ্যের জন্য যথাযথ হিসাব রক্ষা করা হয় না বলে আকস্মিক অগ্নিকাণ্ড ঘটলে সরাসরিভাবে ক্ষতিগ্রস্ত মজুত পণ্যের মূল্য নির্ধারণ করা সম্ভব হয় না। এইরূপ ক্ষেত্রে প্রতিষ্ঠানের প্রারম্ভিক মজুত পণ্যের ক্রয় এবং প্রত্যক্ষ খরচের সমষ্টি থেকে বিক্রীত পণ্যের ক্রয়মূল্য (Cost of goods sold) বাদ দিলে প্রতিষ্ঠানের অন্তিম পণ্যের মূল্য বা দুর্ঘটনার দিনে অন্তিম পণ্যের মূল্য পাওয়া যায়। বিক্রীত পণ্যের ক্রয়মূল্য বলতে মোট বিক্রির পরিমাণ থেকে মোট লাভ বা গ্ৰস লাভের অঙ্ক বাদ দেবার পরে অবশিষ্ট অঙ্ককে বোঝায়। এই পদ্ধতিতে অন্তিম পণ্যের মূল্য নির্ধারণের জন্য নিম্নলিখিত বিবরণীটি প্রস্তুত করা যেতে পারে :

	Rs.
Opening Stock	?
Add : Purchases	?
(wages, carriage inward etc.)	?
Total value of goods	??
Less, Cost of sales	?
(Sales less gross profit)	_____
Closing stock/	??
Value of stock on the date of fire.	

নিম্নলিখিতভাবেও একটি Memorandum Trading A/c প্রস্তুত করে অন্তিম পণ্যের মূল্য নির্ধারণ করা যেতে পারে :

Memorandum Trading A/c

Particulars	Amount Rs.	Particulars	Amount Rs.
To Opening Stock	?	By Sales	?
To Purchases	?	By Closing stock/value	?
To Carriage inward	?	of stock on the date of fire	
To Wages	?	(Balancing figure)	
To Gross profit	?		
(% of Sales)	_____		

2.4 মোট মুনাফা বা গ্রস মুনাফার শতকরা হার

দুর্ঘটনার দিনে অস্তিম পণ্যের মূল্য নির্ধারণ করার জন্য যে Memorandum Trading A/c টি প্রস্তুত করতে হবে তার প্রধান উপাদান হল প্রারম্ভিক পণ্য, ক্রয়, প্রত্যক্ষ খরচ, বিক্রির পরিমাণ এবং গ্রস মুনাফা। এদের মধ্যে গ্রস মুনাফা ছাড়া অন্যান্য উপাদানগুলি প্রতিষ্ঠানের হিসাবের বই থেকে সহজেই পাওয়া যায়। উদাহরণস্বরূপ প্রারম্ভিক পণ্যের মূল্য সর্বশেষ উদ্বর্তপত্র থেকে পাওয়া যায়। ক্রয়, বিক্রয়ের পরিমাণ এবং প্রত্যক্ষ খরচের পরিমাণ সংশ্লিষ্ট বৎসরের হিসাবের বই থেকে জানা যায়। কিন্তু গ্রস মুনাফা ট্রেডিং হিসাবে অস্তিম পণ্যের মূল্য বসাবার পরে অবশিষ্ট অঙ্ক হিসাবে নির্ধারিত হয়। সুতরাং মজুত পণ্যের মূল্য জানা না থাকলে গ্রস মুনাফা নির্ধারণ করা যায় না। মজুত পণ্যের বীমা দাবির ক্ষেত্রে এটাই হল মূল সমস্যা।

যেহেতু মজুত পণ্যের বীমা দাবির ক্ষেত্রে ক্ষতিগ্রস্ত পণ্যের মূল্য (বা দুর্ঘটনার দিনে অস্তিম মজুত পণ্যের মূল্য) নির্ধারণ করাই আসল উদ্দেশ্য এবং এই অস্তিম মজুত পণ্যের মূল্য গ্রস মুনাফার ওপর নির্ভরশীল। সেই কারণে পূর্ববর্তী হিসাব বৎসরের গ্রস মুনাফার হার অগ্নিকাণ্ডের সংশ্লিষ্ট হিসাব সময়েও অপরিবর্তিত থাকবে— এই অনুমান করলে ওপরে উল্লিখিত Memorandum Trading A/c -এ গ্রস লাভের পরিমাণ স্থির করা যাবে এবং সেইক্ষেত্রে অবশিষ্ট অঙ্ক হিসাবে দুর্ঘটনার দিনে অস্তিম পণ্যের মূল্য নির্ধারণ করা যাবে।

গ্রস মুনাফাকে সাধারণত বিক্রয় মূল্যের ওপর শতকরা হিসাবে স্থির করা হয়। অর্থাৎ গ্রস মুনাফার হার =

$$\frac{\text{গ্রস মুনাফা}}{\text{বিক্রির পরিমাণ}} \times 100$$

এই গ্রস মুনাফার হার আসলে ক্রয়মূল্য এবং বিক্রয়মূল্যের মধ্যে একটি নির্দিষ্ট অনুপাতকে বোঝায়।

উদাহরণস্বরূপ, একটি পণ্যের বিক্রয়মূল্য 100 টাকা এবং গ্রস মুনাফার পরিমাণ বা শতকরা হার 20।

এই ক্ষেত্রে গ্রস মুনাফা বিক্রয়মূল্যের $\frac{20}{100}$ ভাগ বা $\frac{1}{5}$ ভাগ। সুতরাং পণ্যটির ক্রয়মূল্য বিক্রয়মূল্যের $\frac{4}{5}$ ভাগ

(অর্থাৎ $1 - \frac{1}{5}$)। এটি একটি স্থির অনুপাত। সুতরাং কোনও প্রতিষ্ঠান যদি একই দরে পণ্য ক্রয় করে এবং একই দরে পণ্য বিক্রয় করে তাহলে মোট ক্রয়ের পরিমাণ এবং বিক্রি পরিমাণ যাই হোক না কেন গ্রস মুনাফার অনুপাতটি অপরিবর্তিত থাকবে।

অতএব অগ্নিকাণ্ডের পূর্ববর্তী বৎসরের গ্রস মুনাফার হার জানা থাকলে বা নির্ধারণ করা সম্ভব হলে এই মুনাফার হার অপরিবর্তিত আছে অনুমান করে অগ্নিকাণ্ডের সময়ের জন্য Memorandum Trading A/c প্রস্তুত করে ক্ষতিগ্রস্ত পণ্যের মূল্য সহজেই নির্ধারণ করা যেতে পারে।

উপরিউক্ত আলোচনায় বাজারমূল্য (ক্রয়মূল্য এবং বিক্রয়মূল্য) অপরিবর্তিত আছে ধরে স্থির গ্রস মুনাফার হার অনুমান করা হয়েছে। কিন্তু বাস্তব ক্ষেত্রে প্রতিবৎসর এই ক্রয়মূল্য এবং বিক্রয়মূল্য স্থির না থাকতে পারে। এর ফলে গ্রস মুনাফার হার পরিবর্তিত হবে। এরূপ ক্ষেত্রে যদি অগ্নিকাণ্ডের বিভিন্ন পূর্ববর্তী বৎসরের গ্রস মুনাফার হারের মধ্যে ওঠা নামা লক্ষ্য করা যায় তাহলে অগ্নিকাণ্ডের বৎসরের অনুমিত গ্রস মুনাফার হারের জন্য কোনও একটি বিশেষ

বৎসরের গ্রস মুনাফার হারকে না ধরে এদের গড়কে ধরা উচিত। উদাহরণস্বরূপ, কোনও একটি প্রতিষ্ঠানে অগ্নিকাণ্ডের পূর্ববর্তী চারটি বৎসরের গ্রস মুনাফার হার ছিল যথাক্রমে 10%, 12%, 12% এবং 10%। এইক্ষেত্রে চার বৎসরের গড় মুনাফা অর্থাৎ 11% অগ্নিকাণ্ডের বৎসরের অনুমিত গড় মুনাফা ধরা উচিত। যদি বিভিন্ন বছরের গড় মুনাফার মধ্যে বৃদ্ধির প্রবণতা বা হ্রাসের প্রবণতা লক্ষ্য করা যায় তাহলে অগ্নিকাণ্ডের বছরেও সেই প্রবণতা বজায় থাকবে ধরে নিয়ে সেই বৎসরের গড় মুনাফা অনুমান করতে হবে। যদি উপরিউক্ত উদাহরণে চার বৎসরের মুনাফার হার যথাক্রমে 10%, 11%, 12% এবং 13% হয় তাহলে পঞ্চম বৎসরে বা অগ্নিকাণ্ডের বছরে গ্রস মুনাফার হার 14% বলে অনুমান করতে হবে।

উদাহরণ 1 : 27শে মার্চ 2018 তারিখে একটি অগ্নিকাণ্ডে X Ltd-এর সমস্ত মজুত পণ্য বিনষ্ট হয়েছে X Ltd.-এর হিসাবের বই থেকে নিম্নলিখিত তথ্যগুলি পাওয়া গেল।

Purchases less returns	1,80,000
From 1st January to 27th March, 2018	
Sales less Returns from 1st January	
to 27th march, 2018	2,46,000
Stock as on 31st Dec.d 2017	84,000

X Ltd. প্রতি বছর 31শে ডিসেম্বর হিসাব বন্ধ করে। উপরিউক্ত তথ্য থেকে নিম্নলিখিত অনুমান সাপেক্ষ ক্ষতিগ্রস্ত পণ্যের মূল্য নির্ধারণ করুন :

- X Ltd 2017 হিসাববর্ষে 24% গ্রস মুনাফা অর্জন করে এবং এই মুনাফার হার ভবিষ্যতে স্থির থাকবে।
- 2015, 2016 এবং 2017 হিসাববর্ষে X Ltd-এর গ্রস মুনাফার হার ছিল যথাক্রমে 20%, 22% এবং 24%।

সমাধান :

(i)

Books of X Ltd.

Memorandum Trading A/c
for the year 1st January to 27th March, 2018

Particulars	Amount Rs.	Particulars	Amount Rs.
To Opening Stock	84,000	By Sales Less Returns	2,46,000
To Purchases Less Returns	1,80,000	By Closing Stock	77,040
To Gross Profit (24% of 2,46,000)	59,040	(Balancing figure)	
	3,23,040		3,23,040

(ii) **Memorandum Trading A/c**
for the year 1st January to 27th March, 2018

Particulars	Amount Rs.	Particulars	Amount Rs.
To Opening Stock	84,000	By Sales Less Returns	2,46,000
To Purchases Less Returns	1,80,000	By Closing Stock	75,392
To Gross Profit (23.33% of 2,46,000)	57,392	(Balancing figure)	
	3,21,392		3,21,392

Note : 2018 সালের প্রত্যাশিত গ্রস মুনাফার হার = $\frac{24\% + 20\% + 26\%}{3}$
= 23.33%

(iii) **Memorandum Trading A/c**
for the year 1st January to 27th March, 2018

Particulars	Amount Rs.	Particulars	Amount Rs.
To Opening Stock	84,000	By Sales Less Returns	2,46,000
To Purchases Less Returns	1,80,000	By Closing Stock	81,960
To Gross Profit (26% of 2,46,000)	63,960	(Balancing figure)	
	3,27,960		3,27,960

Note : যেহেতু গ্রস মুনাফার প্রবণতা 2% হিসাবে প্রতিবৎসর বৃদ্ধি পাচ্ছে সেইজন্য 2018 সালের জন্য গ্রস মুনাফার হার 26% ধরা হয়েছে।

2.5 ক্রয়মূল্য অপেক্ষা কম মূল্যে বা বেশি মূল্যে অন্তিম সত্তার মূল্যায়ন

যেহেতু বিক্রয়মূল্য এবং ক্রয়মূল্যের পার্থক্যকে গ্রস মুনাফা হিসাবে বিবেচনা করা হয়, সেইজন্য স্বাভাবিক মুনাফার হার নির্ধারণ করতে গেলে অন্তিমপণ্যক ক্রয়মূল্যে ধরা উচিত। কিন্তু হিসাবশাস্ত্রের রক্ষণশীলতার রীতি অনুযায়ী অন্তিম পণ্যের ক্রয়মূল্য বাজার মূল্য অপেক্ষা বেশি হলে বাজার মূল্যকেই অন্তিম পণ্যের মূল্য হিসাবে ধরা হয়। আবার কোনও কোনও প্রতিষ্ঠান ধারাবাহিকভাবে ক্রয়মূল্য অপেক্ষা কম মূল্যে বা বেশি মূল্যে অন্তিম পণ্যের মূল্যায়ন করে থাকে। এইরূপ ক্ষেত্রে স্বাভাবিক গ্রস মুনাফার হার নির্ধারণ করতে হলে অন্তিম পণ্যের মূল্যকে ক্রয়মূল্যে রূপান্তর করবার জন্য প্রয়োজনীয় মিলকরণ করতে হবে। যেহেতু কোনও একটি বৎসরের অন্তিমপণ্য পরবর্তী বৎসরের প্রারম্ভিক পণ্য হিসাবে বিবেচিত হয় সেইজন্য এই মিলকরণ প্রারম্ভিক পণ্য এবং অন্তিমপণ্য—এই উভয় ক্ষেত্রেই করতে হবে।

উদাহরণ 2 : 10ই এপ্রিল 2019 সালে একটি অগ্নিকাণ্ডের ফলে Dasgupta and Co. -এর সমস্ত মজুত পণ্য ধ্বংসপ্রাপ্ত হয়। হিসাবপত্র পরীক্ষার পরে Dasgupta & Co. বই থেকে নিম্নলিখিত তথ্যগুলি পাওয়া গেল :

Particulars	Rs.
Sales for the year 2018	10,01,000
Sales for the period from 1.1.2019 to 9th March, 2019	3,00,000
Purchases for the year 2018	8,00,000
Purchases for the period from 1.1.2019 to 9th March	1,25,000
Stock on 1.1.2019	3,31,100
Stock on 31.12.2018	3,85,000

Dasgupta & Co. 31শে ডিসেম্বর হিসাব বন্ধ করে এবং মজুত পণ্য ধারাবাহিকভাবে ক্রয়মূল্য অপেক্ষা 10% বেশি মূল্যে মূল্যায়ন করে। এই ভিত্তিতে ক্ষতিগ্রস্ত মজুত পণ্যের মূল্য নির্ধারণ করুন।

Books of Dasgupta A/c
Trading A/c for the year ended 31.12.2018

Particulars	Amount Rs.	Particulars	Amount Rs.
To Opening Stock		By Sales	10,01,000
$\left(\frac{100}{110} \times 3,31,100\right)$	3,01,000	By Closing Stock	3,50,000
To Purchases	8,00,000	(Balancing figure)	
To Gross Profit	2,50,000		
	<u>13,51,000</u>		<u>13,51,000</u>

$$\text{গ্রস মুনাফার হার} = \frac{2,50,000}{10,01,000} \times 100 = 24.97\% \approx 25\%$$

Memorandum Trading A/c
for the period from 1.1.2019 to 9.3.2019

Particulars	Amount Rs.	Particulars	Amount Rs.
To Opening Stock	3,50,000	By Sales	3,00,000
To Purchases	1,25,000	By Closing Stock	2,50,000
To Gross Profit	75,000	(Balancing figure)	
(25% of 3,00,000)			
	<u>5,50,000</u>		<u>5,50,000</u>

উপরিউক্ত হিসাবের ভিত্তিতে 10ই মার্চ অগ্নিকাণ্ডের দিনে ক্ষতিগ্রস্ত পণ্যের মূল্য 2,50,000 টাকা।

2.6 অস্বাভাবিক পণ্য

অনেক ক্ষেত্রে প্রতিষ্ঠানের মজুত পণ্যের মধ্যে পুরাতন বা ক্ষতিগ্রস্ত পণ্য থাকতে পারে। এই ধরনের পণ্যকে সাধারণত ক্রয়মূল্য অপেক্ষা কম মূল্যে বিক্রি করা হয় এবং মজুত পণ্যের ক্ষেত্রে ক্রয়মূল্য অপেক্ষা কম মূল্যে মূল্যায়ন করা হয়। এর ফলে স্বাভাবিক গ্রস মুনাফার হার বিঘ্নিত হয়। এরূপ ক্ষেত্রে স্বাভাবিক গ্রস মুনাফার হার নির্ধারণ করতে হলে প্রয়োজনীয় মিলকরণের সাহায্যে ট্রেডিং হিসাবকে এই ধরনের অস্বাভাবিক পণ্যের প্রভাব থেকে মুক্ত করতে হবে। স্বাভাবিক মুনাফার হার নির্ধারণ করার পরে Memorandum Trading A/c -এ নির্দিষ্ট অঙ্ক হিসাবে যে অস্বাভাবিক পণ্যের মূল্য পাওয়া যাবে তা শুধুমাত্র ক্ষতিগ্রস্ত স্বাভাবিক পণ্যের মূল্যকে বোঝাবে। এই অঙ্কের সঙ্গে অবশিষ্ট অস্বাভাবিক পণ্যের ক্রয়মূল্য বা নির্ধারিত মূল্য যোগ করলে দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত সমগ্র পণ্যের মূল্য পাওয়া যায়।

উদাহরণ 3 : 31.3.2018 তারিখে একটি অগ্নিকাণ্ডে Calcutta Chemicals-এর কিছু পণ্য ধ্বংস হয়। নিম্নলিখিত তথ্যগুলি থেকে ক্ষতিগ্রস্ত পণ্যের মূল্য নির্ধারণ করুন :

Particulars	Rs.
Stock on 1.1.2017	76,800
Purchases during 2017	3,20,000
Sales during 2017	4,05,200
Closing stock on 31.12.2017	63,600
Purchases from 1.1.2018 to 31.3.2018	1,08,000
Sales from 1.1.2018 to 31.12.2018	1,22,800

2016 সালে 20,000 টাকা মূল্যে কিছু পণ্য ক্রয় করা হয়েছিল। এই পণ্যগুলি 31.12. 16 সালে 12,000 টাকায় মূল্যায়ন করা হয়। এই পণ্যের অর্ধেক 2017 সালে 5,200 টাকায় বিক্রি করা হয় এবং অবশিষ্ট পণ্য 31.12.17 তারিখে 4,800 টাকায় মূল্যায়ন করা হয়। 2018 সালে ফেব্রুয়ারি মাসে মূল্য পণ্যের এক চতুর্থাংশ, 2,800 টাকায় বিক্রি করা হয় এবং অবশিষ্ট পণ্যকে ক্রয়মূল্যের 60% মূল্যের মূল্যায়ন করা হয়। এই পণ্যগুলি ছাড়া অন্যক্ষেত্রে গ্রস মুনাফার হার অপরিবর্তিত আছে।

Books of Calcutta Chemical
Memorandum Trading A/c
for the period from 1.1.2018 to 31.3.2018

Particulars	Amount Rs.	Particulars	Amount Rs.
To Opening Stock (Note 1)	58,800	By Sales	1,22,800
To Purchases	1,08,000	Less. Sale of	
To Gross Profit (18.5% of 1,20,000)	22,200	abnormal goods	2,800
		By Closing Stock (Balancing figure)	69,000
	1,89,000		1,89,000

**Statement showing loss of stock
by fire as on 31.3.2018**

Particulars	Amount Rs.
Closing Stock as above	69,000
Add. Value of abnormal goods (Note 2)	3,000
Total Loss	72,000

Working :

Dr. Trading A/c for the year ended 31.12.2017 Cr.			
Particulars	Amount Rs.	Particulars	Amount Rs.
To Opening Stock	76,800	By Sales	4,05,200
Less. abnormal goods	12,000	Less. Sale of abnormal Goods	5,200
To Purchases	3,20,000	By Closing Stock	63,600
To Gross Profit	74,000	Less abnormal goods	4,8010
	<u>4,58,800</u>		<u>4,58,800</u>

$$\text{Rate of Gross Profit for 2017} = \frac{74,000}{4,00,000} \times 100 = 18.5\%$$

(2) Value of abnormal goods on 31.3.2018

	Rs.
Cost of original goods	20,000
Less. 50% Sold in 2017	<u>10,000</u>
	10,000
Less. ¼th on the original goods i.e. Rs. 5,000 sold in 2018	<u>5,000</u>
Cost price of remaining goods =	<u><u>5,000</u></u>

$$\text{Value of the above goods at 60% of cost price} = \frac{60}{100} \times 5,000 = \text{Rs. } 3,000$$

2.7 প্রকৃত ক্ষতিপূরণ দাবি

পূর্বে উল্লেখ করা হয়েছে যে বীমা কোম্পানির নিকট ক্ষতিপূরণের দাবি উপস্থাপন করার প্রাথমিক পদক্ষেপ হল অগ্নিকাণ্ডের সময় মজুত পণ্যের মূল্য নির্ধারণ করা। বীমা দাবির চূড়ান্ত নিষ্পত্তির জন্য বীমাপত্রে উল্লিখিত শর্তগুলি অবশ্যই হিসাবের মধ্যে আনতে হবে। কিন্তু কোনও অবস্থাতেই বীমা দাবির পরিমাণ প্রকৃত ক্ষতির পরিমাণ অপেক্ষা

বেশি হবে না। Memorandum Trading A/c থেকে যে অন্তিম পণ্যের মূল্য পাওয়া যায় তাকে অগ্নিকাণ্ডের সময় মজুত পণ্যের পরিমাণ হিসাবে বিবেচনা করতে হবে। এই পণ্য থেকে কোনও পণ্য উদ্ধার করা সম্ভব হলে উদ্ধারপ্রাপ্ত পণ্যের (Salvaged Stock) মূল্যকে বাদ দেবার পরে অবশিষ্ট অঙ্ককে প্রকৃত ক্ষতি হিসাবে বিবেচনা করতে হবে।

বীমাপত্রে গড় ধারা (Average caluse) থাকলে বীমা দাবির চূড়ান্ত নিষ্পত্তির জন্য একেও হিসাবের মধ্যে ধরতে হবে। বীমা চুক্তিতে গড় ধারা হল এমন একটি শর্ত যার ফলে বীমার পরিমাণ যদি ক্ষতিগ্রস্ত সম্পত্তির মূল্য অপেক্ষা কম হয় সেই ক্ষেত্রে বীমা কোম্পানীর দায় আনুপাতিকভাবে হ্রাস পায়। উদাহরণস্বরূপ একটি প্রতিষ্ঠান মজুত পণ্যের জন্য 30,000 টাকার একটি বীমাপত্র গ্রহণ করে। অগ্নিকাণ্ডের সময় প্রতিষ্ঠানটির 40,000 টাকার মজুত পণ্য ছিল এবং উদ্ধারপ্রাপ্ত পণ্যের মূল্য ছিল 20,000 টাকা। এই ক্ষেত্রে উদ্ধারপ্রাপ্ত পণ্যের মূল্য বাদ দেবার পরে প্রতিষ্ঠানটির ক্ষতির পরিমাণ 20,000 টাকা হলেও গড় ধারা অনুযায়ী প্রতিষ্ঠানটি $30,000/40,000 \times 20,000$ টাকা অর্থাৎ 15,000 টাকা ক্ষতিপূরণ পাবে। গড় ধারার মূল উদ্দেশ্য হল বীমা গ্রহীতাকে সম্পত্তির প্রকৃত মূল্য অপেক্ষা কম মূল্যে বীমা করা থেকে বিরত করা।

উদাহরণ 4 : 15ই জুন 2019 তারিখে Pioneer Stores অগ্নিকাণ্ডের ফলে আংশিকভাবে ক্ষতিগ্রস্ত হয়। খাতাপত্র পরীক্ষার পরে নিম্নলিখিত তথ্যগুলি পাওয়া গেল :

Particulars	Rs.
Stock at cost on 1st January 2018	4,41,000
Stock at cost on 31st December 2018	4,77,60
Purchases less returns for the year ended 31.12.2018	23,88,000
Sales less returns for the year ended 31.12.2018	29,22,000
Purchases less returns upto 15th June 2017	9,72,000
Sales less returns upto 15th June 2017	13,87,200

31.12.2018 তারিখে মজুত পণ্যের মূল্যায়নের সময় কিছু পুরাতন পণ্যের জন্য 13,800 টাকা অবমূল্যায়ন করা হয়েছিল। এই পণ্যগুলির ক্রয়মূল্য ছিল 41,400 টাকা। 2019 সালের মার্চ মাসে এই পণ্যগুলি থেকে 20,700 টাকা ক্রয়মূল্যের পণ্য 1,500 টাকা লোকসানে বিক্রি করা হয়েছে। অবশিষ্ট পুরাতন পণ্যগুলিকে এদের ক্রয়মূল্যে মূল্যায়ন করা হয়েছে। অগ্নিকাণ্ডের সময় উদ্ধারপ্রাপ্ত পণ্যের মূল্য ছিল 34,800 টাকা। Pioneer Stores মজুত পণ্যের জন্য 3,00,000 টাকার বীমাপত্র গ্রহণ করেছিল। গড়ধারা প্রযোজ্য ধরে Pioneer Stores-এর প্রাপ্য বীমা দাবির পরিমাণ নির্ধারণ করুন।

সমাধান :

Books of Pioneer Stores
Memorandum Trading A/c for the period
1st January to 15th June 2019

Particulars	Amount Rs.	Particulars	Amount Rs.
To Opening Stock (Note 1)	4,50,000	By Sales	13,87,200
To Purchases	9,72,000	Less. Sale of old goods (20,700–1,500)	19,200
To Gross Profit (20% of 13,68,000)	2,73,600	By Closing Stock (Balancing figure)	
	16,95,600		16,95,600

Statement of claim for loss of stock on 15th June, 2019

Particulars	Amount Rs.
Value of stock (as above)	3,27,600
Add. Cost Price of old stock (41,400—20,700)	20,700
	3,48,300
Less. Salvage	34,800
Total Loss	3,13,500

Net claim after average clause =

$$\frac{\text{Policy Value}}{\text{Value of Stock}} \times \text{Loss of Stock} = \frac{3,00,000}{3,48,300} \times 3,13,500 = \text{Rs. } 2,70,026$$

Working :

Trading A/c			
Dr.		Cr.	
Particulars	Amount Rs.	Particulars	Amount Rs.
To Opening Stock	4,41,000	By Sales less Returns	29,22,000
Less. Cost of old goods	41,400	By Closing Stock	4,77,600
To Purchases less Returns	23,88,000	Less. Remaining Value of old stock	27,600
To Gross Profit (Balancing figure)	5,84,400	(41,400 — 13,800)	
	33,72,000		33,72,000

$$\text{Rate of Gross Profit for 2018} = \frac{5,84,400}{29,22,000} \times 100 = 20\%$$

2.8 সারাংশ

অগ্নিকাণ্ড, চুরি বা অন্যকোন কারণে কারবারের সম্পদ ক্ষতিগ্রস্ত হলে কীভাবে বীমা কোম্পানীর কাছ থেকে ক্ষতিপূরণ পাওয়া যায় এবং কতটা পাওয়া যায় সে সম্পর্কে এক সম্যক ধারণা এই এককটি পাঠ করে জানতে পারা যায়।

2.9 অনুশীলনী

(ক) সংক্ষিপ্ত প্রশ্নোত্তর :

- (1) গড় ধারা বলতে কি বোঝেন?
- (2) অস্বাভাবিক পণ্য বলতে কি বোঝেন?

(খ) দীর্ঘ প্রশ্নোত্তর :

- (1) অগ্নিকাণ্ডের সময় মজুত পণ্যের মূল্য নির্ধারণ করার পদ্ধতি আলোচনা করুন।
- (2) গ্রস মুনাফার হার বলতে কি বোঝেন? মজুত পণ্যের মূল্য নির্ধারণের ক্ষেত্রে এর ভূমিকা আলোচনা করুন।
- (3) মজুত পণ্যের ক্ষেত্রে পূর্ণবীমা না থাকলে ক্ষতিপূরণ দাবি করবার পদ্ধতিটি আলোচনা করুন।

(গ) ব্যবহারিক সমস্যা (Practical Problems) :

- (1) 15 জুন 2019 তারিখে একটি অগ্নিকাণ্ডে Tara Stores-এর মজুত পণ্য ক্ষতিগ্রস্ত হয়।

খাতাপত্র পরীক্ষার পরে Tara Stores নিম্নলিখিত তথ্যগুলি প্রদান করতে সক্ষম হল :

Particulars	Amount Rs.
Closing Stock on 31.12.18	84,000
Purchases less Returns 1.1.2001	1,80,000
Sales less Returns 1.1.2001 to 14.6.2019	2,46,000

31.12.2018 সমাপ্ত হিসাব বৎসরে Tara Stores ক্রয়মূল্যের ওপর 25% গ্রস মুনাফা অর্জন করে। ক্রীত পণ্যের মধ্যে চালান মূল্যে 7,200 টাকার পণ্য অন্তর্ভুক্ত ছিল। এই পণ্যগুলি 15 জুন পর্যন্ত পাওয়া যায়নি। গ্রস মুনাফার হার ভবিষ্যতে অপরিবর্তিত থাকবে অনুমান করে অগ্নিকাণ্ডের জন্য ক্ষতিগ্রস্ত পণ্যের মূল্য নির্ধারণ করুন।

(Ans. Value of Stock Rs. 60,000)

(2) 31 শে জানুয়ারি 2018 তারিখে একটি অগ্নিকাণ্ডে X Ltd.-এর সমস্ত মজুত পণ্য ধ্বংস হবার পরে নিম্নলিখিত তথ্যগুলি পাওয়া গেল :

Particulars	2015	2016	2017	2018 (Up to the date of Fire)
	Rs.	Rs.	Rs.	Rs.
Opening Stock	13,545	16,200	18,000	18,450
Purchases less Returns	37,450	40,000	40,500	3,000
Sales Less Returns	60,000	66,000	70,000	6,000
Wages	8,700	9,500	10,450	1,000
Closing Stock	16,200	18,000	18,450	—

X Ltd. উদ্বর্তপত্র প্রস্তুত করবার জন্য মজুত পণ্যকে ধারাবাহিকভাবে ক্রয়মূল্য অপেক্ষা 10% অবমূল্যে মূল্যায়ন করে। ক্ষতিগ্রস্ত পণ্যের মূল্য নির্ধারণ করুন।

(Ans. Average G.P. rate 28%, Value of Stock on 31st Jan. Rs. 20,180)

(3) 1লা অক্টোবর 2019 তারিখে একটি অগ্নিকাণ্ডে A Ltd.-এর মজুতপণ্য ক্ষতিগ্রস্ত হবার পরে নিম্নলিখিত তথ্যগুলি পাওয়া গেল :

Particulars	Rs.
Stock at cost on April 30, 2018	44,300
Stock at cost on April 30, 2019	37,550
Purchases for the year to April 30, 2019	1,03,850
Sales for the year to April 30, 2019	1,52,500
Purchases from May 1, 2019 to Sept. 30, 2019	37,350
Sales from May 1, 2019 to Sept. 30, 2019	59,000

30 শে এপ্রিল 2019 তারিখে মজুত পণ্যের মূল্যায়ন করবার সময় কিছু পণ্য 800 টাকা কম মূল্যে মূল্যায়ন করা হয়েছিল। পণ্যগুলির ক্রয়মূল্য ছিল 1,800 টাকা। এই পণ্যগুলি 2019 সালে জুন মাসে 1,750 টাকায় বিক্রি করা হয়েছিল। এই লেনদেনটি ছাড়া অন্যান্য ক্ষেত্রে গ্ৰস মুনাফার হার অপরিবর্তিত ছিল।

A Ltd. ধ্বংসাবশেষ থেকে 5,105 টাকার পণ্য উদ্ধার করতে সমর্থ হয়। A. Ltd এর বীমাদাবির পরিমাণ নির্ধারণ করুন।

(Ans. Gross profit rate 28%, Claim Rs. 27,575)

(4) 15 অক্টোবর 2018 তারিখে একটি অগ্নিকাণ্ডে Reshmi Stores-এর মজুত পণ্য ক্ষতিগ্রস্ত হবার পর নিম্নলিখিত তথ্যগুলির পাওয়া গেল :

Particulars	Rs.
Stock on 1-1-2017	30,600
Purchases from 1-1-2017 to 31-12-2017	1,22,000
Sales from 1-1-2017 to 31-12-2017	1,80,000
Stock as on 31-12-2017	27,000
Purchases from 1-1-2018 to date of fire	1,47,000
Sales from 1-1-2018 to date of fire	1,50,000

Reshmi Stores মজুত পণ্য ক্রয়মূল্য অপেক্ষা 10% অবমূল্যে মূল্যায়ন করে। ধ্বংসাবশেষ থেকে 18,000 টাকার পণ্য উদ্ধার করা হয়। গড়ধারাসহ বীমাপত্রের মূল্য 63,000 টাকা অনুমান করে বীমা দাবির পরিমাণ নির্ধারণ করুন।

(Ans. Gross profit rate 30%, Claim Rs. 47,250)

(5) 16 আগস্ট 2019 তারিখে একটি অগ্নিকাণ্ডের X Ltd-এর মজুত পণ্যের প্রভূত ক্ষতিসাধন হয়। খাতাপত্র পরীক্ষার পরে নিম্নলিখিত তথ্যগুলি জানা গেল :

Particulars	Rs.
Stock on 1st April 2018	38,400
Purchases during the year ended 31st March, 2019	1,60,000
Sales during the year ended 31st March, 2019	2,02,600
Closing stock on 31st March, 2019	31,800
Purchases from 1st April to the date of Fire	54,000
Sales from 1st April to 15th August, 2019	61,400

2017 সালে কিছু পণ্য 10,000 টাকায় ক্রয় করা হয়েছিল। এই পণ্যগুলি 31শে মার্চ 2018 তারিখে 6,000 টাকায় মূল্যায়ন করা হয়। উক্ত পণ্যের অর্ধেক 2018 সালের জুলাই মাসে 2,600 টাকায় বিক্রয় করা হয়। অবশিষ্ট পণ্য 31শে মার্চ 2019 তারিখে 2,400 টাকায় মূল্যায়ন করা হয়। সমগ্র পণ্যের এক-চতুর্থাংশ 2019 সালের জুন মাসে 1,400 টাকায় বিক্রি করা হয়। অবশিষ্ট পণ্যগুলি ক্রয়মূল্য অপেক্ষা 40% কম মূল্যে মূল্যায়ন করা হয়। ধ্বংসাবশেষ থেকে 12,000 টাকার পণ্য উদ্ধার করা হয়। গড় ধারাসহ বীমাপত্রের মূল্য 30,000 টাকা অনুমান করে বীমা দাবির পরিমাণ নির্ধারণ করুন।

(Ans. G. P. rate : 18.5%, Net Claim Rs. 20,000)

একক 3 □ অংশীদারী ব্যবসায়ের হিসাব-I (Partnership Accounts-I)

গঠন

- 3.0 উদ্দেশ্য
- 3.1 প্রস্তাবনা
- 3.2 অংশীদারী কারবারের সংজ্ঞা
 - 3.2.1 অংশীদারী কারবারের অপরিহার্য উপাদান
- 3.3 অংশীদারী ও সহমালিকানার পার্থক্য
- 3.4 অংশীদারী চুক্তিপত্র ও অংশীদারী প্রতিষ্ঠানের নিবন্ধন
- 3.5 অংশীদারগণের অধিকার ও কর্তব্য
- 3.6 অংশীদারী কারবারের হিসাবপত্র
 - 3.6.1 ভূমিকা (আইনগত বিধান ও ব্যবসাসায়িক রীতিনীতি)
 - 3.6.2 অংশীদারগণের মূলধনের হিসাব
 - 3.6.3 স্থির মূলধন হিসাব
 - 3.6.4 পরিবর্তনশীল মূলধন হিসাব
 - 3.6.5 অংশীদারগণের ড্রয়িংস হিসাব
 - 3.6.6 অংশীদারগণের চলতি হিসাব এবং ড্রয়িংস হিসাবের পার্থক্য
- 3.7 অংশীদারগণের লাভ - লোকসান বন্টনের হিসাব
 - 3.7.1 লাভ-লোকসান হিসাব ও লাভ-লোকসান বন্টনের হিসাবের মধ্যে পার্থক্য
 - 3.7.2 অংশীদারগণের মূলধনের উপর সুদ
 - 3.7.3 উত্তোলনের উপর সুদ
 - 3.7.4 অংশীদারগণের মাহিনা
 - 3.7.5 উদাহরণ
- 3.8 নতুন অংশীদার গ্রহণ
 - 3.8.1 সম্পত্তি ও দায়ের পুনর্মূল্যায়ন
 - 3.8.2 সংরক্ষণের বন্টন
 - 3.8.3 নতুন মুনাফা -বন্টনের অনুপাত নির্ধারণ
 - 3.8.4 ত্যাগানুপাত ও ভোগানুপাত নিরূপণ
 - 3.8.5 সুনাম
 - 3.8.6 সুনামের মূল্যায়ন পদ্ধতি
 - 3.8.7 উদাহরণ
- 3.9 অংশীদারের অবসরগ্রহণ
 - 3.9.1 নতুন অংশীদারের গ্রহণ সমেত পুরানো অংশীদারের অবসরগ্রহণ

3.9.2 যৌথ জীবনবীমাপত্র

3.9.3 উদাহরণ

3.10 অনুশীলনী

3.0 উদ্দেশ্য

অনেক ক্ষেত্রে দেখা যায় যে, দুই বা ততোধিক ব্যক্তি একত্রিত হয়ে অংশীদারী আইন অনুসারে অনির্দিষ্টকাল ব্যাপী একটি ব্যবসা চালিয়ে থাকেন। সাধারণত এরূপ ব্যবসাকেই অংশীদারী ব্যবসা (Partnership Business) বলে। যে ব্যক্তিগণ যুক্তভাবে ঐ ব্যবসা চালান, তাদের বলা হয় অংশীদার (Partner)। এই এককটি পাঠ করে আমরা অংশীদারী কারবারে অংশীদারগণের লাভ-লোকসান বন্টন, নতুন অংশীদার গ্রহণ, অংশীদারের অবসরগ্রহণ, অংশীদারের মৃত্যু ইত্যাদি সম্পর্কে কিভাবে হিসাবনিকাশ করতে হয় সে বিষয়ে একটা ধারণা লাভ করতে সক্ষম হব।

3.1 প্রস্তাবনা

চলতি ব্যবসায়ী প্রতিষ্ঠানগুলির মধ্যে অংশীদারী কারবার অন্যতম। অংশীদারী কারবারের একটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হল মুনাফা অর্জন। এই মুনাফা নির্ণয় করার জন্য অংশীদারী কারবারে বিভিন্ন হিসাব যেমন, মূলধনের হিসাব, চলতি হিসাব, লাভ-লোকসান বন্টনের হিসাব ইত্যাদি তৈরী করতে হয়। এই এককে নতুন অংশীদার গ্রহণ, অংশীদারের অবসর, সুনামের মূল্যায়ন ইত্যাদি আলোচনা করা হয়েছে।

3.2 অংশীদারী কারবারের সংজ্ঞা

১৯৩২ খ্রিস্টাব্দের ভারতীয় অংশীদারী আইনের ৪নং ধারা অনুসারে সকল ব্যক্তি দ্বারা অথবা সকলের পক্ষে যে কোন একজনের দ্বারা পরিচালিত ব্যবসায়ের মুনাফা নিজেদের মধ্যে বন্টনের জন্য চুক্তিবদ্ধ ব্যক্তিদের মধ্যে যে সম্পর্ক নিহিত আছে, তাকেই অংশীদারী ব্যবসা বলে।

3.2.1 অংশীদারী কারবারের অপরিহার্য উপাদান

অংশীদারী কারবারের অপরিহার্য উপাদানগুলি নিম্নরূপ :

ক) **স্বৈচ্ছাপ্রদত্ত সম্মতি** — অংশীদারীর একটি মূল উপাদান হল এই যে, দুই বা ততোধিক ব্যক্তি একত্র না হলে অংশীদারীর সৃষ্টি হয় না। এই কারবারে একের অধিক এবং কুড়িজনের কম অংশীদার থাকা প্রয়োজন। তবে, অংশীদারী প্রতিষ্ঠানটি ব্যাঙ্কিং ব্যবসায় লিপ্ত থাকলে দশজনের বেশী অংশীদার থাকতে পারবে না। এ ছাড়া এই ব্যক্তিগণ অবশ্যই একটি চুক্তিতে আবদ্ধ হবেন। অংশীদারী আইনের ৫নং ধারা অনুযায়ী অংশীদারী সম্পর্ক চুক্তি থেকে জন্মলাভ করে—জন্মগত বা সামাজিক অধিকার বলে নয়।

খ) **প্রতিনিধিত্ব** — এই জাতীয় ব্যবসায় সকল অংশীদারকে একাধারে মালিক ও ব্যবসায়ের বিষয়ে একে অন্যের প্রতিনিধি হতে হবে। সকল অংশীদারের ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণের অধিকার আছে, আবার সকলে পরিচালনায় বা ব্যবসা অংশগ্রহণ না করে এক বা একাধিক ব্যক্তির উপর পরিচালনার ভার দেওয়া যেতে পারে, তবে এই এক বা একাধিক ব্যক্তি প্রতিনিধি হিসাবে কাজ করলেও সকল অংশীদার দায়াবদ্ধ হবেন।

গ) ব্যবসায় উদ্ভূত লাভ বন্টন — অন্যান্য ব্যবসায়ের মতই অংশীদারী ব্যবসায়ের মূল উপাদান মুনাফা অর্জন করা। অংশীদারীর মূল কথা লাভের উদ্দেশ্যে ব্যবসা, পরোপকার বা সেবার জন্য নয়। মুনাফা বা লাভ সকল অংশীদারীদের নিজেদের মধ্যে চুক্তি অনুপাতে বন্টন করে নিতে সম্মত হতে হবে। অন্যথা উল্লেখ না থাকলে ব্যবসায় উদ্ভূত ক্ষতিও অংশীদাররা চুক্তি অনুসারে বহন করবেন। তবে কোন ব্যক্তি শুধুমাত্র লাভের অংশীদারই হবেন এই মর্মে অংশীদারী চুক্তিতে আবদ্ধ হতে পারেন।

3.3 অংশীদারী ও সহমালিকানার পার্থক্য

- দুই বা ততোধিক ব্যক্তি একত্রিত হয়ে অংশীদারী আইন অনুসারে মুনাফার উদ্দেশ্যে যে ব্যবসা করেন, তাকে অংশীদারী কারবার বলে। কয়েকজন ব্যক্তি যৌথভাবে কোন সম্পত্তি থেকে মুনাফা ভোগ করলে যে সম্পর্ক গড়ে ওঠে, তাকে সহমালিকানা (Co-ownership) বলে।
- অংশীদারী সম্পর্ক চুক্তিদ্বারা সৃষ্টি হয়, কিন্তু সহমালিকানার সম্পর্ক চুক্তি ছাড়াও সৃষ্টি হতে পারে।
- একজন অংশীদার অপর অংশীদারের সম্মতি ছাড়া তার অংশ হস্তান্তর করতে পারে না। কিন্তু একজন সহমালিক অন্য মালিকের সম্মতি ছাড়াই তার অংশ হস্তান্তর করতে পারে।
- একজন অংশীদার অপর অংশীদারের প্রতিনিধি হয়ে ব্যবসায় কাজ করতে পারেন, এবং ব্যবসা-সংক্রান্ত কার্যের জন্য একজন অন্যজনকে দায়বদ্ধ করতে পারে। কিন্তু, একজন সহমালিক অন্যান্য সহমালিককে দায়বদ্ধ করতে পারে না।
- একজন অংশীদারের মৃত্যু হলে বা কোন অংশীদার দেউলিয়া হলে সাধারণত ব্যবসায়ের অবসান ঘটে। কিন্তু কোন সহমালিকের মৃত্যু হলে বা কোন সহমালিক দেউলিয়া হলে সহমালিকানার বিলুপ্তি হয় না।

3.4 অংশীদারী চুক্তিপত্র ও অংশীদারী প্রতিষ্ঠানের নিবন্ধন

দুই বা ততোধিক ব্যক্তি (ব্যাকিং ব্যবসায় ১০ জনের কম, এবং অন্যান্য ব্যবসায় ২০ জনের কম) মুনাফা অর্জনের উদ্দেশ্যে অংশীদারী কারবার গঠন করতে পারে। অংশীদারদের মধ্যে পারস্পরিক চূড়ান্ত বিশ্বাস (utmost good faith) অংশদারী চুক্তির মূল ভিত্তি।

অংশীদারী চুক্তি মৌখিক বা লিখিত (oral or written) হতে পারে। ভবিষ্যতে বিরোধ যাতে না হয়, সে জন্য লিখিত চুক্তি কাম্য।

অংশীদারী চুক্তিতে লাভ-লোকসান বন্টনের অনুপাত, অংশীদারদের অধিকার ও স্বার্থ, হিসাবরক্ষণ পদ্ধতি, পুঁজির পরিমাণ ইত্যাদি বিষয় লিখিত থাকে।

অংশীদারী প্রতিষ্ঠানের নিবন্ধন (Registration)

অংশীদারী ব্যবসায় নিবন্ধন বাধ্যতামূলক নয়। ইচ্ছা করলে এরূপ ব্যবসা নিবন্ধন করা যায়, আবার না করলেও চলে। নিবন্ধনের জন্য নির্দিষ্ট ফী সহ অংশীদারী প্রতিষ্ঠানের নিবন্ধকের কাছে নির্ধারিত আবেদনপত্রে (application form) নিম্নলিখিত বিষয়গুলি সম্বন্ধে জানিয়ে আবেদন করতে হয়।

i) প্রতিষ্ঠানের নাম ii) প্রধান কর্মস্থল iii) অন্যান্য স্থানে ব্যবসা করলে তাদের ঠিকানা iv) প্রত্যেক অংশীদারের যোগদানের তারিখ v) অংশীদারদের নাম, স্থায়ী ঠিকানা, vi) ব্যবসায়ের কার্যকাল।

পরবর্তী সময় উপরের তথ্যগুলির কোন পরির্তন হলে তা অবশ্যই নিবন্ধককে জানাতে হয় এবং সেই অনুসারে তিনি নিবন্ধন বইতে তা পরিবর্তন করেন।

3.5 অংশীদারীগণের অধিকার ও কর্তব্য

বিপরীতমর্মে কোন চুক্তি না থাকলে অংশীদারী ব্যবসায়ের ব্যবস্থাপনা ও অন্যান্য বিষয় আইন অনুসারে অংশীদারগণের অধিকারগুলি নিম্নরূপ :

- i) সকল অংশীদারদের ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণ করবার অধিকার থাকবে।
- ii) ব্যবসায়ের খাতাপত্র দেখবার, পরীক্ষা করবার ও তার প্রতিলিপি নেবার অধিকার সকল অংশীদারদের থাকবে।
- iii) চুক্তিপত্রে অন্যরূপ কিছু না থাকলে ব্যবসা পরিচালনা ও অংশগ্রহণ করবার জন্য কোন অংশীদারই পারিশ্রমিক দাবি করতে পারবেন না।
- iv) চুক্তিতে অন্যরূপ কিছু উল্লেখ না থাকলে ব্যবসায়ের লাভ-লোকসান সকল অংশীদারই সমান অনুপাতে ভোগ করবেন।
- v) চুক্তিতে কিছু উল্লেখ না থাকলে কোন অংশীদারই তাঁর মূলধনের উপর সুদ পাবার অধিকারী হবেন না।
- vi) স্বীকৃতি মূলধনের অতিরিক্ত অর্থ ঋণ হিসাবে দিলে অংশীদারগণ বার্ষিক ৬ শতাংশ হারের অনধিক সুদ পাবার অধিকারী।
- vii) সাধারণ অবস্থায় ব্যবসায় পরিচালনায় অংশীদার যদি কোন অর্থব্যয় বা দায় স্বীকার করে থাকেন, তাহলে তিনি অংশীদারী ব্যবসা থেকে যথোপযুক্ত ক্ষতিপূরণ পাবার অধিকারী হবেন।
- viii) চুক্তিতে উল্লেখ না থাকলে কোন অংশীদারকে অংশীদার কারবার থেকে বহিষ্কৃত করা যাবে না। তবে চুক্তিতে উল্লেখ থাকলে কারবারের স্বার্থে বেশিরভাগ অংশীদারের সম্মতিক্রমে কোন অংশীদারকে সরানো যেতে পারে।
- ix) কোন অংশীদার অংশীদারী চুক্তি অনুসারে প্রতিষ্ঠান থেকে নিজস্ব পাওনাগুণা সমেত কারবার থেকে অবসর গ্রহণ করতে পারেন।
- x) সর্বসম্মতিক্রমে অংশীদার কারবারের অবসাদন হতে পারে।

অংশীদারদের কর্তব্য (Partners' duties)

- i) সকল অংশীদারগণ চুক্তি অনুসারে, সততা বিশ্বাস ও পরিশ্রম সহকারে ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণ করবেন।
- ii) ব্যবসায়ের সম্পত্তি কেবলমাত্র ব্যবসায়ের উদ্দেশ্যে রক্ষিত ও ব্যবহৃত হবে।
- iii) চুক্তি অনুসারে কোন অংশীদার ব্যবসা প্রতিষ্ঠানের লেনদেন থেকে বা সম্পত্তি বা নাম ব্যবহার করে কোন মুনাফা লাভ করলে বা ঐ জাতীয় ব্যবসা বা প্রতিযোগী ব্যবসা করে গোপনে ব্যক্তিগত মুনাফা লাভ করলে, ঐ মুনাফার হিসাব এবং টাকা অবশ্যই প্রতিষ্ঠানকে দিতে হবে।
- iv) চুক্তিতে অন্যরূপ কিছু উল্লেখ না থাকলে ব্যবসায়ের লাভ বা ক্ষতি সকল অংশীদার সমানভাবে বহন করবেন।

3.6 অংশীদারী কারবারের হিসাবপত্র

অংশীদারী কারবারের হিসাব লিপিবদ্ধ করবার জন্য কোন পৃথক আইন, পদ্ধতি, রীতিনীতি ইত্যাদি নেই। হিসাবশাস্ত্রের সাধারণ নিয়ম অনুযায়ী অংশীদার কারবারের হিসাব লেখা হয়। তবে, চুক্তিপত্রের শর্ত, নিয়ম প্রভৃতি অবশ্যই হিসাবরক্ষার সময় মনে রাখা প্রয়োজন।

3.6.1 ভূমিকা (আইনগত বিধান ও ব্যবসায়িক রীতিনীতি) (Introduction)

একক মালিকানা ব্যবসায়ের মত অংশীদারী ব্যবসায়ের আইনের দৃষ্টিতে নিজস্ব কোন অস্তিত্ব (separate entity) নেই। ব্যবসায়ের দায় মেটাবার জন্য অংশীদারগণ ব্যক্তিগতভাবে দায়ী। ব্যবসায়ের সম্পত্তি যদি ব্যবসায়ের সম্পূর্ণ দায় মেটাবার পক্ষে যথেষ্ট না হয়, তাহলে অংশীদারগণ ব্যক্তিগত সম্পত্তি থেকে অবশিষ্ট দায় মেটাবেন। অংশীদারদের দায় সীমাহীন (unlimited liability)। ব্যবসায়ের দায়ের জন্য অংশীদারদের দায় যৌথ ও ব্যক্তিগত (Join and Several)।

3.6.2 অংশীদারগণের মূলধনের হিসাব (Partner's capital accounts)

প্রত্যেক অংশীদারের নামে ভিন্ন ভিন্ন মূলধনের হিসাব (capital accounts) রাখতে হবে। অংশীদারী কারবারে মূলধনের হিসাব দুই ভাবে রাখা যায়।

১। স্থির মূলধন হিসাব (fixed capital account)

২। পরিবর্তনশীল মূলধন হিসাব (fluctuating capital account)

3.6.3 স্থির মূলধন হিসাব (Fixed capital account)

এই পদ্ধতিতে অংশীদারদের মূলধন হিসাবে যে পরিমাণ অর্থ বিনিয়োগ করে থাকে, কেবল সেই পরিমাণ অর্থ প্রতিটি অংশীদারদের Capital A/c-তে Credit করা হয়। এক্ষেত্রে অংশীদারদের সঙ্গে ব্যবসায়ের Capital A/c-র লিপিবদ্ধ করা হয় না। এই লেনদেনগুলি লিপিবদ্ধ করবার জন্য প্রত্যেক অংশীদারদের নামে পৃথকভাবে হিসাব খুলতে হয়। এ হিসাবের নাম current account।

তবে, অংশীদারগণ পুনরায় মূলধন বিনিয়োগ করলে বা উত্তোলন করলে তা Capital Account-এ লিপিবদ্ধ করা হয়। অর্থাৎ এই পদ্ধতিতে Capital Account-এর জের প্রতি বছর স্থির বা সমান নাও থাকতে পারে।

3.6.4 পরিবর্তনশীল মূলধন হিসাব (Fluctuating capital account)

এই পদ্ধতিতে অংশীদারদের মূলধন হিসাবে (partners' capital A/c) অংশীদারদের সঙ্গে ব্যবসায়ের যাবতীয় লেনদেন যেমন মূলধন বিনিয়োগ, মূলধন উত্তোলন, মূলধন এবং উত্তোলনের উপর সুদ, মাহিনা, বোনাস, কমিশন, লাভ বা লোকসান ইত্যাদি সকল লেনদেনগুলি Capital A/c-এ লিপিবদ্ধ করা হবে। ফলে পৃথকভাবে Current A/c খুলতে হবে না। কিন্তু অংশীদার দ্বারা ব্যবসায়কে প্রদত্ত ঋণ এবং তার উপর সুদ Capital A/c-তে লিপিবদ্ধ করা হয় না। পরিবর্তনশীল মূলধন হিসাব পদ্ধতিতে Capital A/c-এর জের প্রতি বছর পরিবর্তিত হয়।

স্থির মূলধন হিসাব ও পরিবর্তনশীল মূলধন হিসাবের মধ্যে পার্থক্য

স্থির মূলধন হিসাব	পরিবর্তনশীল মূলধন হিসাব
১। এই হিসাবখাতে শুধুমাত্র অংশীদারদের নিয়োজিত মূলধনের হিসাব দেখানো হয় কিন্তু অংশীদারের অন্যান্য দেনাপাওনা সংক্রান্ত কোন হিসাব এখানে দেখানো হয় না।	১। এই হিসাবখাতে অংশীদারদের নিয়োজিত মূলধন সহ, দেনাপাওনা পুন বিনিয়োগ ও উত্তোলন সম্পর্কিত যাবতীয় লেনদেন দেখানো হয়।
২। এক্ষেত্রে বিভিন্ন অংশীদারদের নিয়োজিত মূলধনের মোট পরিমাণ অপরিবর্তিত থাকে।	২। এক্ষেত্রে বছর বছর অংশীদারদের নিয়োজিত মূলধনের পরিমাণ পরিবর্তনশীল হয়।
৩। এই পদ্ধতিতে প্রত্যেক অংশীদারের নামে Capital A/c, Current A/c এবং Drawing A/c খোলা হয়।	৩। এই পদ্ধতিতে প্রত্যেক অংশীদারদের নামে capital A/c এবং Drawing A/c খোলা হয়।
৪। স্থির মূলধনের হিসাবের জের সর্বদাই credit হয়।	৪। পরিবর্তনশীল মূলধনের জের debit ও credit উভয়ই হতে পারে।

3.6.5 অংশীদারগণের ড্রয়িং হিসাব (Partners' Drawings Account)

অংশীদারগণ দ্বারা নগদ অর্থ বা পণ্য উত্তোলনের (withdrawn of Capital or Goods) হিসাব পৃথকভাবে অংশীদারগণের ড্রয়িংস হিসাবে লিপিবদ্ধ করা হয়। বছরের শেষে এই হিসাবের জের প্রস্তুত করা হয় এবং তা অংশীদারগণের মূলধনের হিসাবে (যে ক্ষেত্রে পরিবর্তনশীল মূলধন পদ্ধতি ব্যবহার করা হয়) অথবা অংশীদারগণের চলতি হিসাব (যে ক্ষেত্রে স্থিরমূলধন পদ্ধতি ব্যবহার করা হয়) স্থানান্তরিত করা হয়।

3.6.6 অংশীদারগণের চলতি হিসাব এবং ড্রয়িংস হিসাবের পার্থক্য

চলতি হিসাব (Current A/c)	ড্রয়িং হিসাব (Drawings A/c)
১। ইহা একটি স্থায়ী হিসাবখাত। বছরের শেষে জের আগামী বছরে নিয়ে যাওয়া হয়।	১। ইহা একটি অস্থায়ী হিসাবখাত। বছরের শেষে জের Capital A/c -এ স্থানান্তরিত করা হয়।
২। এই হিসাবে অংশীদারদের যাবতীয় লেনদেন যেমন, মূলধন ও উত্তোলনের উপর সুদ, মাহিনা, লাভ বা লোকসান ইত্যাদি লিপিবদ্ধ করা হয়।	২। এই হিসাবে কেবলমাত্র অংশীদারদের ব্যবসা থেকে নগদ অর্থ বা পণ্য উত্তোলনের হিসাব রাখা হয়।
৩। কেবলমাত্র স্থির মূলধন হিসাবের ক্ষেত্রে ইহা রাখা হয়।	৩। স্থিরমূলধন হিসাব এবং পরিবর্তনশীল হিসাব উভয় ক্ষেত্রেই ইহা রাখা হয়।
৪। এই হিসাবের জের debit বা credit দুই-ই হতে পারে।	৪। এই হিসাবের জের সব সময় debit হবে।
৫। ইহা Balance Sheet-এ দেখানো হয়।	৫। ইহা Balance Sheet-এ পৃথকভাবে দেখানো হয় না।

3.7 অংশীদারগণের লাভ-লোকসান বন্টনের হিসাব

অংশীদারী কারবারে বছরের শেষে Profit and Loss Account-এর মাধ্যমে নীট লাভ (Net Profit) নির্ধারণ করা হয়। এরপর, Profit and Loss Appropriation A/c-এর মাধ্যমে অংশীদারগণের মধ্যে ঐ লাভ বা লোকসান বন্টনের হিসাব দেখানো হয়। অংশীদারগণ ব্যবসায়ের মুনাফা বিভিন্নভাবে বন্টন করতে পারেন। লাভের কিছু অংশ সাধারণ সঞ্চিতি (General Reserve)-তে স্থানান্তর করা হতে পারে। আবার মুনাফার কিছু অংশ অংশীদারদের মধ্যে মূলধনের উপর সুদ, মাহিনা, কমিশন ইত্যাদি ভাবে বন্টন করা যেতে পারে। সবশেষে অবশিষ্ট মুনাফা লাভ-লোকসানের বন্টনের হারে অংশীদারদের মধ্যে ভাগ করে দেওয়া হয়।

লাভ-লোকসান বন্টনের হিসাবের বৈশিষ্ট্য (Features of Profit and Loss Appropriation Account)

- ১। এই হিসাব বছরের শেষে প্রস্তুত করা হয়।
- ২। এই একটি nominal account
- ৩। এই হিসাব Profit and Loss Account-এর জের (balance) অর্থাৎ Net Profit-কে নিয়ে শুরু হয়।
- ৪। এই হিসাবের মাধ্যমে অংশীদারদের মধ্যে লাভ-লোকসানের বন্টন দেখানো হয়।
- ৫। লাভ লোকসান বন্টন হিসাব লাভক্ষতি হিসাব ও উদ্বৃত্ত পত্রের মধ্যে সংযোগ রক্ষা করে।

অংশীদাররা চুক্তি করে লাভ বা লোকসান অংশীদারগণের মধ্যে বন্টনের পূর্বে মূলধনের উপর সুদ, বেতন ও কমিশন, অংশীদার প্রদত্ত ঋণের উপর সুদ, উত্তোলনের উপর সুদ ইত্যাদি মিলকরণের প্রয়োজন হয়।

কিন্তু ঐ বিষয়ে চুক্তি না থাকলে ভারতীয় অংশীদারী আইনের 13 ধারা প্রয়োগ করা হবে। এই ধারায় বলা আছে—

চুক্তি না থাকলে :

- ১। অংশীদাররা সমহারে লাভ-ক্ষতি বন্টন করবে।
- ২। কোন অংশীদার বেতন, কমিশন ইত্যাদি পাবে না।
- ৩। মূলধনের উপর সুদ দেওয়া যাবে না (উত্তোলনের উপরও সুদ স্বাভাবিক কারণে ধরা হবে না)।
- ৪। অংশীদার কর্তৃক ব্যবসায় প্রদত্ত ঋণের উপর বার্ষিক ৬ শতাংশ হারে সুদ দেওয়া হবে।

অংশীদার প্রতিষ্ঠানের ক্ষেত্রে Profit and Loss Appropriation A/c নিম্নলিখিত ছকে প্রস্তুত করা হয় :

Profit & Loss Appropriation A/c for the year ended....

<i>Dr</i>		<i>Cr</i>	
To Reserve	Rs.	By Profit & Loss A/c	Rs.
„ Interest of Capital		(Net Profit)	
„ Partners' Salaries		„ Interest on Drawings	
„ Partners' Commission			
„ Share of Profit			

3.7.1 লাভ-লোকসান হিসাব ও লাভ-লোকসান বন্টনের হিসাবের মধ্যে পার্থক্য

লাভ-লোকসান হিসাব	লাভ-লোকসান বন্টনের হিসাব
১। যে হিসাবখাতের মাধ্যমে কোন চলমান প্রতিষ্ঠানের নির্দিষ্ট আর্থিক হিসাবকালের নিট লাভ বা নিট লোকসান বের করা হয়	১। যে হিসাবখাতের মাধ্যমে কোন প্রতিষ্ঠানের নির্দিষ্ট আর্থিক হিসাবকালের প্রাপ্ত নিট লাভ বা লোকসান বিভিন্ন তহবিলে বন্টন করা হয় তাকে লাভ-লোকসান বন্টনের হিসাব বলা হয়।
২। এই হিসাবের মাধ্যম প্রতিষ্ঠানের নিট লাভ বা নিট ক্ষতি নির্ধারণ করা হয়।	২। এই হিসাবের মাধ্যমে লাভ-লোকসানের হিসাবের মাধ্যমে নির্ধারিত প্রতিষ্ঠানের নিট লাভ বা নিট ক্ষতি বন্টন করা হয়।
৩। লাভ-লোকসান হিসাব পূর্বে তৈরি করা হয়।	৩। লাভ-লোকসান বন্টনের হিসাব লাভ-লোকসান হিসাব প্রস্তুতের পর তৈরি করা হয়।
৪। প্রতিষ্ঠানের আয়ের উপর ব্যয় বা ক্ষতি চাপিয়ে যে নিট ফলাফল নির্ধারণ করা হয় তাই লাভ লোকসান বন্টনের বিষয়বস্তু।	৪। প্রতিষ্ঠানের নিট লাভ-লোকসান থেকে অংশীদারদের বেতন, কমিশন মূলধনের উপর সুদ, উত্তোলনের উপর সুদ লভ্যাংশ বা ক্ষতির ভাগ করে দেখানো হয়।

3.7.2 অংশীদারগণের মূলধনের উপর সুদ (Interest on Partners' Capital)

অংশীদার চুক্তিতে মূলধনের উপর সুদ সম্পর্কে কোন উল্লেখ না থাকলে [13c] ধারা অনুযায়ী মূলধনের উপর কোন সুদ পাবার অধিকারী নয়।

তবে, অনেক সময় অংশীদারী চুক্তিতে বিধান থাকে, অংশীদারগণ তাদের মূলধনের উপর সুদ পাবে। বিনিয়োগযুক্ত মূলধনের (Effective Capital Employed) উপর সুদ ধার্য করা হয়।

উদাহরণ :

১.১.১৮ তারিখে অরুণ ও অমলের প্রত্যেকের 20,000 টাকা মূলধন ছিল।

১.৭.১৮ তারিখে অরুণ নতুন মূলধন হিসাবে, 6,000 টাকা আনল।

১.১০.১৮ তারিখে অমল 6,000 টাকা নতুন মূলধন হিসাবে আনল। বার্ষিক সুদ 6% ।

৩১.১২.১৮ তারিখে সমাপ্ত হিসাবকালে সুদ হবে :

অর্কণ :

20,000 টাকার উপর 6 মাস (জানুয়ারি-জুন)

$$20,000 \times \frac{6}{100} \times \frac{6}{12} = 600 \text{ টাকা}$$

(20,000 + 6000) টাকার উপর 6 মাস (জুলাই-ডিসেম্বর)

$$26,000 \times \frac{6}{100} \times \frac{6}{12} = 780 \text{ টাকা}$$

$$\underline{1380 \text{ টাকা}}$$

অমল :

20,000 টাকার উপর 9 মাস (জানুয়ারি-সেপ্টেম্বর)

$$20,000 \times \frac{6}{100} \times \frac{9}{12} = 900 \text{ টাকা}$$

(20,000 + 6000) টাকার উপর 4 মাস (অক্টোবর-ডিসেম্বর)

$$26,000 \times \frac{6}{100} \times \frac{3}{12} = 390 \text{ টাকা}$$

$$\underline{1290 \text{ টাকা}}$$

দাখিলা :

Profit & Loss Appropriation A/c	Dr.	2670	
To Arun's Capital A/c			1,380
To Amal's Capital A/c			1,290
(Being interest on Capital @ 6% p.a. paid)			

3.7.3 উত্তোলনের উপর সুদ (Interest on Drawings)

অংশীদারী চুক্তিতে কোন উল্লেখ না থাকলে অংশীদারদের উত্তোলিত অর্থের উপর কোন সুদ ধার্য করা হয় না। তবে চুক্তি থাকলে উত্তোলিত অর্থের উপর সুদ ধার্য করা হয়। এই সুদ ব্যবসায়ের আয়। সুতরাং দাখিলা হবে :

Partners' Capital A/c	Dr.
To Profit & Loss Appropriation A/c	

প্রশ্নপত্রে উত্তোলনের তারিখ দেওয়া না থাকলে, সাধারণত হিসাবে সময়কালের অর্ধেক সময়ের জন্য সুদ ধার্য করা হয়। অর্থাৎ 12 মাসের হিসাবকাল হলে 6 মাসের সুদ গণনা করা হয়।

অনেক সময়, অংশীদারগণ ব্যক্তিগত প্রয়োজনে প্রতিমাসেই সমান অর্থ উত্তোলন করে। সেক্ষেত্রে সুদ গণনা কিভাবে হবে, তা নির্ভর করে উত্তোলন মাসের প্রথম দিন বা মাসের মাঝামাঝি সময় বা মাসের শেষ তারিখে করা হয়েছে।

কিভাবে সুদ গণনা করতে হবে, তা নিচে দেখানো হল।

উত্তোলনের তারিখ	মোট উত্তোলনের উপর সময়কালের উপর সুদ
<hr/>	<hr/>
১। প্রতি মাসের প্রথম তারিখ	6½ মাস

২। প্রতি মাসের মাঝামাঝি তারিখ	6 মাস
৩। প্রতি মাসের শেষ তারিখ	5½ মাস

3.7.4 অংশীদারগণের মাহিনা (Partners's Salary)

অংশীদারী চুক্তিতে যদি উল্লেখ থাকে, তবে অংশীদারগণ ব্যবসা থেকে মাহিনা পেতে পারেন। সাধারণত কার্যকরী অংশীদার বা অংশীদারগণ (Working Partners) তাদের সব সময় ব্যবসা পরিচালনা করবার জন্য নিয়োগ করার জন্য যুক্তি অনুসারে লভ্যাংশ ছাড়াও মাহিনা পেতে পারেন।

Profit & Loss Appropriation A/c Dr.

To Partners' Capital/Current Account

(Being the salary @ Rs. per month payable to partners as per agreement).

3.7.5 উদাহরণ

উদাহরণ : ১ রাম ও কৃষ্ণ 1.4.17 তারিখে লাভ-লোকসান 2:1 অনুপাতে ভাগ করার শর্তে যথাক্রমে 20,000 টাকা ও 10,000 মূলধন নিয়ে একটি অংশীদারী ব্যবসা শুরু করল। সারা বছরে রাম 4,000 টাকা ও কৃষ্ণ 3,000 টাকা উত্তোলন করল।

নিম্নলিখিত চুক্তিগুলি তাদের মধ্যে চূড়ান্ত হল :

ক) মূলধনের উপর বার্ষিক 6% সুদ ও উত্তোলনের উপর বার্ষিক 10% সুদ ধার্য হবে।

খ) রাম মাসিক 300 টাকা বেতন ও কৃষ্ণ এই বছরে 1500 টাকা কমিশন পাবে।

31.3.18 তারিখে সমাপ্ত বছরে মুনাফা ছিল 16,000 টাকা।

(১) লাভ-লোকসানের বন্টনের হিসাব ও (২) অংশীদারগণের মূলধন পরিবর্তনশীল ধরে মূলধন পরিবর্তনশীল ধরে মূলধন হিসাব এবং (৩) অংশীদারগণের মূলধন স্থির ধরে মূলধন হিসাব ও চলতি হিসাব প্রস্তুত করুন।

সমাধান :

(১)

In the Books of Ram & Krishna

Profit & Loss Appropriation Account for the year ended 31st March '18

Dr.		Cr.	
Particulars	Amount Rs.	Particulars	Amount Rs.
To Interest on Capital		By Profit & Loss A/c	16,000
Ram		(Net Profit-transferred)	
6% on Rs. 20,000	1,200		
Krishna		” Interest on Drawings	
6% on Rs. 10,000	600	Ram	
” Salaries		$\left(4000 \times \frac{10}{100} \times \frac{1}{2}\right)$	200
Ram (Rs. 300×12)	3,600	Krishna	
” Commission			

" Krishna	1,500	$\left(3000 \times \frac{10}{100} \times \frac{1}{2}\right)$	150	350
" Share of Profit transferred to Partners' Capital/Current A/c				
Ram $\frac{2}{3} \times 9,450 =$	6300			
Krishna $\frac{1}{3} \times 9,450 =$	3150	9,450		
		16,350		16,350

মন্তব্য : উত্তোলনের তারিখ না থাকার জন্য ইহার ৬ মাসের সুদ ধরা হল।

(২) যখন অংশীদারগণের মূলধন পরিবর্তনশীল (When Capital is fluctuating)

Dr.		Partners' Capital Account				Cr.	
		Ram Rs.	Krishna Rs.			Ram Rs.	Krishna Rs.
31.3.18	To Drawing A/c	4,000	3,000	1.4.17	By Bank A/c	20,000	10,000
"	" Interest on Drawing A/c	200	150	31.3.18	" Interest on Capital A/c	1,200	600
"	"			"	" Partners' Salaries A/c	3,600	—
"	"			"	" Partners' Commission A/c	—	1,500
"	" Balance c/d	26,900	12,100	"	" Share of Profit	6,300	3,150
		31,100	15,250			31,100	15,250
				1.4.18	By Balance b/d	26,900	12,100

(৩) যখন অংশীদারগণের মূলধন স্থির (When Capital is fixed)

Dr.		Partners' Capital Account				Cr.	
		Ram Rs.	Krishna Rs.			Ram Rs.	Krishna Rs.
31.3.18	To Drawing A/c	20,000	10,000	1.4.17	By Bank A/c	20,000	10,000
		20,000	10,000			20,000	10,000
				1.4.18	By Balance b/d	20,000	10,000

Dr.		Partners' Current Account				Cr.	
		Ram Rs.	Krishna Rs.			Ram Rs.	Krishna Rs.
31.3.18	To Drawing A/c	4,000	3,000	31.3.18	By Interest on Capital A/c	1,200	600
"	" Interest on Drawing A/c	200	150	"	" Partners' Salaries	3,600	—
"	" Balance c/d	6,900	2,100	"	" Commission A/c	—	1,500
		11,100	5,250	"	" Share of Profit	6,300	3,150
						11,100	5,250

উদাহরণ : ২

অশ্বেষা ও অণুকা কার্যকরী মূলধনের (effective capital) অনুপাতে মুনাফা বন্টনের ভিত্তিতে একটি অংশীদারীর ব্যবসা চালায়। 1.4.17 তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে 20,000 টাকা ও 10,000 টাকা।

1st July '17 তারিখে অশ্বেষা অতিরিক্ত মূলধন হিসাবে 2,000 টাকা, 1st Oct, '17 তারিখে আরও 3,000 টাকা আনল এবং 31st Dec, '17 তারিখে 8,000 টাকা মূলধন উত্তোলন করল।

অণুকা 1st Oct, '17 তারিখে অতিরিক্ত, 5,000 টাকা মূলধন হিসাবে আনল।

অশ্বেষা April মাস থেকে প্রতি মাসের শেষে 500 টাকা হিসাবে ও অণুকা 30th Sept, 17 তারিখে 500 টাকা ও 31st Dec, '17 তারিখে 500 টাকা উত্তোলন করল।

মূলধনের উপর বার্ষিক 12% হারে সুদ প্রদেয় ও উত্তোলনের উপর বার্ষিক 10% হারে সুদ ধার্য হয়।

(১) লভ্যাংশ বন্টনের অনুপাত (২) মূলধনের উপর সুদ এবং (৩) উত্তোলনের উপর সুদ নির্ণয় করুন :

সমাধান :

(১) কার্যকরী মূলধন এবং লভ্যাংশ বন্টনের অনুপাত নির্ণয় (Calculation of effective Capital and Profit Sharing Ratio)।

অশ্বেষা :

20,000 টাকা 3 মাসের জন্য (1st April-30 June)	(20,000 × 3)	Rs. 60,000 টা. 1 মাসের জন্য
22,000 টাকা 3 মাসের জন্য (1st July-30th Sept.)	(22,000 × 3)	Rs. 66,000 টা. 1 মাসের জন্য
25,000 টাকা 3 মাসের জন্য (1st Oct-31st Dec.)	(25,000×3)	Rs. 75,000 টা. 1 মাসের জন্য
17,000 টাকা 3 মাসের জন্য (1st Jan.-31st March)	(17,000×3)	Rs. 51,000 টা. 1মাসের জন্য
		<u>Rs. 2,52,000 টা. 1 মাসের জন্য</u>

অণুকা :

10,000 টাকা 6 মাসের জন্য (1st April-30th Sept)	(10,000×6)	Rs. 60,000 টা. 1 মাসের জন্য
15,000 টাকা 6 মাসের জন্য (1st Oct'97-31st March'98)	(15,000×6)	Rs.90,000 টা 1 মাসের জন্য
		<u>Rs. 1,50,000 টা. 1 মাসের জন্য</u>

∴ লভ্যাংশ বন্টনের অনুপাত :

$$2,52,000 : 1,50,000 = 42 : 25$$

(২) মূলধনের উপর সুদ

অন্বেষণ :

2,52,000 টাকার উপর বার্ষিক 12% হারে 1 মাসের =

$$2,52,000 \times \frac{12}{100} \times \frac{1}{12} = 2,520 \text{ টাকা}$$

অনুকা :

1,50,000 টাকার উপর বার্ষিক 12% হারে 1 মাসের =

$$1,50,000 \times \frac{12}{100} \times \frac{1}{12} = 1,500 \text{ টাকা}$$

উত্তোলনের উপর সুদ

অন্বেষণ :

যেহেতু প্রতি মাসের শেষ তারিখে উত্তোলন হয়েছে, সেহেতু $5\frac{1}{2}$ মাসের সুদ গণনা করতে হবে।

মাসিক উত্তোলন 500 টাকা।

মোট উত্তোলন $500 \times 12 = 60,000$ টাকা

সুদের হার বার্ষিক 10%

$$\text{মোট সুদ } 60000 \times \frac{10}{100} \times \frac{5\frac{1}{2}}{12} = 275 \text{ টাকা}$$

অনুকা :

500 টাকার উপর 6 মাস (1 Oct. '97–31st March '18)

500 টাকার মাসের উপর 3 মাস (1st Jan. '98–31st March '18)

$$\left(500 \times \frac{10}{100} \times \frac{6}{12}\right) + \left(500 \times \frac{10}{100} \times \frac{3}{12}\right)$$

25 টাকা + 12.50 টাকা = 37.50 টাকা।

উদাহরণ : ৩

হরি ও মধু অংশীদারী কারবারের অংশীদারদ্বয়। তারা 3:1 অনুপাতে লাভ-লোকসান ভাগ করে। 1st January '18 তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে 16,000 টাকা ও 10,000 টাকা। মূলধনের উপর বার্ষিক 5% হারে ও উত্তোলনের উপরও সমহারে সুদ ধার্য করা হয়।

31st December '18 তারিখে সমাপ্ত বছরে ব্যবসায় লাভ হল 12,000 টাকা। তাদের উত্তোলনের হিসাব নিম্নে দেওয়া হল।

মাস	হরি	মধু
	Rs.	Rs.
Feb. 1	300	200
March 1	200	—
April 1	—	300
May 1	300	200
June 1	100	200
Aug. 1	200	100

Oct.	1	100	200
Nov.	1	300	100
Dec.	1	200	400

31.12.18 তারিখে সমাপ্ত বছরের লাভ-লোকসান বন্টনের হিসাব ও অংশীদারদ্বয়ের মূলধনের হিসাব দেখান :

In the Books of Hari & Madhu

Profit & Loss Appropriation Account for the year ended 31st Dec. '18

Dr.			Cr.		
Particulars	Details Rs.	Amount Rs.	Particulars	Details Rs.	Amount Rs.
To Interest on Capital— Hari Madhu	800 500	1,300	By Profit & Loss A/c —Net Profit		12,000
” Share of Profit Hari $\frac{3}{4}$ Madhu $\frac{1}{4}$	8,088 2,696		By Interest on Drawings— Hari Madhu	44 40	
		12,084			12,084

Partners' Capital A/c

Dr.			Cr.		
	Hari Rs.	Madhu Rs.		Hari Rs.	Madhu Rs.
To Drawings	1,700	1,700	By Balance b/d.	16,000	10,000
To Interest on Drawings	44	40	” Interest on Capital	800	500
” Balance c/d.	23,144	11,4456	” Share of Profit	8,088	2,696
	24,888	13,196		24,888	13,196

উত্তোলনের উপর সুদ নিরূপণ

Hari

Amount Rs.	Months	Product (for one Month) Rs.
300	11	3300
200	10	2000
300	8	2400
100	7	700
200	5	1000
100	3	300

300	2	600
200	1	200
1,700		10,500

Interest on Drawings (উত্তোলনের উপর সুদ)

$$10,500 \times \frac{5}{100} \times \frac{1}{12} = 44 \text{ টাকা}$$

Madhu

Amount Rs.	Months	Product (for one Month) Rs.
200	11	2200
300	9	2700
200	8	1600
200	7	1400
100	5	500
200	3	600
100	2	200
400	1	400
1,700		9,600

Interest on Drawings (উত্তোলনের উপর সুদ)

$$9,600 \times \frac{5}{100} \times \frac{1}{12} = 40 \text{ টাকা}$$

উদাহরণ : 8

অংশীদারকে লভ্যাংশের প্রত্যাহুতি (Gurantee of profit to a partner)

রিনি, সিমি ও মিমি 1.1.'17 তারিখে 2:2:1 অনুপাতে লাভ-লোকসান ভাগ করার সিদ্ধান্ত নিয়ে একটি অংশীদারী কারবার শুরু করল। তাদের মূলধন ছিল যথাক্রমে 40,000 টাকা, 30,000 টাকা ও 20,000 টাকা। 31st Dec.'17 তারিখে সমাপ্ত হিসাবকাল ব্যবসায়ের লাভ হল 20,000 টাকা।

কিন্তু বার্ষিক 4,500 হারে মূলধনের উপর সুদ ধার্য করবার পর যে মুনাফা অবশিষ্ট থাকবে, তার মধ্যে মিমিকে ন্যূনতম টাকা লাভের প্রত্যাহুতি রিমি ব্যক্তিগতভাবে দিল।

লাভ-লোকসান বন্টনের হিসাব প্রস্তুত করুন।

সমাধান :

In the Books of Rini, Simi & Mimi Profit & Loss Appropriation Account for the year ended 31.12.17

Dr.		Cr.	
Particulars	Amount Rs.	Particulars	Amount Rs.
To Interest on Capital		By Profit & Loss A/c— (Net Profit)	20,000
Rini	1800		
Simi	1800		
Mimi	$4,500 \times \frac{1}{5} = 900$		
” Balance c/d	15,500		
	20,000		20,000

To Share of Profit			By Balance b/d.	15,500
Rini $\frac{2}{5} \times 15,500 =$	6,200			
Less : Adjustment	400	5,800		
Simi $\frac{2}{5} \times 15,500 =$		6,200		
Mimi $\frac{1}{5} \times 15,500 =$	3,100			
Add: Adjustment	400	3,500		
		15,500		15,500

Partners' Capital A/c

Dr.					Cr.				
		Rini	Simi	Mimi			Rini	Simi	Mimi
		Rs.	Rs.	Rs.			Rs.	Rs.	Rs.
31.12.17					1.1.17	By Balance b/d	40	30	20
"					31.12.17	By Interest on Capital	1,800	1,800	900
	To Balance c/d	47,600	38,000	21,250	"	By Share of Profit	5,800	6,200	3,500
		47,600	38,000	21,250			47,600	38,000	21,250

3.8 নূতন অংশীদার গ্রহণ

অনেক সময় মূলধন বাড়াবার প্রয়োজন হলে বা অন্য কারণে অংশীদার ব্যবসায় নূতন অংশীদার গ্রহণ করা হয়। নূতন অংশীদারকে অবশ্যই মূলধন আনতে হবে। তবে, কত টাকা মূলধন হিসাবে আনতে হবে, লাভ-লোকসান কি অনুপাতে বন্টন হবে এবং অন্যান্য শর্তাবলী কি হবে, তা অংশীদারগণ সিদ্ধান্ত নেন।

অংশীদার গ্রহণের সময় নিম্নলিখিত বিষয়ের সমন্বয়সাধন করতে হয় :

- ১। সম্পত্তি ও দায়ের পুনর্মূল্যায়ন (Revaluation of assets & liabilities)
- ২। সংরক্ষণের বন্টন (Distribution of undistributed profit)
- ৩। নূতন মুনাফা- বন্টনের অনুপাত নির্ধারণ (Calculation of new profit sharing ratio)
- ৪। ত্যাগানুপাত ও ভোগানুপাত নিরূপণ (Calculation of sacrifice ratio and gaining ratio)
- ৫। সুনাম (Goodwill)।

3.8.1 সম্পত্তি ও দায়ের পুনর্মূল্যায়ন

কোন অংশীদারী প্রতিষ্ঠানে কোন নূতন অংশীদার গ্রহণ করার সময় অধিকাংশ ক্ষেত্রেই পুরাতন প্রতিষ্ঠানের সম্পত্তি ও দায়গুলির পুনর্মূল্যায়ন করা হয়। এর ফলে যে লাভ বা লোকসান হয়, তা পুরাতন অংশীদারদের মধ্যে পুরাতন লাভ-লোকসান বন্টনের অনুপাত বন্টন করা হয়। দাখিলাগুলি নিম্নে দেখানো হল :

- i) কোন সম্পত্তির মূল্য বৃদ্ধি পেল :

Asset A/c

Dr.

To Revaluation A/c

- ii) কোন সম্পত্তির মূল্য হ্রাস পেল :
- | | |
|-----------------|-----|
| Revaluation A/c | Dr. |
| To Asset A/c | |
- iii) কোন দায়ের পরিমাণ বৃদ্ধি পেল :
- | | |
|------------------|-----|
| Revaluation A/c | Dr. |
| To Liability A/c | |
- iv) কোন দায়ের পরিমাণ হ্রাস পেল :
- | | |
|--------------------|-----|
| Liability A/c | Dr. |
| To Revaluation A/c | |
- v) পুনর্মূল্যায়নে লাভ হল :
- | | |
|------------------------------|-----|
| Revaluation A/c | Dr. |
| To old Partners' Capital A/c | |
- vi) পুনর্মূল্যায়নে লোকসান হল :
- | | |
|---------------------------|-----|
| Old Partners' Capital A/c | Dr. |
| To Revaluation A/c | |

3.8.2 সংরক্ষণের বণ্টন

নূতন অংশীদার আগমনের সময় অংশীদারী ব্যবসায়ে যে সিঞ্চিতি (Reserve) বা Profit & Loss Account-এর জের (Balance) থাকে, তা অবশ্যই পুরাতন অংশীদারদের প্রাপ্য। এই জের অবশ্যই পুরাতন লাভ-লোকসান বণ্টনের অনুপাতে পুরানো অংশীদারদের বণ্টন করতে হবে।

দাখিলা হবে :

Reserve/Profit & Loss A/c	Dr.
To Old Partners' Capital A/c	

3.8.3 নূতন মুনাফা-বণ্টনের অনুপাত নির্ধারণ

অংশীদারী কারবারে নূতন অংশীদার যোগদান করলে ব্যবসায়ের লাভ-লোকসানের অংশীদার হয়। নূতন অংশীদারের অংশ চুক্তি দ্বারা নির্ধারিত হয়। তবে কোন চুক্তি না হলে নূতন অংশীদার পুরাতন অংশীদারের সঙ্গে সমহারে লাভ-লোকসানের অধিকারী হয়।

উদাহরণ :

অমিত ও সমীর একটি কারবারের অংশীদার। তারা 3:2 অনুপাতে লাভ-লোকসান বণ্টন করে। রবীন এক চতুর্থাংশ ($\frac{1}{4}$ th) লাভের ভিত্তিতে নূতন অংশীদার হল। নূতন মুনাফা অনুপাত হবে নিম্নরূপ :

	Amit	Samir	Rabin
মুনাফা বণ্টনের পুরাতন হার (Old Ratio)	$\frac{3}{5}$	$\frac{2}{5}$	—
Rabin পাবে	—	—	$\frac{1}{4}$

অবশিষ্ট অংশ Amit ও Samir পাবে	$\frac{3}{4} \times \frac{3}{5}$	$\frac{3}{4} \times \frac{2}{5}$	—
∴ নূতন অনুপাত (New Ratio)	$\frac{9}{20}$	$\frac{6}{20}$	$\frac{1}{4} \times \frac{5}{5}$
			9 : 6 : 5

3.8.4 ত্যাগানুপাত ও ভোগানুপাত নিরূপণ

অংশীদার আগমনের ফলে পুরানো অংশীদারদের লাভের কিছু অংশ ত্যাগ করতে হয়। সাধারণত নূতন অংশীদার যে মুনাফার অংশ পায়, পুরাতন অংশীদারদের তা ত্যাগ করতে হয়।

উদাহরণ :

হিরণ ও অশোক (3:2 অনুপাতে) একটি অংশীদারী কারবারের অংশীদারদ্বয়। নির্মলকে তারা এক-চতুর্থাংশ লাভ দেবার শর্তে তাদের ব্যবসায়ে গ্রহণ করল। এবং পুরাতন অংশীদারদ্বয় নিজেদের মধ্যে সমহারে (Equal) লভ্যাংশ বণ্টনের সিদ্ধান্ত নিল।

ত্যাগানুপাত ও ভোগানুপাত নিরূপণ নিম্নে দেখানো হল :

	Hiron	Ashoke	Nirmal
পুরাতন হার (Old Ratio)	$\frac{3}{5}$	$\frac{2}{5}$	—
নূতন হার (New Ratio)	$\frac{3}{4} \times \frac{1}{2}$	$\frac{3}{4} \times \frac{1}{2}$	$\frac{1}{4}$
	$\frac{3}{8}$	$\frac{3}{8}$	$\frac{1}{4}$
∴ অংশীদারগণের মুনাফা ত্যাগ ও ভোগ			
(পুরাতন হার—নতুন হার)	$\left(\frac{3}{5} - \frac{3}{8}\right)$	$\left(\frac{2}{5} - \frac{3}{8}\right)$	$\frac{1}{4}$
	$\frac{9}{40}$	$\frac{1}{40}$	$\frac{1}{4}$
	ত্যাগ	ত্যাগ	ভোগ

অর্থাৎ Hiron এর ত্যাগ $\frac{9}{40}$

Ashoke এর ত্যাগ $\frac{1}{40}$

Nirmal এর ভোগ $\frac{9}{40} + \frac{1}{40} = \frac{10}{40}$ বা $\frac{1}{4}$

3.8.5 সুনাম (Goodwill)

সমব্যবসায়ী অন্যান্য প্রতিষ্ঠানের মুনাফার হার অপেক্ষা অতিরিক্ত মুনাফা করার ক্ষমতাকে বলা হয় সুনাম। কোন ব্যবসা প্রতিষ্ঠানের সুখ্যাতি (reputation) -কে টাকার অঙ্কে মূল্যায়ন করা সম্ভব।

সুনামের মূল্যায়ন ও তার সমন্বয়সাধন অংশীদারী কারবারের হিসাব রক্ষণের ক্ষেত্রে খুবই গুরুত্বপূর্ণ।

কোন নতুন অংশীদার গ্রহণ করার সময় পুরাতন প্রতিষ্ঠানের হিসাব বইতে সুনাম এর মূল্য লিপিবদ্ধ করার জন্য নিম্নলিখিত তিনটি পদ্ধতির, যে কোন একটি প্রয়োগ করার প্রয়োজন হতে পারে।

১। সেলামী পদ্ধতি (Premium Method) : এই পদ্ধতি তখন ব্যবহার হয়, যখন নতুন অংশীদার পুরাতন অংশীদার বা অংশীদারগণের নিকট থেকে ভবিষ্যৎ মুনাফার যে অংশ প্রাপ্ত হয়, তার জন্য সুনামের মূল্য বাবদ নগদ অর্থ প্রদান করে। অর্থাৎ যেহেতু পুরাতন অংশীদারগণ তাদের লাভের কিছু অংশ নতুন অংশীদারের জন্য ত্যাগ করে, সেহেতু নতুন অংশীদার ক্ষতিপূরণ (compensation) বাবদ কিছু অর্থ নিয়ে আসে। এই সুনামের অর্থ পুরাতন অংশীদারদের মধ্যে ত্যাগানুপাতিক হারে (Sacrifice) বণ্টন করা হয়।

দাখিলাগুলি হবে নিম্নরূপ :

২। নতুন অংশীদার সুনামের জন্য অর্থপ্রদান করল :

Bank A/c	Dr.
To Goodwill A/c	

ii) সুনামের প্রাপ্ত নগদ অর্থ পুরাতন অংশীদারদের মধ্যে ত্যাগানুপাতে বণ্টন করার জন্য :

Goodwill A/c	Dr.
To Old Partners' Capital A/c	

(Being premium for goodwill distributed to the old partners' in sacrifice ration).

২। পুনর্মূল্যায়ন পদ্ধতি (Revaluation method) : এই পদ্ধতি ব্যবহার করা হয় যখন নতুন অংশীদার সুনামের মূল্য বাবদ নগদ অর্থ প্রদান করতে সক্ষম হয় না। এই পদ্ধতিতে সুনামের মূল্য নির্ধারণ করে Goodwill-এর হিসাব বইতে খুলতে হবে।

এক্ষেত্রে দাখিলা হবে :

Goodwill A/c	Dr.
To Old Partners' Capital A/c	

(Being goodwill account was raised in the books by crediting old partners' capital in old profit sharing ration).

৩। বিবরণী পুনর্মূল্যায়ন পদ্ধতি (Memorandum revaluation method) : এই পদ্ধতি ব্যবহার করা হয়, যখন নতুন অংশীদার সুনামের জন্য কোন অর্থ আনতে অক্ষম হয়।

এই পদ্ধতিতে প্রথমত goodwill -এর সম্পূর্ণ মূল্য Goodwill A/c -এর ডেবিট ও পুরাতন অংশীদারদের পুরানো মুনাফা বণ্টনের হারে ক্রেডিট করা হয়। কিন্তু পর মুহূর্তে Goodwill A/c-কে ক্রেডিট ও নতুন মুনাফা বণ্টনের হারে সকল অংশীদারদের ডেবিট করতে হয়।

দাখিলাগুলি হবে :

Goodwill A/c	Dr.
To Old partners' Capital A/c (in Old Ratio)	

All partners' Capital A/c
To Goodwill A/c
(in New Ratio)

Dr.

3.8.6 সুনামের মূল্যায়ন পদ্ধতি (Methods of Valuation of Goodwill)

সুনামের মূল্যায়নে সাধারণত নিম্নলিখিত পদ্ধতিগুলি ব্যবহার করা হয় :

১। গড় মুনাফা ভিত্তিক পদ্ধতি (Average profit basis method)

২। অতিমুনাফা ভিত্তিক পদ্ধতি (Super-profit basis method)

৩। ক্রয়মূল্য ও নীট সম্পত্তির অন্তরফল পদ্ধতি (Difference between purchase consideration and net assets method)

৪। মূলধনায়ন পদ্ধতি (Capitalisation method)

৫। সমকিস্তী বার্ষিকী পদ্ধতি (Annuity method)

3.8.7 উদাহরণ

উদাহরণ : ১

নূতন অংশীদার সুনামের জন্য অর্থ ও আনুপাতিক মূলধন প্রদান করল :

কানাই ও বলাই একটি অংশীদারী কারবারের অংশীদারদ্বয়। তাদের মুনাফা বণ্টনের অনুপাত হল 3:1।

ব্যবসার উদ্বর্তপত্র নিম্নরূপ :

Balance Sheet as at 1.4.2018

Liabilities		Amount Rs.	Assets	Amount Rs.
Capital A/c.			Plant & Machinery	80,000
Kanai	Rs. 50,000		Stock	35,000
Balai	40,000	90,000	Debtors	60,000
Reserve		50,000	Cash at Bank	5,000
Sundry Creditors		40,000		
		1,80,000		1,80,000

ঐ তারিখে নিতাই নূতন অংশীদাররূপে নিম্নলিখিত শর্তে আগমন করল :

১। যন্ত্রপাতি 10% হারে অবচয় ধার্য হল।

২। মজুত পণ্য 5,000 টাকা অধিকমূল্য ধার্য হল।

৩। দেনাদারের উপর 2½% হারে সংস্থান করতে হবে।

৪। নিতাই সুনামের জন্য 20,000 টাকা নগদ অর্থ আনল এবং তার মুনাফার অংশ হল এক-তৃতীয়াংশ (1/3rd)

৫। নিতাইকে পুরাতন অংশীদারদের মূলধনের (উপরের হিসাবের সমন্বয়সাধন করবার পর) এক-চতুর্থাংশ (1/4th) মূলধন আনতে হবে।

জাবেদার দাখিলা, অংশীদারদের মূলধনের হিসাব ও নূতন উদ্বর্তপত্র তৈরি করল।

সমাধান :

**In the Books of Balai, Kanai & Netai
Journal**

Date 2018	Particulars		<i>Dr.</i>	<i>Cr.</i>
			Amount Rs.	Amount Rs.
April 1.	Revaluation A/c	Dr.	4,500	
	Stock A/c	Dr.	5,000	
	To Plant & Machinery A/c			8,000
	To Reserve for Bad debt A/c			1,500
	(Being Sundry assets revalued)			
”	Kanai's Capital	Dr.	3,375	
	Balai's Capital A/c	Dr.	1,125	
	To Revaluation A/c			
	(Being loss on revaluation transferred to old partners' Capital A/c in old profit sharing ratio).			
”	Reserve A/c	Dr.	50,000	
	To Kanai's Capital A/c			37,500
	To Balai's Capital A/c			12,500
	(Being Reserve A/c transferred to old partners' Capital A/c			
”	Bank A/c	Dr.	20,000	
	To Goodwill A/c			20,000
	(Being premium for Goodwill brought in by the new partner)			
”	Goodwill A/c	Dr.	20,000	
	To Kanai's Capital A/c			15,000
	To Balai's Capital A/c			5,000
	(Being Goodwill Credited to old Partners' Capital A/c in 3 : 1)			
”	Bank A/c	Dr.	38,875	
	To Netai's Capital A/c			38,875
	(Being 1/4th Combined Capital of the old partners' brought in by the new partner)			

মন্তব্য : যেহেতু পুরাতন অংশীদারদের মুনাফা বণ্টনের অনুপাত, নূতন অংশীদারের আগমনের ফলে পরিবর্তন হয়নি, সেহেতু ত্যাগানুপাত (sacrifice ratio) নির্ধারণের প্রয়োজন হল না।

Partners' Capital A/c

Particulars	Kanai	Balai	Netai	Particulars	Kanai	Balai	Netai
To Revaluation	3,375	1,125	—	By Balance b/d	50,000	40,000	—
				” Reserve	37,500	12,500	—
				” Goodwill	15,000	5,000	—
” Balance c/d	99,125	56,375	38,875	” Bank	—	—	38,875
	1,02,500	57,500	38,875		1,02,500	57,500	38,875

Balance Sheet as at 1.4.2018

Liabilities	Amount Rs.	Assets	Amount Rs.
Capital A/c.	Rs.	Plant & Machinery	72,000
Kanai	99,125	(80,000-8,000)	
Balai	56,375	Stock (35,000+5,000)	40,000
Netai	38,875	Sundry Debtors	60,000
	1,94,375	Less : Reserve for Bad debt	1,500
Creditors	40,000	Cash at Bank	5,000
			+ 38,875
			+ 20,000
	2,34,375		63,875
			2,34,375

উদাহরণ : ২ মূলধন মুনাফা বণ্টনের অনুপাতে স্থির করা ও সুনামের পুনর্মূল্যায়ন

অনু ও দেবু একটি অংশীদারী কারবারে অংশীদারদ্বয়। তাদের মুনাফা বণ্টনের অনুপাত হল 3:2। ব্যবসায়ের উদ্বর্তপত্র নিম্নের দেওয়া হল :

Balance Sheet as at 1.4.2018

Liabilities	Rs.	Assets	Rs.
Anus' Capital	35,000	Goodwill	10,000
Debu's Capital	30,000	Plant & Machinery	22,000
General Reserve	10,000	Furniture	10,000
Bill Payable	5,000	Debtors	30,000
Creditors	18,000	Stock	24,000
		Cash	2,000
	98,000		98,000

ঐ তারিখে মিলু এক পঞ্চমাংশ (1/5th) মুনাফা পাওয়ার চুক্তিতে ও নিম্নলিখিত শর্তে নূতন অংশীদার হিসাবে আগমন করল :

১। আসবাব পত্রের ওপর 920 টাকা অবচয় ধার্য করা হবে।

২। যন্ত্রপাতি ও সুনামের পুনর্মূল্যায়ন হল যথাক্রমে 30,000 টাকা ও 20,000 টাকা।

৩। মিলু 20,000 টাকা মূলধন হিসাবে আনল।

৪। সকল অংশীদারদের মূলধন মিলুর মূলধনকে স্থির ধরে তাদের মুনাফা বণ্টনের অনুপাতে হবে।

এর জন্য পুরাতন অংশীদারগণকে নগদ অর্থ নূতন মূলধন হিসাবে প্রদান করতে হবে, অথবা মূলধন উত্তোলন করতে হবে।

Revaluation Account, অংশীদারদের মূলধনের হিসাব ও উদ্বর্তপত্র তৈরি করুন :

সমাধান :

মুনাফা বণ্টনের অনুপাত

	Anu	Debu	Milu
পুরাতন হার (Old Ratio)	$\frac{3}{5}$	$\frac{2}{5}$	—

নূতন হার (New Ration)	$\frac{4}{5} \times \frac{3}{5}$	$\frac{4}{5} \times \frac{2}{5}$	$\frac{1}{5}$
	বা, $\frac{12}{25}$	$\frac{8}{25}$	$\frac{5}{25}$
	অথবা, 12 : 8 : 5		

In the Books of Anu, Debu & Milu
Revaluation Account

<i>Dr.</i>		<i>Cr.</i>	
Particulars	Amount Rs.	Particulars	Amount Rs.
To Furniture A/c	920	By Plant & Machinery A/c	8,000
To Partners' Capital A/c		” Goodwill A/c	10,000
—Profit on revaluation			
Anu $\frac{3}{5}$ =	10,248		
Debu $\frac{2}{5}$ =	6,832		
	17,080		
	18,000		18,000

Partners' Capital A/c

Particulars	Anu	Debu	Milu	Particulars	Anu	Debu	Milu
	Rs.	Rs.	Rs.		Rs.	Rs.	Rs.
To Bank A/c				By Balance b/d	35,000	30,000	—
—withdrawn	3,248	8,832	—	” General Reserve A/c	6,000	4,000	—
To Balance c/d	48,000	32,000	20,000	” Revaluation A/c	20,248	6,832	—
				” Bank A/c	—	—	20,000
	51,248	40,832	20,000		51,248	40,832	20,000

মন্তব্য :

অংশীদারগণের মূলধন তাদের মুনাফা বণ্টনের অনুপাতে (12:8:5) হবে, মিলুর মূলধনকে ভিত্তি করে :

$$\therefore \text{মিলুর } \frac{5}{25} \Rightarrow 20,000 \text{ টাকা}$$

$$\therefore \text{অনুর } \frac{12}{25} \Rightarrow 20,000 \times \frac{25}{5} \times \frac{12}{25} = 48,000 \text{ টাকা}$$

$$\therefore \text{দেবুর } \frac{8}{25} \Rightarrow 20,000 \times \frac{25}{5} \times \frac{8}{25} = 32,000 \text{ টাকা}$$

Balance Sheet as at 1.1.2018

Liabilities		Rs.	Assets		Rs.
Capital A/c :	Rs.		Goodwill	10,000	
Anu	48,000		Furniture	10,000	20,000
Debu	32,000		Plant & Machinery	22,000	
Milu	20,000	1,00,000	Add : Appreciated	8,000	
Bill Payable		5,000	Less : Depreciation	(920)	29,080
Creditors		18,000	Debtors		30,000
			Stock		24,000
			Cash & Bank		9,920
		1,23,000			1,23,000

Cash & Bank : Rs. (2,000 + 20,000 – 3,248 – 8,832) = 9,920

উদাহরণ : ৩

ত্যাগানুপাত ও সুনামের বিবরণী পুনর্মূল্যায়ন পদ্ধতি

হরি ও রবি একটি অংশীদারী কারবারের 3:2 অনুপাতে লাভ-লোকসান বণ্টনের শর্তে দু'জন অংশীদার। তারা টনিকে নিম্নলিখিত শর্তে নূতন অংশীদার হিসাবে গ্রহণ করল।

Balance Sheet as at 1.4.2018

Liabilities		Rs.	Assets		Rs.
Capital Accounts	Rs.		Goodwill		18,000
Hari	65,000		Land & Building		64,000
Rabi	48,000	1,13,000	Stock		27,000
General Reserve		10,000	Debtors		22,000
Creditors		13,000	Cash at Bank		5,000
		1,36,000			1,36,000

শর্তগুলি নিম্নে দেওয়া হল :

১। নতুন মুনাফা বণ্টনের হার হবে 2:1:1

২। সম্পত্তি ও দায়ের পুনর্মূল্যায়ন হবে নিম্নরূপ :

সুনাম 28,000 টাকা, জমি ও বাড়ি 64,000 টাকা। মজুদ পণ্য 20,000 টাকা, দেনাদার 20,500 টাকা, পাওনাদার 15,000 টাকা।

৩। নূতন সুনামের মূল্য উদ্বর্তপত্রে দেখানো হবে না। সকল অংশীদারদের মূলধনে সমন্বয়সাধন করতে হবে।

৪। টনি তার মূলধন ও তার আনুপাতিক হারে সুনাম হিসাবে মোট 35,000 টাকা আনল।

জাবেদার দাখিলা, অংশীদারদের মূলধনের হিসাব ও উদ্বর্তপত্র প্রস্তুত করল।

সমাধান :

	Hari	Rabi	Tani
পুরাতন হার (Old ratio)	$\frac{3}{5}$	$\frac{2}{5}$	—
নূতন হার (New Ration)	$\frac{2}{4}$	$\frac{1}{4}$	$\frac{1}{4}$

$$\therefore \text{ত্যাগ অনুপাত (Sacrifice ratio)} \quad \left(\frac{3}{5} - \frac{2}{4}\right) \quad \left(\frac{2}{5} - \frac{1}{4}\right)$$

$$\frac{2}{20} \quad \frac{3}{20} \quad \frac{5}{20}$$

$$(-) \quad (-) \quad (+)$$

Journal

Date	Particulars	<i>Dr.</i>	<i>Cr.</i>
		Amount Rs.	Amount Rs.
	Goodwill A/c <i>Dr.</i>	10,000	
	Land & Building A/c <i>Dr.</i>	11,000	
	To Stock A/c		7,000
	” Debtors A/c		1,500
	” Creditors A/c		2,000
	” Revaluation A/c		10,500
	(Being Sundry assets & liabilities are revalued)		
	General Reserve A/c <i>Dr.</i>	10,000	
	To Hari's Capital A/c		6,000
	” Rabi's Capital A/c		4,000
	(Being General Reserve transferred to old partners' Capital A/c in 3:2)		
	Revaluation A/c <i>Dr.</i>	10,500	
	To Hari's Capital A/c		6,300
	” Rabi's Capital A/c		4,200
	(Being profit on revaluation transferred to old partners' Capital A/c)		
	Bank A/c <i>Dr.</i>	35,000	
	To Tani's Capital A/c		35,000
	(Being the Capital brought in by the new partner)		
	Hari's Capital A/c <i>Dr.</i>	14,000	
	Rabi's Capital A/c <i>Dr.</i>	7,000	
	Tani's Capital A/c <i>Dr.</i>	7,000	
	To Goodwill A/c		28,000
	(Being the revalued goodwill written off in the new partners' Capital A/c in new ratio)		

মন্তব্য :

এই উদাহরণে বিশেষ ভাবে লক্ষ্য করা প্রয়োজন যে সুনামের (Goodwill) এর মূল্য 10,000 টাকা বৃদ্ধি পেল, ফলে Revaluation A/c -এর মাধ্যমে এই বর্দ্ধিত সুনামের মূল্য পুরানো অংশীদারদের মূলধনকে ক্রেডিট করা হল।

কিন্তু উদাহরণে বলা আছে যে নতুন অংশীদার মোট 35,000 টাকা তার মূলধন ও আনুপাতিক সুনামের অংশ আনল। প্রথা অনুযায়ী, সুনামের পুনর্মূল্যায়ন ও সুনামের জন্য নতুন অংশীদারকে অর্থ (Premium) আনা দুটো একই সঙ্গে হয় না।

তাই, এক্ষেত্রে পুরো 35,000 টাকা টনির মূলধন গণ্য করা হয়েছে।

Partners' Capital A/c

Particulars	Hari	Rabi	Tani	Particulars	Hari	Rabi	Tani
	Rs.	Rs.	Rs.		Rs.	Rs.	Rs.
To Goodwill A/c	14,000	7,000	7,000	By Balance b/d	65,000	48,000	—
				” General Reserve A/c	6,000	4,000	—
				” Revaluation A/c	6,300	4,200	—
				” Bank A/c			35,000
To Balance c/d	63,300	49,200	28,000				
	77,300	56,200	35,000		77,300	56,200	35,000

Balance Sheet as at 1.4.2018

Liabilities	Rs.	Assets	Rs.
Capital Accounts	Rs.	Land & Building	75,000
Hari	63,300	Stock	20,000
Rabi	49,200	Debtors	20,500
Tani	28,000	Cash at Bank	5,000
Creditors	13,000	Add :	35,000
Add :	2,000		
	1,55,500		1,55,500

3.9 অংশীদারের অবসরগ্রহণ

বয়স, শারীরিক অসুস্থতা বা অন্যান্য কারণে এক বা একাধিক অংশীদার কারবার থেকে অবসর গ্রহণ করতে পারেন। অংশীদারের অবসর গ্রহণ করার সময় হিসাব-নিকাশ সংক্রান্ত নিম্নলিখিত নিয়মগুলি পালন করা হয়।

- 7.0 উদ্দেশ্য
- 7.1 প্রস্তাবনা
- 7.2 ভাড়া ক্রয় পদ্ধতির প্রকৃতি
- 7.3 ভাড়া ক্রয়ের সংজ্ঞা
- 7.4 ভাড়া ক্রয় চুক্তির বৈশিষ্ট্য
 - 7.4.1 ভাড়া-ক্রেতার অধিকার
 - 7.4.2 ভাড়া-বিক্রেতার অধিকার
- 7.5 সাধারণ ক্রয় ও ভাড়া ক্রয়ের মধ্যে পার্থক্য
- 7.6 ভাড়া ক্রয় পদ্ধতিতে সুদ এবং নগদ মূল্য নির্ধারণ
 - 7.6.1 উদাহরণ
- 7.7 ভাড়া ক্রেতার বইতে হিসাবরক্ষণ সংক্রান্ত দাখিলা
- 7.8 ভাড়া-বিক্রেতার বইতে হিসাবরক্ষণ সংক্রান্ত দাখিলা
- 7.9 পূণ্যের পুনর্দখল
- 7.10 কিস্তিবন্দী পদ্ধতি
 - 7.10.1 কিস্তিবন্দী পদ্ধতিতে হিসাবরক্ষণ সংক্রান্ত দাখিলা
- 7.11 স্বল্পমূল্যের পণ্যের জন্য ভাড়া ক্রয় পদ্ধতিতে হিসাবরক্ষণ
- 7.12 অনুশীলনী

7.0 উদ্দেশ্য

এই এককটি পড়ার পর আপনি—

- ভাড়া ক্রয় ও কিস্তিবন্দী পদ্ধতি সম্পর্কে জানতে পারবেন এবং
- ভাড়া ক্রয় পদ্ধতির প্রয়োজনীয় হিসাব প্রস্তুত করতে পারবেন।

7.1 প্রস্তাবনা

নগদ মূল্যে পণ্য ক্রয়ের ক্ষেত্রে পণ্যের ক্রেতা পণ্য প্রাপ্তির সঙ্গে সঙ্গেই নগদ দিয়ে থাকে। কিন্তু নগদ দিতে যদি দেরি হয় তাহলে ক্রেতা মাসিক, ত্রৈমাসিক অথবা বাৎসরিক কিস্তিতে পণ্যের মূল্য পরিশোধ করতে পারে। এই ধরনের বিলম্বিত মূল্য পরিশোধের ক্ষেত্রে ঝুঁকি থাকায় পণ্যের জন্য যে মূল্য দিতে হয় তা সাধারণত পণ্যের নগদ মূল্য অপেক্ষা অনেক বেশি হয়। এই অতিরিক্ত অঙ্ককে সুদ হিসাবে বিবেচনা করা হয়। বিলম্বিত মূল্য পরিশোধ পদ্ধতি দুই প্রকার হতে পারে :

(i) ভাড়া ক্রয় পদ্ধতি ও (ii) কিস্তিবন্দী পদ্ধতি।

এই পরিচ্ছেদে ভাড়া ক্রয় পদ্ধতি ও কিস্তিবন্দী পদ্ধতিতে হিসাবরক্ষণ প্রণালী আলোচিত হল।

7.2 ভাড়া ক্রয় পদ্ধতির প্রকৃতি

ভাড়া-ক্রয় বিলম্বিত মূল্য পরিশোধের এমন একটি পদ্ধতি যার ফলে পণ্যের ক্রেতা ভবিষ্যতে পূর্ণমূল্য পরিশোধ করার শর্তে পণ্যটি ব্যবহার করার অধিকার লাভ করে। এর ফলে পণ্যের পূর্ণমূল্য পরিশোধ করা পর্যন্ত ক্রেতা পণ্যের মালিকানা পাবে না।

সুতরাং ভাড়া ক্রয় পদ্ধতির গুরুত্বপূর্ণ শর্তগুলি হল :

(i) পণ্যের মালিক ভাড়া-ক্রেতাকে পণ্যটি দেবে;

(ii) প্রতিটি কিস্তিকে পণ্যের ভাড়া হিসাবে বিবেচনা করা হবে। ফলে ক্রেতা কোনও কিস্তি দিতে অসমর্থ হলে ক্রেতাকে কোনও ক্ষতিপূরণ ছাড়াই বিক্রেতা পুনর্দখল করতে পারবে;

(iii) শুধুমাত্র শেষ কিস্তি প্রদানের পরেই ক্রেতা পণ্যের মালিকানা লাভ করবে।

সুতরাং ভাড়া ক্রয় পদ্ধতিতে শেষ কিস্তি না দেওয়া পর্যন্ত ক্রেতা পণ্যটির শুধুমাত্র ব্যবহারকারী হিসাবেই বিবেচিত হবে।

7.3 ভাড়া ক্রয়ের সংজ্ঞা

1972 সালের পণ্য ভাড়া আইনের 2(c) ধারায় ভাড়াক্রয়ের সংজ্ঞা দেওয়া হয়েছে। এই সংজ্ঞা অনুযায়ী ভাড়া ক্রয় হল এমন একটি চুক্তি যার ফলে :

(i) পণ্যের মালিক ভবিষ্যতে সুনির্দিষ্ট কিস্তিতে মূল্য পরিশোধ করার শর্তে পণ্যটি কোনও ব্যক্তিকে হস্তান্তর করে,

(ii) শুধুমাত্র শেষ কিস্তি দেওয়ার পরেই পণ্যটির মালিকানা উক্ত ব্যক্তির ওপর ন্যস্ত হয়, এবং

(iii) পণ্যের মালিকানা হস্তান্তরিত হবার পূর্বে উক্ত ব্যক্তি যে কোনও সময় চুক্তিটি, বাতিল করতে পারে।

7.4 ভাড়া ক্রয় চুক্তির বৈশিষ্ট্য (Characteristics of Hire Purchase Agreement)

ভাড়া ক্রয় চুক্তির উল্লেখযোগ্য বৈশিষ্ট্যগুলি হল :

- (i) এটি অবশ্যই লিখিত হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তিগণ দ্বারা স্বাক্ষরিত হবে। (ধারা 3)
- (ii) ভাড়া-ক্রয় আইনের 4 নং ধারা অনুযায়ী নিম্নলিখিত বিষয়গুলি চুক্তির মধ্যে উল্লেখ করতে হবে :
 - (ক) ভাড়া হিসাবে পণ্যের মূল্য;
 - (খ) পণ্যের নগদ মূল্য ;
 - (গ) চুক্তিটি বলবৎ হবার দিন;
 - (ঘ) কিস্তির সংখ্যা, প্রতিটি কিস্তির পরিমাণ এবং কিস্তি প্রদানের সময় এবং স্থান;
 - (ঙ) যে পণ্যের ব্যাপারে চুক্তি হয়েছে সেই পণ্যটিকে চিহ্নিতকরণ।

7.4.1 ভাড়া-ক্রেতার অধিকার (Rights of the Hire Purchaser)

ভাড়া ক্রয় আইন অনুযায়ী পণ্যের ক্রেতা নিম্নলিখিত অধিকারগুলি ভোগ করতে পারে :

1. ক্রেতা ভাড়া দিতে অসমর্থ হলে বা ক্রেতার অন্য কোনও ত্রুটির ক্ষেত্রে বিক্রেতা নোটিশ ছাড়া চুক্তিটি বাতিল করতে পারবে না। যেক্ষেত্রে ভাড়া প্রতি সপ্তাহে বা তার কম সময়ে দেওয়া হয় সেই ক্ষেত্রে নোটিশের সময়সীমা এক সপ্তাহ। অন্যক্ষেত্রে নোটিশের সময়সীমা দুই সপ্তাহ।
2. নিম্নলিখিত ক্ষেত্রে আদালতের আদেশ ছাড়া পণ্য পুনর্দখল করা যাবে না;
 - (ক) ভাড়-মূল্য অনধিক 15,000 টাকা হলে সেক্ষেত্রে অর্ধেক মূল্য পরিশোধ করা হয়েছে;
 - (খ) ভাড়া-মূল্য 15,000 টাকার বেশি হলে যেক্ষেত্রে তিন-চতুর্থাংশ মূল্য পরিশোধ করা হয়েছে;
3. ভাড়া-ক্রেতা এক টাকা মূল্য দেওয়ার বিনিময়ে বিক্রেতার কাছ থেকে একটি হিসাব বিবরণী পাবার অধিকারী। উক্ত বিবরণীতে বর্তমান সময় পর্যন্ত যে কিস্তি দেওয়া হয়েছে এবং ভবিষ্যতে প্রদেয় কিস্তির পরিমাণ এবং নির্দিষ্ট সময় উল্লেখ থাকবে।
4. পণ্য পুনর্দখলের ক্ষেত্রে প্রদত্ত কিস্তির পরিমাণ এবং অধিকৃত পণ্যের ন্যায্য মূল্য যদি পণ্যের ভাড়া-মূল্য অপেক্ষা অধিক হয় সেই ক্ষেত্রে ক্রেতা উদ্বৃত্ত অর্থ ফেরত পাবে।

7.4.2 ভাড়া-বিক্রেতার অধিকার (Rights of the Hire Vendor)

ভাড়া ক্রয় আইন অনুযায়ী ভাড়া বিক্রেতার উল্লেখযোগ্য অধিকারগুলি নিম্নরূপ :

1. শেষ কিস্তির মূল্য পরিশোধ না হওয়া পর্যন্ত পণ্যটির মালিকানার অধিকার;
2. নিয়মিত কিস্তি পাবার অধিকার;

3. শেষ কিস্তি পরিশোধ না হওয়া পর্যন্ত ক্রেতা পণ্যটি কোনও তৃতীয় পক্ষকে হস্তান্তর করলে পণ্যটির ফেরত পাবার অধিকার;

4. কিস্তির খেলাপ হলে পণ্যটি ফেরত পাবার অধিকার;

5. পুনর্দখলের ক্ষেত্রে ক্রেতাকে কোনও ক্ষতিপূরণ না দেবার অধিকার;

6. পুনর্দখলের ক্ষেত্রে পণ্যটি পুনর্বিক্রয় করার অধিকার।

7.5 সাধারণ ক্রয় ও ভাড়া ক্রয়ের মধ্যে পার্থক্য

সাধারণ ক্রয় ও ভাড়া ক্রয়ের মধ্যে নিম্নলিখিত পার্থক্যগুলি লক্ষ্য করা যায় :

সাধারণ ক্রয় (Ordinary Purchase)	ভাড়া ক্রয় (Hire Purchase)
1. পণ্য হস্তান্তর হবার সঙ্গে সঙ্গেই মালিকানা হস্তান্তর হয়।	1. শেষ কিস্তি না দেওয়া পর্যন্ত মালিকানা হস্তান্তর হয় না।
2. মূল্য পরিশোধের পূর্বেই ক্রেতা পণ্যটি পুনর্বিক্রয় বা বন্ধক রাখতে পারে।	2. অন্তিম কিস্তি পরিশোধ না হওয়া পর্যন্ত পণ্য তৃতীয় পক্ষকে কোনভাবে হস্তান্তর করা যাবে না।
3. পূর্বশর্ত না থাকলে বিক্রেতা পণ্য ফেরত নিতে পারে না।	3. কিস্তির খেলাপ হলে বিক্রেতা পণ্য ফেরত নিতে পারে।
4. নগদ মূল্যে ক্রয় করা হয় বলে পণ্যের মূল্য অপেক্ষাকৃত কম।	4. কিস্তিতে মূল্য দেওয়া হয় বলে ক্রেতাকে সুদ হিসাবে অতিরিক্ত অর্থ দিতে হয়।

7.6 ভাড়াক্রয় পদ্ধতিতে সুদ এবং নগদ মূল্য নির্ধারণ

পূর্বে উল্লেখ করা হয়েছে যে ভাড়া ক্রয় পদ্ধতিতে পণ্যের ভাড়া মূল্য বাবদ নগদ মূল্য অপেক্ষা যে অধিক অর্থ দেওয়া হয় তা সুদ হিসাবে বিবেচিত হয়। যেহেতু এই সুদ প্রারম্ভিক কিস্তি ছাড়া অন্যান্য কিস্তির মধ্যে সংযুক্ত থাকে, সেই জন্য হিসাবরক্ষণের উদ্দেশ্যে কিস্তির পরিমাণ থেকে সুদকে আলাদা করতে হবে। কিস্তির মূল্য থেকে সুদ বাদ বোর পরে যে মূল্য অবশিষ্ট থাকবে তাকে সম্পত্তির মূল্য হিসাবে মূলধনায়ন করতে হবে এবং সুদের পরিমাণকে খরচ হিসাবে বিবেচনা করা হবে। নিম্নলিখিত উদাহরণগুলিতে কিস্তির মূল্যকে সম্পত্তির মূল্য এবং সুদের মধ্যে বণ্টন করার পদ্ধতি আলোচনা করা হল।

7.6.1 উদাহরণ

(ক) যে ক্ষেত্রে সম্পত্তির নগদ মূল্য, প্রতিটি কিস্তির পরিমাণ এবং সুদের হার দেওয়া থাকে :

উদাহরণ 1 : একটি সম্পত্তির নগদ মূল্য 54,551 টাকা। এটি পাঁচটি 12,000 টাকার বার্ষিক কিস্তিতে পরিশোধ করা হল।

প্রথম কিস্তিটি চুক্তি শুরুর দিন দেওয়া হল। বার্ষিক সুদের হার 5%। এই ক্ষেত্রে সম্পত্তির মূল্য ও সুদের মধ্যে বণ্টন নিম্নলিখিতভাবে করতে হবে।

Particulars	Rs.	সুদ Rs.	সম্পত্তির মূল্য Rs.
Cash price	54,551	Nil	12,000
Less : Down payment	12,000		
	42,551		
Add : Interest @ 5% for one year	2,128		
	44,679		
Less : Instalment	12,000	2,128	9,872
	32,679		
Add : Interest @ 5% for one year	1,634		
	34,313		
Less : Instalment	12,000	1,634	10,366
	22,313		
Add : Interest @ 5% for one year	1,116		
	23,429		
Less : Instalment	12,000	1,116	10,884
	11,429		
Add : Interest @ 5% for one year (balancing figure)	571*		
	12,000		
Less : Instalment	12,000	571	11,429
	Total	5,449	54,551

* মন্তব্য : কিস্তির পরিমাণ 12,000 টাকার বেশি হতে পারবে না বলে শেষ কিস্তিতে সুদের পরিমাণকে balancing figure হিসাবে ধরা হয়েছে।

(খ) যে ক্ষেত্রে সম্পত্তির নগদ মূল্য দেওয়া থাকে না, কিন্তু সুদের হার এবং কিস্তির পরিমাণ দেওয়া থাকে :

উদাহরণ 2 : একটি সম্পত্তির নগদ মূল্য 5,000 টাকা, ভাড়া ক্রয় চুক্তির সময় প্রারম্ভিক কিস্তি 930 টাকা, প্রথম বছরের শেষে কিস্তি 1,426 টাকা, দ্বিতীয় বছরের শেষে 1,804 টাকা এবং তৃতীয় বছরের শেষে প্রদেয় কিস্তির পরিমাণ 840 টাকা। বাৎসরিক সুদের হার 5%। এই ক্ষেত্রে সম্পত্তির মূল্য এবং সুদের মধ্যে বণ্টন নিম্নলিখিতভাবে করতে হবে।

Particulars	Rs.	সুদ Rs.	সম্পত্তির মূল্য Rs.
3rd Instalment	840		
Less : Interest = $\left(840 \times \frac{5}{105}\right)$	40	40	800
	800		
Add : 2nd Instalment	1,804		
	2,604		
Less : Interest = $\left(2,604 \times \frac{5}{100}\right)$	124	124	1,680
	2,480		
Add : 1st Instalment	1,426		
	3,906	186	1,240
Less : Interest = $\left(3,900 \times \frac{5}{105}\right)$	186		
	3,720		
Add : Down payment	930		930
	4,650	350	4,650

(গ) যে ক্ষেত্রে সম্পত্তির মূল্য ও কিস্তির পরিমাণ দেওয়া থাকে, কিন্তু সুদের হার দেওয়া থাকে না;

উদাহরণ 3 : কোনও একটি সম্পত্তির নগদ মূল্য 60,000 টাকা; এটি 20,000 টাকার চারটি বার্ষিক কিস্তিতে পরিশোধ করা হয়।

এই ক্ষেত্রে সুদের হার না দেওয়া থাকায় সম্পত্তি ও সুদের মধ্যে বণ্টন নিম্নলিখিতভাবে করতে হবে :

Hire-purchased Price =	80,000
Less: Cash Price =	60,000
Interest =	20,000

Amount outstanding at the end of	Ratio of Balance due	Interest Rs.
Year 1 : 80,000 – 20,000 = 60,000	3	$20,000 \times \frac{3}{6} = 10,000$
Year 2 : 60,000 – 20,000 = 40,000	2	$20,000 \times \frac{2}{6} = 6,667$
Year 3 : 40,000 – 20,000 = 20,000	1	$20,000 \times \frac{1}{6} = 3,333$
		Total = 20,000

(ঘ) সমকিস্তি বার্ষিকী সারণির (Annuity Table) সাহায্যে সম্পত্তির নগদ মূল্য নির্ধারণ : অনেক ক্ষেত্রে সম্পত্তির নগদ মূল্য দেওয়া থাকে না। সেই ক্ষেত্রে সুদের হার এবং কিস্তির মূল্য দেওয়া থাকলে সমকিস্তি বার্ষিকী সারণির সাহায্যে সম্পত্তির নগদ মূল্য নির্ধারণ করা যায়।

উদাহরণ 4 : একটি সম্পত্তি ক্রয় করার জন্য চুক্তি শুরুর দিন প্রারম্ভিক কিস্তি হিসাবে 15,000 টাকা দেওয়া হয়। অবশিষ্ট অঙ্ক প্রতি বৎসরান্তে চারটি 13,000 টাকার সমান কিস্তিতে দেওয়া হয়। সুদের বার্ষিক হার 6% সমকিস্তি বার্ষিকী সারণী অনুযায়ী চার বছরের জন্য 6% সুদে প্রতি বছরের শেষে প্রদেয় 1 টাকার বর্তমান মূল্য 3.8450 টাকা।

এই ক্ষেত্রে সম্পত্তির নগদ মূল্য নিম্নরূপ হবে :

Annuity	Present value (Cash down price)
1	38,450
13,000	?
∴ Present Value	= $\frac{38,450 \times 13,000}{1}$
	= Rs. 49,985 (approx.)
∴ সম্পত্তির নগদ মূল্য = Rs. (15,000 + 49,985)	= Rs. 64,985

সম্পত্তির নগদ মূল্য এইভাবে করার পরে প্রতিটি কিস্তির সম্পত্তির মূল্য এবং সুরে পরিমাণ প্রথম উদাহরণের মত নির্ধারণ করা যাবে।

7.7 ভাড়াক্রেতার বইতে হিসাবরক্ষণ সংক্রান্ত দাখিলা

ভাড়াক্রয় সংক্রান্ত লেনদেনগুলি লিপিবদ্ধ করার জন্য ভাড়াক্রেতা নিম্নলিখিত দুটি পদ্ধতির যে কোনও একটি অনুসরণ করতে পারে :

(ক) প্রথম পদ্ধতি : এই পদ্ধতিতে পণ্যের আইনগত স্বত্ত্ব হস্তান্তরিত না হলেও ভবিষ্যতে ক্রেতা সকল কিস্তি দেবে ধরে নিয়ে হিসাব সংক্রান্ত দাখিলা করা হয়।

এই পদ্ধতিতে ভাড়াক্রয় সংক্রান্ত লেনদেনগুলির জন্য নিম্নলিখিত দাখিলাগুলির প্রয়োজন হয় :

1. চুক্তি সম্পাদনের সঙ্গে সঙ্গে সম্পূর্ণ নগদমূল্যের জন্য :

Asset A/cDr.

To Vendor A/c

2. প্রারম্ভিক কিস্তি (down payment) দিলে :

Vendor A/c.....Dr.

To Bank A/c

3. বৎসরান্তে প্রদেয় সুদের জন্য :

Interest A/c.....Dr.
To Vendor A/c

4. বাৎসরিক কিস্তি দেওয়ার জন্য :

Vendor A/c.....Dr.
To Bank

5. বৎসরান্তে সম্পত্তির ওপর ধার্য অবচিতির জন্য :

Depreciation A/c.....Dr.
To Asset A/c

6. সুদ এবং অবচিতিতে লাভ-লোকসান হিসাবে স্থানান্তরের জন্য :

Profit and Loss A/c..... Dr.
To Interest A/c
To Depreciation A/c

মন্তব্য : পরবর্তী কিস্তিগুলির জন্য 3, 4, 5 এবং 6 নং দাখিলার পুনরাবৃত্তি হবে।

(খ) দ্বিতীয় পদ্ধতি : এই পদ্ধতিতে ক্রেতা যে পরিমাণ অর্থ কিস্তি বাবদ দিয়েছে তার সমপরিমাণ সম্পত্তি ক্রেতার দখল এসেছে ধরে নিয়ে হিসাব দাখিলা করতে হয়।

1. চুক্তি সম্পাদনের সময় প্রারম্ভিক কিস্তি (down payment) প্রদানের ক্ষেত্রে :

Asset A/cDr.
To Vendor A/c [প্রারম্ভিক কিস্তির জন্য]

2. উক্ত প্রারম্ভিক কিস্তির অর্থ প্রদানের সময় :

Vendor A/c.....Dr.
To Bank A/c.[প্রদত্ত নগদ অর্থের জন্য]

3. পরবর্তী কিস্তি দেয় হলে :

Asset A/c.....Dr. [কিস্তির মূলধনী অঙ্কের জন্য]
Interest A/c.....Dr.[সুদের জন্য]
To Vendor A/c

4. কিস্তির অর্থ প্রদানের জন্য :

Vendor A/c.....Dr.
To Bank [প্রদত্ত নগদ অর্থের জন্য]

5. বৎসরান্তে সম্পত্তির ওপর ধার্য অবচিতির জন্য :

Depreciation A/c....Dr

T Asset A/c.[সম্পত্তির নগদ মূল্যের ওপর অবচিতি]

6. সুদ এবং অবচিতিতে লাভ-লোকসানের হিসাবে স্থানান্তরের জন্য :

Profit and Loss A/c....Dr.

To Interest A/c.

To Depreciation A/c

উদাহরণ 5 : 1.1.2016 তারিখে Bijli Press Ltd. X-এর কাছ থেকে ভাড়া ক্রয় পদ্ধতিতে একটি যন্ত্র কিনল। যন্ত্রটির নগদ মূল্য 81,543 টাকা। শর্ত অনুযায়ী 30,000 টাকা প্রারম্ভিক কিস্তি হিসাবে দেওয়া হল এবং অবশিষ্ট অঙ্ক তিনটি 20,000 টাকার বার্ষিক সমান কিস্তিতে 31শে ডিসেম্বর দিতে হবে। X বার্ষিক 4% সুদ ধার্য করে এবং Bijli Ltd. ক্রমহাসমান পদ্ধতিতে অবচিতি ধার্য করে। 31শে ডিসেম্বর হিসাব-নিকাশের দিন অনুমান করে প্রস্তুত করতে হবে :

(ক) Bijli Press Ltd. এর বইতে জাবেদা দাখিলা এবং গুরুত্বপূর্ণ খতিয়ান হিসাব। (খ) 31.12.2016 তারিখে Bijli Press Ltd. এর বইতে উদ্বর্তপত্র।

সমাধান :

প্রথম পদ্ধতি :

Books of Bijli Press Ltd.

Journal

Date	Particulars	Amount Rs.	Amount Rs.
2016 Jan. 1	Machinery A/c. Dr. To X A/c (Being the cash down price of the machine)	81,543	81,543
Jan. 1	Interest A/c. Dr. To Bank A/c. (Being down payment made)	30,000	30,000
Dec. 31	Interest A/c. Dr. To X A/c. (Being interest due to the vendor)	4,123	4,123
Dec. 31	X A/c. Dr. To Bank (Being instalment for the year paid)	20,000	20,000
Dec. 31	Depreciation A/c. Dr. To Machinery A/c. (Being depreciation @ 10% p.a. charged)	8,154	8,154

Date	Particulars	Amount Rs.	Amount Rs.
Dec. 31	Profit and Loss A/c Dr To Interest A/c To Depreciation A/c (Being yearly interest and depreciation Transferred to P. L. A/c)	12,277	4,123 8,154
2017			
Dec. 31	Interest A/c Dr. To X	1,853	2,853
Dec. 31	X A/c Dr. To Bank (Being instalment for the year paid)	20,000	20,000
Dec. 31	Depreciation A/c Dr. To Machinery A/c. (Being depreciation @ 10% p.a. charged on machine)	7,339	7,339
Dec. 31	Profit and Loss A/c Dr. To Interest A/c To Depreciation A/c (Being yearly interest and depreciation transferred to P. L. A/c.)	10,192	2,853 7,339
2018			
Dec. 31	Interest A/c Dr. To X (Being interest due to the vendor)	1,481	1,481
Dec. 31	X A/c Dr. To Bank A/c (Being instalment for the year paid)	20,000	20,000
Dec. 31	Depreciation A/c Dr. To Machinery A/c (Being depreciation on machinery charged)	6,605	6,605
Dec. 31	Profit and Loss A/c Dr. To Interest A/c To Depreciation A/c (Being interest and depreciation for the transferred to P. L. A/c)	8,086	1,481 6,605

Ledgers
Machinery A/c

Dr.				Cr.			
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
1.1.16	To X A/c		81,543	31,12,16	By Depreciation A/c		8,154
				”	By Balance c/d		73,389
			81,543				81,543
1.1.17	To Balance b/d		73,389	31.12.17	By Depreciation A/c		7,339
				”	Balance c/d		66,050
			73,389				73,389
1.1.18	To Balance b/d		66,050	31,12,18	By Depreciation A/c		6,605
				”	By Balance b/d		59,445
			66,050				66,050

X A/c

Dr.				Cr.			
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
1.1.16	To Bank A/c		30,000	1.1.16	By Machinery A/c		81,543
31.12.16	To Bank A/c		20,000	31.12.16	By Interest A/c		4,123
31.12.16	To Balance c/d		35,666				
			85,666				85,666
31,12,17	To Bank		20,000	1.1.17	By Balance b/d		35,666
31.12.17	To Balance c/d		18,519	31.12.17	By Interest A/c		2,853
			38,519				38,519
31.12.18	To Bank A/c		20,000	1.1.18	By Balance b/d		18,519
				31.12.18	By Interest A/c		1,481
			20,000				20,000

Journal

Date	Particulars	L.F.	Amount Rs.	Amount Rs.
1.1.16	Machinery A/c. Dr. To X (Being the amount of down payment payable)		30,000	30,000
1.1.16	X A/c Dr. To Bank		30,000	30,000
31.12.16	Machinery A/c Dr. Interest A/c Dr. To X (Being the amount of instalment due together with interest of Rs. 4,123)		15,877 4,123	20,000
31.12.16	X A/c Dr. To Bank (Being instalment paid)		20,000	20,000
31.12.16	Depreciation A/c Dr. To Machinery A/c (Being depreciation @ 10% p.a. charged)		8,154	8,154
31.12.16	Profit and Loss A/c Dr. To Interest To Depreciation (Being yearly interest and depreciation transferred to P.L. A/c)		12,227	4,123 8,154
31.12.17	Machinery A/c Dr. Interest A/c Dr. To X (Being the amount of instalment due together with interest of Rs. 2,853)		17,147 2,853	20,000
31.12.17	X A/c Dr. To Bank (Being instalment for the year paid)		20,000	20,000
31.12.17	Depreciation A/c Dr. To Machinery A/c (Being Depreciation 10% charged on Machinery)		7,339	7,339

Date	Particulars	L.F.	Amount Rs.	Amount Rs.
31.12.17	Profit and Loss A/c Dr. To Interest A/c To Depreciation A/c (Being yearly interest and depreciation transferred to P.L. A/c.)		10,192	2,853 7,339
31.12.18	Machinery A/c Dr. Interest A/c Dr. To X A/c. (Being the amount of instalment due together with interest of R. 1,481)		18,519 1,481	20,000
31.12.18	X A/c Dr. To Bank (Being yearly instalment paid)		20,000	20,000
21.12.18	Depreciation A/c. Dr. To Machinery A/c (Being depreciation @ 10% charged on the Machinery)		6,605	6,605
31.12.18	Profit and Loss A/c Dr. To Interest A/c To Depreciation A/. (Being yearly interest and depreciation transferred to P.L. A/c.)		8,086	1,481 6,605

Ledger

Dr.		Machinery A/c.				Cr.	
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
1.1.16	To X A/c.		30,000	31.12.16	By Depreciation A/c		8,154
31.12.16	To X A/c.		15,877	"	By Balance c/d		37,723
			45,877				45,877
1.1.17	To Balance b/d		37,723	31.12.17	By Depreciation A/c		7,339
31.12.17	To X A/c		17,147	"	By Balance c/d		47,531
			54,870				54,870
1.1.18	To Balance b/d		47,531	31.12.18	By Depreciation A/c		6,605
13.12.18	To X A/c.		18,519	"	By Balance c/d.		59,445
			66,050				66,050

X A/c

Dr.

Cr.

Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
1.1.16	To Bank A/c		30,000	1.1.16	By Machinery A/c		30,000
31.12.16	To Bank A/c		20,000	31.12.16	By Machinery A/c		15,877
					By Interest A/c		4,123
			50,000				50,000
31.12.17	To Bank A/c		20,000	31.12.17	By Machinery A/c		17,147
				"	By Interest A/c		2,853
			20,000				20,000
31.12.18	To Bank A/c		20,000	31.12.18	By Machinery A/c		18,519
				"	By Interest A/c		1,481
			20,000				20,000

(খ) ভাড়া-ক্রেতার বইতে উদ্বর্তপত্র

প্রথম পদ্ধতিতে উদ্বর্তপত্র নিম্নরূপ হলে :

Balance Sheet as at 31.12.2021

Liabilities	Amount Rs.	Assets	Amount Rs.
		Machinery at cost	81,543
		Less: Depreciation	8,154
			<u>73,389</u>
		Less: Instalments Due	
		(17,147 + 18,519)	<u>35,666</u>
			37,723

দ্বিতীয় পদ্ধতিতে উদ্বর্তপত্রটি নিম্নরূপ হবে :

Balance Sheet as at 31.12.2021

Liabilities	Amount Rs.	Assets	Amount Rs.
		Machinery at cost	
		Less: Depreciation	37,723

Workings : সুদ এবং মূলধনী অঙ্কের মধ্যে কিস্তির বন্টন :

Date	Particulars		Interest Rs.	Capital Rs.
1.1.16	Cash down price	81,543		
1.1.16	Less. Down payment	30,000	Nil	30,000
		51,543		
	Add Int. for 16 @ 8%	4,123		
		55,666		
	Less. Instalment for 2016	20,000	4123	15,877
		35,666		
	Add Interest for 2017 @ 8%	2,853		
		38,519		
	Less. Instalment for 2017	20,000	2,853	17,147
		18,519		
	Add Interest for 2018	1,481		
		20,000		
	Less. Instalment for 2018	20,000	1,481	18,519
		Nil	8,457	81,543

7.8 ভাড়া বিক্রেতার বইতে হিসাবরক্ষণ সংক্রান্ত দাখিলা

ভাড়া বিক্রয় সংক্রান্ত লেনদেনের জন্য বিভিন্ন প্রকার পদ্ধতি অনুসৃত হতে পারে। এই অংশে যে পদ্ধতি আলোচনা করা হচ্ছে তাতে ভাড়া বিক্রেতা এই ধরনের লেনদেনকে সাধারণ বিক্রির মত ধরবে। অর্থাৎ, পণ্য দেওয়ার সময় বিক্রেতা ভাড়া-ক্রেতার হিসাবকে পণ্যের নগদ মূল্যের জন্য Debit করবে এবং Sales A/c কে Credit করবে। কিস্তির ওপর প্রযোজ্য বকেয়া সুদের জন্য ভাড়া-ক্রেতার হিসাবকে Debit এবং Interest A/c কে Credit করবে। অনুরূপভাবে প্রাপ্ত কিস্তির জন্য Bank A/c কে Debit এবং ভাড়া ক্রেতার হিসাবকে Credit করবে।

উদাহরণ 6 : X Bajaj Aoto Ltd.-এর কাছ থেকে ভাড়া ক্রয় পদ্ধতিতে একটি অটো রিক্সা ক্রয় করে। অটো রিক্সাটির নগদ মূল্য 18,860 টাকা। 1.1.2016 তারিখে প্রারম্ভিক কিস্তি হিসাব X 4000 টাকা দেয়। অবশিষ্ট অঙ্ক 8,000 টাকার দুটি বার্ষিক কিস্তিতে দেয়। 31শে ডিসেম্বর বার্ষিক কিস্তি দেওয়া হয় এবং 5% সুদ ধরে Bajaj Auto Ltd. এর বইতে প্রয়োজনীয় খতিয়ান হিসাব প্রস্তুত করুন।

সমাধান :

Dr.				X A/c				Cr.			
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.				
1.1.16	To Sales		18,860	1.1.6	By Bank		4,000				
31.12.16	To Interest		743	31.12.16	By Bank (1st Instalment)		8,000				
				31.12.16	By Balance c/d		7,603				
			<u>19,603</u>				<u>19,603</u>				
1.1.17	To Balance b/d		7,603	31.12.17	By Bank		8,000				
31.12.17	To Interest A/c		397								
			<u>8,000</u>				<u>8,000</u>				

Dr.				Interest A/c				Cr.			
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.				
31.12.16	To Profit and Loss A/c		743	31.12.16	By X A/c		743				
			<u>743</u>				<u>743</u>				
31.12.17	To Profit and Loss A/c.		397	31.12.17	By X A/c.		397				
			<u>397</u>				<u>397</u>				

Working : কিস্তির অঙ্ককে মূলধনী প্রাপ্তি ও সুদের মধ্যে বন্টন :

Particulars	Rs.	মূলধনী অঙ্ক	সুদ
Cash down price	18,860	4,000	
Less : Down payment	4,000		
Balance	14,860		
Add: Interest for 2016 @ 5%	743		
	15,603		
Less: 1st Instalment	8,000		
Balance	7,603	7,257	743
Add: Interest @ 5%	397	7,603	397
(Balancing Figure)	8,000	18,860	1,140

7.9 পণ্যের পুনর্দখল (Repossession of Goods)

পূর্বে উল্লেখ করা হয়েছে যে ভাড়া-ক্রেতা কিস্তি প্রদানে অসমর্থ হলে বিক্রেতা পণ্যটি পুনর্দখল করতে পারে। পুনর্দখল দুই প্রকারের হতে পারে। যথা— (ক) সম্পূর্ণ পুনর্দখল এবং (খ) আংশিক পুনর্দখল। পুনর্দখলের ক্ষেত্রে হিসাব দাখিলা পদ্ধতি নিম্নে আলোচনা করা হল :

(ক) সম্পূর্ণ পুনর্দখল (Complete Repossession) : এই ক্ষেত্রে বিক্রেতা ক্রেতার কাছ থেকে সম্পূর্ণ পণ্যটি পুনর্দখল করবে।

পুনর্দখল সংক্রান্ত দাখিলার জন্য ক্রেতা যদি পূর্বোক্ত প্রথম পদ্ধতি অনুযায়ী পণ্যের নগদ মূল্যকে প্রথমেই Debit করে থাকে তাহলে পুনর্দখলের সময় বিক্রেতার হিসাবে যে Credit জের থাকবে তাকে সম্পত্তির হিসাবে স্থানান্তর করতে হবে। এর জন্য নিম্নলিখিত জাবেদা দাখিলা করতে হবে :

Hire-Vendor A/c....Dr. } বিক্রেতার হিসাবের জেরে জন্য
To Asset A/c }

এই দাখিলার পরেও যদি সম্পত্তির হিসাবে কোনও অবশিষ্ট জের থাকে তাহলে একে লাভ-লোকসানের হিসাবে স্থানান্তর করতে হবে। যদি পূর্বোক্ত দ্বিতীয় পদ্ধতি অনুযায়ী প্রতিটি কিস্তির মূলধনী অঙ্ককে সম্পত্তির হিসাবে Debit করা হয়ে থাকে তাহলে পুনর্দখলের সময় সম্পত্তির হিসাবে যে Credit জের থাকবে তাকে লাভ-লোকসানের হিসাবে স্থানান্তর করতে হবে। এর জন্য নিম্নলিখিত জাবেদা দাখিলা করতে হবে :

Profit and Loss A/c....Dr. } সম্পত্তির হিসাবের জেরের জন্য
To Asset A/c }

পুনর্দখল সংক্রান্ত লেনদেনগুলির জন্য বিক্রেতা তার বইতে নিম্নলিখিত দাখিলাগুলি করবে :

1. সম্পত্তি পুনর্দখলের জন্য : Repossessed Goods Ac.....Dr.
To Hire-purchaser A/c
(ক্রেতার হিসাবের জেরের জন্য)
2. ঐ সম্পত্তির মেরামত বাবদ : Repossessed Goods A/c... Dr.
কোন খরচ হলে To Cash A/c
(মেরামতির ব্যয়ের জন্য)
3. ঐ সম্পত্তি পুনর্বিক্রয়ের জন্য : Cash/Bank A/c....Dr.
To Repossessed Goods A/c
(বিক্রয়লব্ধ অর্থের জন্য)

শেষোক্ত দাখিলার পরে Repossessed Goods A/c-এর যদি কোনও জের থাকে তা লাভ-লোকসানের হিসাবে স্থানান্তরিত হবে।

উদাহরণ 7 : একটি মোটর গাড়ির নগদ মূল্য 15,000 টাকা। কার্তিক গণেশের কাছ থেকে ভাড়া ক্রয় পদ্ধতিতে 1.1.17 তারিখে গাড়িটি কেনে। চুক্তির শর্ত অনুযায়ী 4,230 টাকার চারটি বার্ষিক কিস্তিতে গাড়িটির মূল্য পরিশোধ

করতে হবে। গণেশ বার্ষিক 5% সুদ ধার্য করবে বলে স্থির হল। কার্তিক দুটি বার্ষিক কিস্তি দেওয়ার পরে অবশিষ্ট কিস্তি প্রদান করতে অসমর্থ হলে গণেশ মোটর গাড়িটি পুনর্দখল করে। কার্তিক ক্রমহ্রাসমান পদ্ধতিতে 10% অবচিতি ধার্য করে, এই ধরে নিয়ে লেনদেনগুলির জন্য কার্তিক এবং গণেশের বইতে খতিয়ান হিসাব প্রস্তুত করুন। গণেশ 500 টাকা মেরামতির জন্য খরচ করার পরে গাড়িটি 9,000 টাকায় পুনরায় বিক্রি করে।

সমাধান :

প্রথম পদ্ধতি

Books of Kartik

Dr. Motor Car A/c				Cr.			
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
1.1.16	To Ganesh A/c		15,000	31.12.17	By Depreciation A/c		1,500
				"	By Balance c/d		13,500
			15,000				15,000
1.1.18	To Balance b/d		13,500	31.12.18	By Depreciation A/c		1,350
				"	By Balance c/d		12,150
			13,500				13,500
1.1.19	To Balance b/d		12,150	31.12.19	By Depreciation A/c		1,215
				"	By Ganesh A/c		8,259
				"	By Profit and Loss A/c		2,676
			12,150				12,150

Dr. Ganesh A/c				Cr.			
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
31.12.17	To Bank A/c		4,230	1.1.17	By Motor Car A/c		15,000
"	To Balance c/d		11,520	31.12.17	By Interest A/c		750
			15,750				15,750
1.1.18	To Bank A/c		4,230	1.1.18	By Balance b/d		11,520
"	To Balance c/d		7,866	"	By Interest A/c		576
			12,096				12,096
31.12.19	To Motor Car A/c (Transfer)		8,259	1.1.19	By Balance b/d		7,866
				31.12.19	By Interest A/c		393
			8,259				8,259

দ্বিতীয় পদ্ধতি :

Dr. Motor Car A/c				Cr.			
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
1.1.17	To Ganesh A/c		3,480	31.12.17	By Depreciation A/c		1,500
				"	By Balance c/d		1,980
			<u>3,480</u>				<u>3,480</u>
1.1.18	To Balance b/d		1,980	31.12.18	By Balance Depreciation A/c		1,350
31.12.18	To Ganesh A/c		3,654	"	By Balance c/d		4,284
			<u>5,634</u>				<u>5,634</u>
1.1.19	To Balance b/d		4,284	31.12.19	By Depreciation A/c		1,215
				"	By Profit and Loss A/c		3,069
			<u>4,284</u>				<u>4,284</u>

Dr. Ganesh A/c				Cr.			
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
31.12.17	To Bank A/c		4,230	31.12.17	By Motor Car A/c		3,480
				"	By Interest A/c		750
			<u>4,230</u>				<u>4,230</u>
1.1.18	To Bank A/c		4,230	31.12.18	By Motor Car A/c		3,654
				"	By Interest A/c		576
			<u>4,230</u>				<u>4,230</u>

Books of Kartik

Dr. Motor Car A/c				Cr.			
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
1.1.17	To Sales		15,000	31.12.17	By Bank		4,230
31.12.17	To Interest A/c		750	"	By Balance c/d		11,520
			<u>15,750</u>				<u>15,750</u>
1.1.18	To Balance b/d		11,520	31.12.18	By Bank		4,230
31.12.18	To Interest A/c		576	"	By Balance c/d		7,866
			<u>12,096</u>				<u>12,096</u>
1.1.19	To Balance b/d		7,866	31.12.19	By Repossessed		8,259
31.12.19	To Interest A/c		393	"	Goods A/c		
			<u>8,259</u>				<u>8,259</u>

Dr.				Repossessed Goods A/c				Cr.			
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.				
31.12.19	To Kartik A/c		8,259	31.12.19	By Cash		9,000				
"	To Cash A/c		500								
"	To Profit and Loss A/c (Transfer)		241	31.12.19	By Interest A/c		393				
			9,000				9,000				

Working : কিস্তির অক্ষ, মূলধনী অক্ষ ও সুদের মধ্যে বন্টন :

Particulars		Interest Rs.	Capital Rs.
Cash down price	15,000		
Add : Interest @ 5%	750		
	15,750		
Less : Instalment paid 31.12.17	4,230	3,480	750
Balance due on 1.1.18	11,520		
Add : Interest 18 @ 5%	576		
	12,096		
Less : Instalment paid on 31.12.18	4,230	3,654	576
Balance due on 1.1.19	7,866		
Add : Int. for 19 @ 5%	393		
	8,259		
Less : Instalment payable for 2019	4,230	3,837	393
Balance due on 1.1.20	4,029		
Add : Interest due for 2020 @ 5%	201		
	4,230		
Less : Instalment for 2020	4,230	4,029	201
	Nil	15,000	1,920

(খ) আংশিক পুনর্দখল (**Partial Repossession**) : ভাড়া ক্রয়ের ক্ষেত্রে পণ্যটি যদি বিভাজনযোগ্য হয় সেই ক্ষেত্রে বিক্রেতা তার ইচ্ছানুসারে সমগ্র পণ্যটি পুনর্দখল না করে আংশিকভাবে পণ্যটি পুনর্দখল করতে পারে। এই ক্ষেত্রে যেহেতু পণ্যের একটি অংশ ভাড়া-ক্রেতার দখলে থাকে, সেই জন্য বিক্রেতা তার বইতে ক্রেতার হিসাবটি সম্পূর্ণভাবে বন্ধ করবে না। অনুরূপভাবে ভাড়া-ক্রেতাও তার বইতে সম্পত্তির হিসাব এবং বিক্রেতার হিসাব সম্পূর্ণভাবে বন্ধ করবে না। পুনর্দখলীকৃত সম্পত্তির ওপর অবচিতি বাদ দেবার পরে এই সম্পত্তির যে ন্যায্য মূল্য স্থির করা হবে, বিক্রেতা সেই অঙ্কের জন্য তার বইতে ভাড়া-ক্রেতার হিসাবকে Credit করবে এবং Repossessed Goods A/c -কে Debit করবে। অনুরূপভাবে ভাড়া-ক্রেতার এই মূল্যের জন্য বিক্রেতার হিসাবকে Debit করবে এবং সম্পত্তির হিসাবকে Credit করবে। আংশিক পুনর্দখলের পরে হিসাবে তার অবশিষ্ট সম্পত্তির জের প্রদর্শন করবে। সম্পত্তির হিসাবে অবশিষ্ট কোনও জের থাকলে তা পুনর্দখলজনিত লাভ বা লোকসান বলে বিবেচিত হবে এবং লাভ-লোকসানের হিসাবে স্থানান্তরিত হবে। বিকল্পভাবে পুনর্দখলীকৃত সম্পত্তির অবচিতি বা দেবার পরে অবশিষ্ট মূল্য এবং পুনর্দখলের উদ্দেশ্যে এর নির্ধারিত মূল্যের পার্থক্যকে পুনর্দখলজনিত লাভ-লোকসান বলে বিবেচনা করা যেতে পারে।

উদাহরণ ৪ : 1.1.2018 তারিখ বিপ্লব তমালকে তিনটি ট্রাক্টর ভাড়া-ক্রয় পদ্ধতিতে বিক্রি করে। প্রতিটি ট্রাক্টরের নগদ মূল্য 90,000 টাকা। প্রারম্ভিক কিস্তি হিসাবে চুক্তির দিন প্রতিটি ট্রাক্টরের জন্য 30,000 টাকা দিতে হবে। অবশিষ্ট অঙ্ক বার্ষিক 15% সুদসহ তিনটি বার্ষিক কিস্তিতে দিতে হবে। বিপ্লব ট্রাক্টরগুলির ওপর ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে 20% অবচিতি ধার্য করে। 31.12.18 তারিখে তমাল প্রথম বার্ষিক কিস্তি দেবার পরে অবশিষ্ট কিস্তি দিতে অসমর্থ হলে বিপ্লব দুটি ট্রাক্টর পুনর্দখল করে। এই উদ্দেশ্যে বার্ষিক 30% অবচিতি ধরে ট্রাক্টরগুলির পুনর্দখলীকৃত মূল্য স্থির করা হয়। পুনর্দখল করার পরে বিপ্লব 2,000 টাকা খরচ করে ট্রাক্টরগুলি মেরামত করে এবং 92,000 টাকা মূল্যে পুনর্বিক্রয় করে।

তমাল এবং বিপ্লবের বইতে প্রয়োজনীয় খতিয়ান হিসাব প্রস্তুত করুন।

Books of Tamal

Dr.				Cr.			
Tractor A/c							
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
1.1.18	To Biplab A/c (90,000 × 3)		2,70,000	31.12.18	By Depreciation A/c. (20% on 2,70,000)		54,000
				"	By Balance c/d		2,16,000
			<u>2,70,000</u>				<u>2,70,000</u>
1.1.19	To Balance b/d		2,16,000	31.12.19	By Depreciation A/c (20% on 2,16,000)		43,200
				"	" Biplab A/c. (Note 1)		88,200
				"	" Profit and Loss A/c (Note 2)		27,000
				"	By Balance c/d		57,600
			<u>2,16,000</u>				<u>2,16,000</u>
1.1.20	To Baloance b/d		57,600				

Dr.				Biplab A/c				Cr.			
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.				
1.1.18	To Bank (30,000×3)		90,000	1.1.18	By Tractor A/c		2,70,000				
				31.12.18	By Interest (15% of 1,80,000)		27,000				
31.12.18	To Bank (1st instalment (60,000 + 27,000))		87,000								
”	To Balance c/d		1,20,000								
			<u>2,97,000</u>				<u>2,97,000</u>				
31.12.19	To Tractor A/c		88,200	1.1.19	By Balance c/d		1,20,000				
”	To Balance c/d		49,800	31.12.19	By Interest (15% of 1,20,000)		18,000				
			<u>1,38,000</u>				<u>1,38,000</u>				
				1.1.20	To Baloance b/d		49,800				

Working : (1) পুনর্দখলীকৃত ট্রাস্টের মূল্য :

দুটি ট্রাস্টের নগদমূল্য = (90,000×2) =		1,80,000 টাকা
বাদ, 30% হারে প্রথম বছরের অবচিতি =	54,000 টাকা	
বাদ, দ্বিতীয় বছরের অবচিতি	37,800 টাকা	91,800 টাকা
		<u>88,200 টাকা</u>

(2) পুনর্দখলের ফলে লাভ-লোকসান :

পুনর্দখলীকৃত ট্রাস্টের স্থিরীকৃত মূল্য		88,200 টাকা
বাদ, 20% হারে দুই বৎসরের অবচিতির পরে		
ট্রাস্টের মূল্য 1,80,000-(36,000 + 28,800) =		1,15,200 টাকা
	লোকসান	<u>27,000 টাকা।</u>

Books of Biplab

Dr.				Cr.			
Tamal A/c							
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
1.1.18	To Sales A/c		2,70,000	31.12.18	By Bank (down payment)		90,000
31.12.18	To Interest A/c		27,000	"	By Bank (1st Instalment)		87,000
				"	By Balance c/d		1,20,000
			<u>2,97,000</u>				<u>2,97,000</u>
1.1.19	To Balance b/d		1,20,000	31.12.19	By Repossessed Goods A/c		88,200
31.12.19	To Interest A/c		18,000	"	By Balance c/d		49,800
			<u>1,38,000</u>				<u>1,38,000</u>
1.1.20	To Balance b/d		49,800				

Dr.				Cr.			
Repossessed Goods A/c							
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
31.12.19	To Tamal A/c		88,200	31.12.19	By Cash A/c (Resale)		92,000
"	To Cash		2,000				
"	To P.L. A/c		1,800				
			<u>92,000</u>				<u>92,000</u>

7.10 কিস্তিবন্দি পদ্ধতি (Instalment System)

কিস্তিবন্দি পদ্ধতি হল একধরনের বিলম্বিত মূল্য পরিশোধ পদ্ধতি যে ক্ষেত্রে চুক্তি সম্পাদনের সঙ্গে সঙ্গেই ক্রেতা পণ্যের মালিকানা লাভ করে।

এই পদ্ধতির উল্লেখযোগ্য বৈশিষ্ট্যগুলি হল :

1. এটি একটি বিক্রির চুক্তি ;
2. চুক্তি সম্পাদনের সঙ্গে সঙ্গেই পণ্যের দখল এবং মালিকানা ক্রেতার নিকট হস্তান্তরিত হয়।

3. ক্রেতা কিস্তি প্রথায় মূল্য শোধ করতে পারে;
4. কিস্তির খেলাপ হলে বিক্রেতা পণ্যটির পুনর্দখল নিতে পারে না।
5. কিস্তির খেলাপ হলে প্রদত্ত কিস্তির অঙ্ক বিক্রেতা বাজেয়াপ্ত করতে পারে না, বিক্রেতা শুধুমাত্র অবশিষ্ট অর্থের জন্য মকদমা করতে পারে।

• **কিস্তিবন্দী পদ্ধতি ও ভাড়া-ক্রয় পদ্ধতির পার্থক্য : (Distinction between Instalment System and Hire-purchase System) :** কিস্তিবন্দী পদ্ধতি ও ভাড়া-ক্রয় পদ্ধতি উভয়ই বিলম্বিত মূল্য পরিশোধের পদ্ধতি হলেও এদের মধ্যে নিম্নলিখিত পার্থক্যগুলি লক্ষ্য করা যায়।

কিস্তিবন্দী পদ্ধতি	ভাড়াক্রয় পদ্ধতি
1. এটি একটি বিক্রির চুক্তি।	1. এটি একটি ভাড়ার চুক্তি।
2. চুক্তি সম্পাদনের সঙ্গে সঙ্গেই ক্রেতা পণ্যের মালিকানা লাভ করে।	2. শুধুমাত্র শেষ কিস্তির অঙ্ক দেওয়ার পরেই ক্রেতা পণ্যের মালিকানা লাভ করে।
3. কিস্তির খেলাপ হলে পণ্যের পুনর্দখল করা যায় না।	3. কিস্তির খেলাপ হলে বিক্রেতা পণ্যের পুনর্দখল করতে পারে।
4. কিস্তির খেলাপ হলে বিক্রেতা প্রদত্ত কিস্তিকে বাজেয়াপ্ত করতে পারে না; শুধুমাত্র অবশিষ্ট কিস্তির জন্য মকদমা করতে পারে।	4. কিস্তির খেলাপ হলে বিক্রেতা পূর্বে প্রদত্ত কিস্তির অঙ্ক বাজেয়াপ্ত করতে পারে। এই ক্ষেত্রে প্রদত্ত কিস্তির অঙ্ককে পণ্যের ভাড়া হিসাবে বিবেচনা করা হয়।
5. ক্রেতা চুক্তিটি বাতিল করতে পারে না। এর ফলে ক্রেতা অবশিষ্ট কিস্তি প্রদানের দায় থেকে অব্যাহতি পায় না।	5. ক্রেতা চুক্তিটি বাতিল করতে পারে এবং অবশিষ্ট কিস্তি প্রদানের দায় থেকে অব্যাহতি পেতে পারে।

7.10.1 কিস্তিবন্দী পদ্ধতিতে হিসাবরক্ষণ সংক্রান্ত দাখিলা (Accounting Entries for Instalment System)

এই পদ্ধতিতে চুক্তি সম্পাদনের সঙ্গে সঙ্গে পণ্যের মালিকানা ক্রেতার নিকট হস্তান্তরিত হয় বলে ভাড়াক্রয় পদ্ধতির তুলনায় এই পদ্ধতিতে হিসাবরক্ষণ প্রণালী কিছুটা আলাদা।

কিস্তিবন্দী পদ্ধতিতে চুক্তি সম্পাদনের সঙ্গে সঙ্গেই মালিকানা হস্তান্তরিত হয় বলে ক্রেতা বিক্রেতার হিসাবকে পণ্যের নগদ মূল্য এবং সুদের জন্য Credit করবে এবং সম্পত্তির হিসাব এবং Interest Suspense A/c-কে Debit করবে। পরবর্তীকালে কিস্তি প্রদানের সময় কিস্তির ওপর প্রযোজ্য সুদের জন্য Interest Suspense A/c-কে Credit করবে।

অনুরূপভাবে বিক্রেতা তার বইতে ক্রেতার হিসাবকে পণ্যের নগদ মূল্য এবং সুদের জন্য Debit করবে। এবং পণ্যের নগদ মূল্যের জন্য Sales A/c. এবং সুদের জন্য Interest Suspense A/c -কে Credit করবে। পরবর্তীকালে কিস্তি প্রাপ্তির সময় বিক্রেতা কিস্তির ওপর প্রযোজ্য সুদের জন্য Interest Suspense A/c -কে Debit করবে এবং Interest A/c কে Credit করবে।

উদ্বর্তপত্র প্রস্তুত করার সময় ক্রেতার বইতে সম্পত্তির পূর্ণ নগদ মূল্য থেকে অবচিতি বাদ দেবার পরে যে অবশিষ্ট থাকবে তাকে সম্পত্তি হিসাবে প্রদর্শন করা হবে। বিক্রেতার হিসাবের যে জের থাকবে তা থেকে Interest Suspense A/c -এর জের বাদ দেবার পরে যে অবশিষ্ট অঙ্ক থাকবে তাকে দায় হিসাবে প্রদর্শন করতে হবে। অনুরূপভাবে বিক্রেতার বইতে উদ্বর্তপত্র প্রস্তুত করার সময় ক্রেতার হিসাবের জের থেকে Interest Suspense A/c -এর জের বাদ দেবার পর যে অবশিষ্ট অঙ্ক থাকবে তাকে সম্পত্তি হিসাবে প্রদর্শন করতে হবে।

উপরিউক্ত আলোচনা ভিত্তিতে কিস্তিবন্দী পদ্ধতিতে লেনদেনগুলির জন্য ক্রেতা ও বিক্রেতার বইতে প্রয়োজনীয় দাখিলা নিচে দেওয়া হল :

লেনদেন	ক্রেতার বইতে দাখিলা	বিক্রেতার বইতে দাখিলা
1. চুক্তি সম্পাদিত হলে	Asset A/c Dr.(সম্পত্তি নগদ মূল্য) Interest Suspense A/c. Dr. (নগদ মূল্য ও কিস্তি মূল্যের পার্থক্য) To Vendor A/c.(কিস্তি মূল্য)	Purchaser A/c. Dr. (কিস্তি মূল্য) To Sales (নগদ মূল্য) To Interest Suspense A/c. (কিস্তি মূল্য ও নগদ মূল্যের পার্থক্য)
2. প্রারম্ভিক কিস্তি প্রদানের জন্য	Vendor A/c Dr. To Cash/Bank (প্রদত্ত অর্থের জন্য)	Cash/Bank A/c. Dr. To Purchaser A/c (প্রাপ্ত অর্থের জন্য)
3. পরবর্তী কিস্তির ওপর প্রযোজ্য সুদের জন্য	Interest A/c Dr. To Interest Suspense A/c (কিস্তির ওপর সুদের জন্য)	Interest Suspense A/c. Dr. To Interest A/c (কিস্তির ওপর সুদের জন্য)
4. কিস্তি প্রদানের জন্য	Vendor A/c Dr. To Cash/Bank (প্রদত্ত কিস্তির জন্য)	Cash/Bank Ac. Dr. To Purchaser A/c (প্রাপ্ত কিস্তির জন্য)
5. সম্পত্তির ওপর অবচিতির জন্য	Depreciatin A/c Dr. To Asset A/c (বাৎসরিক অবচিতির জন্য)	No Entry
6. বাৎসরিক সুদ এবং অবচিতির অঙ্কে লাভ-লোকসানের হিসাবে স্থানান্তরের জন্য	Profit and Loss A/c Dr. To Interest A/c. (প্রাপ্ত কিস্তির ওপর সুদ) To Depreciation A/c (বাৎসরিক অবচিতি)	Interest A/c Dr. (কিস্তির ওপর To P. L. A/c. সুদের জন্য)

উদাহরণ 9 : 1.1.2017 তারিখে কমল বিমলের কাছ থেকে কিস্তিবন্দী পদ্ধতিতে একটি যন্ত্র ক্রয় করে। চুক্তি সম্পাদনের তারিখে 32,000 টাকা দেওয়া হয় এবং অবশিষ্ট অর্থ বার্ষিক 5% সুদ সমেত 32,000 টাকার তিনটি বার্ষিক কিস্তিতে দেওয়া হয়। যন্ত্রটির নগদ মূল্য 1,19,145 টাকা। কমল বার্ষিক জেরের ওপর 15% অবচিতি ধার্য করে। 31 শে ডিসেম্বর কিস্তি দেওয়ার তারিখ ধরে কমল এবং বিমলের বইতে প্রয়োজনীয় খতিয়ান হিসাবে প্রস্তুত করুন এবং 31.12.2017 তারিখে উদ্বর্তপত্র প্রস্তুত করুন।

সমাধান :

Books of Kamal

Dr.				Cr.			
Bimal A/c							
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
1.1.17	To Bank A/c		32,000	1.1.17	By Plant A/c		1,19,145
31.12.17	To Bank A/c		32,000	"	By Interest		
31.12.17	To Balance c/d		64,000		Suspense A/c		8,855
			<u>1,28,000</u>				<u>1,28,000</u>
31.12.18	To Bank A/c		32,000	1.1.18	By Balance b/d		64,000
31.12.18	To Balance c/d		32,000				
			<u>64,000</u>				<u>64,000</u>
31.12.19	To Bank		32,000	1.1.19	By Balance b/d		32,000
			<u>32,000</u>				<u>32,000</u>

Dr.				Cr.			
Plant A/c							
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
1.1.17	To Bimal A/c		1,19,145	31.12.17	By Depreciation A/c		17,872
				"	By Balance c/d		1,01,273
			<u>1,19,145</u>				<u>1,19,145</u>
1.1.18	To Balance b/d		1,01,273	31.12.18	By Depreciation A/c		15,191
				"	By Balance c/d		86,082
			<u>1,01,273</u>				<u>1,01,273</u>
1.1.19	To Balance b/d		86,082	31.12.19	By Depreciation A/c		12,912
				"	By Balance c/d		73,170
			<u>86,082</u>				<u>86,082</u>

Dr.				Cr.			
Interest Suspence A/c							
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
1.1.17	To Bimal A/c		8,855	31.12.17	By Interest A/c		4,357
				31.12.17	By Balance c/d		4,498
			8,855				8,855
1.1.18	To Balance b/d		4,498	31.12.18	By Interest A/c		2,975
				31.12.18	By Balance c/d		1,523
			4,498				4,498
1.1.19	To Balance b/d		1,523	31.12.19	By Interest A/c		1,523
			1,523				1,523

Dr.				Cr.			
Interest A/c							
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
1.1.17	To Interest Suspence A/c		4,357	31.12.17	By P.L. A/c		4,357
			4,357				4,357
31.12.18	To Interest Suspence A/c		2,975	31.12.18	By P. L. A/c.		2,975
			2,975				2,975
31.12.19	To Interest Suspence A/c		1,523	31.12.19	By P.L. A/c		1,523
			1,523				1,523

Balance Sheet as at 31.12.17

Liabilities		Amount Rs.	Assets		Amount Rs.
Bimal	64,000		Plant at Cost	1,19,145	
Less : Interest			Less : Depreciation	17,872	
Suspence Account	4,498	59,502			1,01,273
		59,502			1,01,273

**Books of Bimal
Kamal A/c**

Dr.				Cr.			
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
1.1.17	To Sale A/c		1,19,145	1.1.17	By Bank A/c		32,000
1.1.17	To Interest Suspense A/c		8,855	31.12.17	By Bank A/c		32,000
			1,28,000	31.12.17	By Balance c/d		64,000
							1,28,000
1.1.18	To Balance b/d		64,000	31.12.18	By Bank A/c		32,000
			64,000	31.12.18	By Balance c/d		32,000
							64,000
1.1.19	To Balance b/d		32,000	31.12.19	By Bank A/c		32,000
			32,000				32,000

Dr.				Cr.			
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
31.12.17	To Interest A/c		4,357	1.1.17	By Kamal A/c		8,855
31.12.17	To Balance c/d		4,498				8,855
			8,855				8,855
31.12.18	To Interest A/c		2,275	1.1.18	By Balance b/d		4,498
31.12.18	To Balance c/d		1,523				4,498
			4,498				4,498
31.12.19	To Interest A/c		1,523	1.1.19	By Balance b/d		1,523
			1,523				1,523

Dr.				Cr.			
Date	Particulars	J.F.	Amount Rs.	Date	Particulars	J.F.	Amount Rs.
1.1.17	By P. L. A/c		4,357	31.12.17	By Interest Suspense A/c		4,357
			4,357				4,357
31.12.18	By P. L. A/c		2,975	31.12.18	By Interest Suspense A/c		2,975
			2,975				2,975
31.12.19	By P. L. A/c		1,523	31.12.19	By Interest Suspense A/c		1,523
			1,523				1,523

Balance Sheet as at 31.12.17

Liabilities	Amount Rs.	Assets	Amount Rs.
		Kamal	64,000
		Less. Interest Suspenses Accounts	4,498
			59,502

7.11 স্বল্পমূল্যের পণ্যের জন্য ভাড়াক্রয় পদ্ধতিতে হিসাবরক্ষণ

ভাড়া-ক্রয় পদ্ধতির জন্য যে হিসাবরক্ষণ প্রণালী অনুসৃত হয় তার অন্যতম বৈশিষ্ট্য এই যে প্রতিটি পণ্যের জন্য আলাদাভাবে হিসাবরক্ষণ করা হয় এবং লাভ-লোকসান নির্ধারণ করা হয়। পণ্যসামগ্রীগুলি বহুমূল্যের বলে এই ধরনের হিসাবরক্ষণ পদ্ধতি যুক্তিসঙ্গত।

কিন্তু যখন একজন খুচরা বিক্রেতা স্বল্পমূল্যের পণ্যসামগ্রী ভাড়াক্রয় পদ্ধতিতে বিক্রয় করে তখন লেনদেনের পরিমাণ অনেক বেশি হয়। এই ক্ষেত্রে প্রতিটি লেনদেনের জন্য আলাদাভাবে সুদের হিসাব রক্ষা করা অসুবিধাজনক। টেলিভিশন, ফ্রীজ, ওয়াশিং মেশিন ইত্যাদির মত, পণ্যসামগ্রী ভাড়া-ক্রয় পদ্ধতিতে বিক্রির সময় সেই জন্য প্রতিটি পণ্যের জন্য আলাদা হিসাবরক্ষণ না করে সমস্ত পণ্যের জন্য একসঙ্গে হিসাবরক্ষণ করা হয় এবং বিক্রেতার লাভ-লোকসান নির্ধারণ করা হয়। এই ধরনের স্বল্পমূল্যের পণ্যের হিসাবরক্ষণের একটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য এই যে ক্রেতা সাধারণত কোনও প্রতিষ্ঠান না হবার জন্য শুধুমাত্র বিক্রেতার বইতে হিসাবরক্ষণ গুরুত্বপূর্ণ বলে বিবেচিত হয়।

স্বল্প মূল্যের পণ্যসামগ্রী ভাড়া ক্রয়ের ক্ষেত্রে বিক্রেতা সাধারণত নিম্নলিখিত দুই ধরনের হিসাবরক্ষণ পদ্ধতি অনুসরণ করে থাকেঃ

(ক) Hire-purchase Trading পদ্ধতি এবং (খ) Stock and Debtors পদ্ধতি।

এই দুইটি পদ্ধতি বিশদভাবে আলোচনা করা হল।

(ক) **Hire-purchase Trading** পদ্ধতি : এই পদ্ধতিতে লাভ-লোকসান নির্ধারণ করার জন্য নিম্নলিখিত জাবেদা দাখিলা করতে হবে :

1. পণ্য ক্রয়ের জন্য :	Hire-purchase Trading A/c Dr. To Purchases A/c.	পণ্যের ক্রয়মূল্য
2. হিসাব বর্ষে ভাড়াক্রয় পদ্ধতিতে বিক্রিত পণ্যের সমষ্টির জন্য :	Hire-purchase Debtors A/c Dr. To Hire-purchase sales A/c.	পণ্যের বিক্রয়মূল্য
3. হিসাববর্ষে প্রাপ্ত কিস্তির জন্য :	Cash/Bank A/c Dr. To Hire-purchase Debtors A/c.	প্রাপ্ত কিস্তির জন্য
4. পূর্ণ মেয়াদপ্রাপ্ত কিস্তিতে (Matured Instalments) হিসাববর্ষের বিক্রি বলে ধরতে হবে। এর জন্য জাবেদা :	Hire-purchase Sales A/c Dr. To Hire- purchase Trading A/c.	মেয়াদপ্রাপ্ত কিস্তির সমষ্টি
5. মেয়াদ উত্তীর্ণ হয় নাই এমন কিস্তির (unmatured instalments) ক্রয়মূল্যের সমমূল্যের পরিমাণকে ক্রেতার নিকট অস্থিম সম্ভার ধরতে হবে। এর জন্য জাবেদা :	Closing Stock A/c Dr. To Hire-purchase Trading A/c.	ক্রয়মূল্যের সমমূল্যের অঙ্ক।
6. অনুরূপভাবে বিক্রেতার নিকট প্রারম্ভিক পণ্য ও ক্রেতার নিকট প্রারম্ভিক পণ্যের জন্য বিপরীত দাখিলা করতে হবে :	Hire-purchase Trading A/c Dr. To Opening Stock	ক্রয়মূল্যে

এই দাখিলাগুলি সম্পন্ন করার পরে Hire-purchase Trading A/c. -এর যে জের থাকবে তাকে মোট লাভ বা লোকসান হিসাবে বিবেচনা করা হবে এবং লাভ-লোকসানের হিসাবে স্থানান্তর করা হবে। Hire-purchase Sales A/c-এর যে জের থাকবে তাকে মেয়াদ অনুত্তীর্ণ কিস্তির পরিমাণ ধরতে হবে। অনুরূপভাবে ক্রেতাগণ মেয়াদপ্রাপ্ত সমস্ত কিস্তির টাকা দিয়ে দিলে Hire-purchase Debtors A/c.-এর যে জের থাকবে তা Hire-purchase Sales A/c-এর জেরের সমান হবে এবং মেয়াদ অনুত্তীর্ণ কিস্তির পরিমাণ হিসাবে বিবেচিত হবে।

উল্লেখ করা যেতে পারে যে একজন বিক্রেতার ভাড়া পদ্ধতিতে বিক্রির সঙ্গে সাধারণ বিক্রি থাকতে পারে। এই ক্ষেত্রে যদি ভাড়া বিক্রির পরিমাণ সাধারণ বিক্রি অপেক্ষা কম হয় তাহলে বিক্রেতার নিকট পণ্য, ক্রেতার নিকট পণ্য এবং ক্রয়ের পরিমাণকে Hire-purchase Trading A/c.-এ হবে এবং সাধারণ বিক্রয়ের ক্রয়মূল্যের সমতুল্য পরিমাণকে General Trading A/c-এ Debit এবং Hire purchase Trading A/c-এ Credit করতে হবে।

ভাড়া পদ্ধতিতে বিক্রির পরিমাণ অপেক্ষা যদি সাধারণ বিক্রির পরিমাণ বেশী হয় তাহলে শুধুমাত্র ক্রেতার নিকট পণ্যকে Hire-purchase Trading A/c-এ দেখানো হবে এবং বিক্রেতার নিকট পণ্য এবং ক্রয়ের পরিমাণকে General Trading A/c -এ দেখানো হবে। ভাড়া পদ্ধতিতে বিক্রীত পণ্যের ক্রয়মূল্যকে Hire-purchase Trading A/c-এ Debit এবং General Trading A/c-এ Credit করা হবে।

(ক) পণ্যের পুনর্দখলের জন্য দাখিলা : পুনর্দখলীকৃত পণ্যের জন্য বিক্রেতার বইতে নিম্নলিখিত অতিরিক্ত জাবেদা দাখিলা করতে হবে।

1. বকেয়া কিস্তির জন্য : Hire-purchase Sales A/c Dr.

To Hire-purchase Debtors A/c

2. সাধারণ বিক্রি না থাকলে বা সাধারণ বিক্রির পরিমাণ ভাড়া বিক্রির পরিমাণ থেকে কম হলে পুনর্দখলীকৃত পণ্যকে Hire-purchase Trading A/c -এ অন্তিম সস্তার হিসাবে প্রদর্শন করতে হবে। সাধারণ বিক্রির পরিমাণ ভাড়া বিক্রির পরিমাণ অপেক্ষা বেশী হলে পুনর্দখলীকৃত পণ্যকে General Trading A/c -এ অন্তিম সস্তার হিসাবে প্রদর্শন করতে হবে। এই ক্ষেত্রে General Trading A/c-কে Debit এবং Hire-purchase Trading A/c-কে Credit করে স্থানান্তর দাখিলা করতে হবে। পুনর্দখলীকৃত পণ্যের মূল্য ক্রয়মূল্যের অধিক হবে না।

(খ) পদ্ধতি : এই পদ্ধতিতে নিম্নলিখিত দাখিলাগুলি করতে হবে :

1. ভাড়া বিক্রির জন্য পণ্য ক্রয়ের জন্য : Shop Stock A/c Dr. (ক্রয়মূল্যে)

To Purchases A/c

2. ভাড়া পদ্ধতিতে বিক্রীত পণ্যের জন্য : (i) Hire-purchase Stock A/c Dr. (বিক্রয় মূল্যে)

To Goods Sold on Hire-purchase A/c

(ii) Goods sold on Hire-purchase A/c Dr. (বিক্রয় মূল্যে)

To Shop Stock A/c (ক্রয়মূল্যে)

To Hire-purchase Adjustment A/c (ভার)

3. মেয়াদ পূর্ণ কিস্তির পরিমাণকে বিক্রি ধরতে হবে। এর জন্য জাবেদা :

Hire-purchase Debtors A/c Dr.
(মেয়াদপূর্ণ কিস্তির পরিমাণ)
To Hire-purchase Stock A/c

4. প্রাপ্ত কিস্তির জন্য :

Cash A/c Dr.
To Hire-purchase Debtors A/c
(প্রাপ্ত কিস্তির পরিমাণ)

5. Hire-purchase Adjustment A/c-মেয়াদ অনুত্তীর্ণ কিস্তির ওপর ভারকে পরবর্তী বৎসরের Stock Reserve A/c -এ স্থানান্তর করতে হবে। এর ফলে Hire-purchase Adjustment A/c-এ যে জের থাকবে তা মোট লাভ বা ক্ষতি হিসাবে বিবেচিত হবে এবং লাভ-লোকসানের হিসাবে স্থানান্তরিত হবে।

6. Shop Stock A/c-এর জের থাকবে তা বিক্রোতার নিকট পণ্য হিসাবে বিবেচিত হবে—একে ক্রয়মূল্যে মূল্যায়ন করা হবে। Hire-purchase Stock A/c-এর জের ক্রেতার নিকট পণ্য হিসাবে বিবেচিত হবে এবং একে বিক্রয়মূল্যে মূল্যায়ন করতে হবে। Hire-purchase Debtors A/c-এর জেরকে বকেয়া কিস্তির পরিমাণ ধরতে হবে।

পণ্যের পুনর্দখলের জন্য দাখিলা : পণ্যের পুনর্দখলের জন্য নিম্নলিখিত অতিরিক্ত জাবেদা দাখিলা করতে হবে :

1. বকেয়া কিস্তির জন্য : Repossessed Goods A/c Dr.
To Hire-purchases Debtors A/c (বকেয়া কিস্তির জন্য)
To Hire-purchases Stock A/c (মেয়াদ অনুত্তীর্ণ কিস্তির জন্য)

2. এই পণ্য পুনর্বিক্রয়ের জন্য : Cash/Bank A/c Dr.
To Repossessed Goods A/c

3. পুনর্দখলীকৃত পণ্য বিক্রি না হলে এর মূল্যায়ন করে Repossessed Goods A/c-এ অস্তিম জের হিসাবে প্রদর্শন করতে হবে। এর ফলে এই হিসাবে কোন অবশিষ্ট জের থাকলে তা পুনর্দখলজনিত লাভ বা লোকসান হিসাবে বিবেচিত হবে এবং লাভ-লোকসানের হিসাবে স্থানান্তরিত হবে।

উদাহরণ 10 : সুলভ ভাণ্ডার ভাড়া ক্রয় পদ্ধতিতে পণ্য বিক্রি করে। 31 শে ডিসেম্বর 2019 বৎসরান্তে সুলভ ভাণ্ডারের বই থেকে নিম্নলিখিত বিবরণগুলি পাওয়া গেল :

Unmatured Instalment :	Rs.
on 1.1.19	32,000
on 31.12.19	40,000
Stock at Shop :	
on 1.1.19	16,000
on 31.12.19	12,000

Goods Sent on Hire-purchase during

the year at $33\frac{1}{3}\%$ profit on cost 1,20,000

নিম্নলিখিত অনুমানসাপেক্ষে প্রস্তুত করতে হবে :

1. কোনও সাধারণ বিক্রি নাই।
2. বিক্রয়মূল্যের ওপর 20% লাভে সাধারণ বিক্রির পরিমাণ 50,000 টাকা।
3. বিক্রয়মূল্যের ওপর 20% লাভে সাধারণ বিক্রির পরিমাণ 2,00,000 টাকা।

সমাধান :

1. যে ক্ষেত্রে সাধারণ বিক্রি নেই :

Hire-purchase Trading A/c

Dr.	for the year ended 31.12.2019		Cr.
Particulars	Amount Rs.	Particulars	Amount Rs.
To Opening Stock :		By H. P. Sales A/c	
At Shop	16,000	(Note 3)	1,12,000
With Customers (Note 1)	24,000	By Closing Stock	
To Purchases (Note 2)	86,000	at Shop	12,000
To Profit and Loss a/c	28,000	With Customers (Note 4)	30,000
(Profit)			
